অ্যাচিভার্স

আগস্ট ২০২১

ACHIEVERS | *Collectors' Handbook of Infotainment*

PRACTICE SETS ON
SSC CGL (Tier-I) Exam.
WBCS Preliminary Exam.
ডব্লিউবিসিএস প্রিলিমিনারী পরীক্ষার কমনযোগ্য প্র্যাকটিশ সেট
WBCS (Main) Exam. Paper-(III-VI)

ডব্লিউবিসিএস প্ল্যানার

- বিদেশ মন্ত্রীর রাশিয়া ও জর্জিয়া সফর
- পশ্চিমবঙ্গের পূর্ণাঙ্গ রাজ্য বাজেট– ২০২১-২২
- কান চলচ্চিত্র উৎসব– ২০২১
- উইম্বলডন টেনিস প্রতিযোগিতা– ২০২১
- ব্যাঙ্ক ও অর্থনীতি বিষয়ক গুরুত্বপূর্ণ তথ্যাবলি

অ্যাচিভার্সের সঙ্গে ১৬ পাতার ফ্রি স্পেশাল সাপ্লিমেন্টারি কপি অবশ্যই সংগ্রহ করুন

— সূচিপত্র —

সাম্প্রতিক খবরের শিরোনাম

বিদেশমন্ত্রীর রাশিয়া সফর

৭-৯ জুলাই বিদেশমন্ত্রী ডঃ এস জয়শংকর রাশিয়া যুক্তরাজ্যে সরকারি সফর করলেন। বিদেশমন্ত্রী তার সফরকালে তার সমতুল্য রাশিয়া যুক্তরাজ্যের বিদেশমন্ত্রী শ্রী সেরগেই লাভরভ-এর সঙ্গে সাক্ষাৎ করলেন। কোভিড-১৯ অতিমারি এবং তৎসহ বিভিন্ন আঞ্চলিক আন্তর্জাতিক বিষয় সহ দ্বিপাক্ষিক বিষয়গুলির একটি সামগ্রিক আলোচনা হয়। বিদেশমন্ত্রী, তার ইন্ডিয়া-রাশিয়া ইন্টার গভর্নমেন্ট কমিশন অন ট্রেড, ইকনমিক, সায়েন্টিফিক, টেকনালেজিক্যাল অ্যান্ড কালচারাল কোঅপারেশন (আইআরআইজিসি-টিইসি) এর সমতুল্য রাশিয়া যুক্তরাজ্যের উপপ্রধানমন্ত্রী, ইউরি বসিসভ-এর সঙ্গে সাক্ষাৎ করলেন। স্টেট ডুমা কমিটি অন ইন্টারন্যাশনাল অ্যাফেয়ারের অধ্যক্ষ লিওনিড স্লাটস্কি-র সঙ্গে একটি মিটিং করেন। ডঃ এস জয়শংকর, মস্কোর মর্যাদাশালী প্রিমাকভ ইন্সটিটিউট অব ওয়ার্ল্ড ইকনমি অ্যান্ড ইন্টারন্যাশনাল রিলেশন-এ 'পরিবর্তিত সময়ে ভারত-রাশিয়া মৈত্রী'-র উপরে একটি বক্তৃতা প্রদান করেন। দুই তরফের ঘনঘন উচ্চস্তরীয় সফরের ধারাবাহিকতার অনুসারী হিসেবে এই সফর অনুষ্ঠিত হল।

রাশিয়ার বিদেশমন্ত্রী ২০২১ সালে নিউ দিল্লি সফর করেছিলেন। এই সফর দুই দেশের বিশেষ এবং সুবিধাযুক্ত কৌশলগত অংশীদারী-কে আরও শক্তিশালী করল।

বিদেশমন্ত্রীর জর্জিয়া সফর

৯-১০ জুলাই বিদেশমন্ত্রী ডঃ এস জয়শংকর, জর্জিয়ার উপপ্রধানমন্ত্রী এবং বিদেশ মন্ত্রী ডেভিড জালকালিহায়ানির আমন্ত্রণে জর্জিয়াতে সরকারি সফর করলেন। এটিই হল স্বাধীন জর্জিয়াতে ভারতের কোনও বিদেশমন্ত্রীর প্রথম সফর। এই সফর চলাকালীন, বিদেশমন্ত্রী তার সমমর্যাদার মন্ত্রীর সঙ্গে দ্বিপাক্ষিক সম্পর্কের বিভিন্ন দিক এবং সেই সহ আঞ্চলিক এবং বিশ্বজনীন স্বার্থের বিভিন্ন বিষয় নিয়ে মত বিনিময় করলেন। এই সফর চলাকালীন তিনি অন্যান্য সম্মানীয় ব্যক্তিদের সঙ্গেও সাক্ষাত করলেন। বিদেশ মন্ত্রী জর্জিয়ার সরকার এবং জনগণের হাতে সেন্ট কুইন কেটেভ্যান-এর পবিত্র স্মৃতিচিহ্ন তুলে দেন। তিনি বিলিসি শহরে সদ্য প্রতিষ্ঠা করা মহা গান্ধীর একটি আবক্ষ মূর্তির পর্দাও উন্মোচন করলেন। এই সফর ভারত এবং জর্জিয়ার মধ্যেকার ঘনিষ্ঠ এবং সৌহার্দ্যপূর্ণ সম্পর্ককে আরও মজবুত করবে।

রাজ্যের উল্লেখযোগ্য খবর

পশ্চিমবঙ্গ পূর্ণাঙ্গ রাজ্য বাজেট ২০২১-২২

৭ জুলাই রাজ্যের শিল্পমন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় ২০২১-২২ অর্থবর্ষে পূর্ণ রাজ্য বাজেট পেশ করলেন। রাজ্যের অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র অসুস্থতার কারণে বাজেট পেশ করেতে পারেননি। পূর্বে এই বছরের ৫ ফেব্রুয়ারি মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায় ২০২১-২২ অর্থবর্ষের অন্তর্বর্তী রাজ্য বাজেট পেশ করেছিলেন। অন্তর্বর্তী রাজ্য বাজেটে মোট ব্যয় ধরা হয়েছিল ২,৯৯,৬৮৭.৮১ কোটি টাকা। ২০২১-২২ এই বাজেটে তা ধরা হয়েছে ৩,০৮,৭২৭ কোটি টাকা। যা ২০২০-২১ অর্থবর্ষে বাজেটে অনুমিত ব্যয়ের থেকে প্রায় ৬২,৯৪৫ কোটি টাকা বেশি। ২০১০-২০১১ অর্থবর্ষে রাজ্যের গ্রস স্টেট ডোমেস্টিক প্রোডাক্ট (GSDP) ছিল ৪,৬০,৯৫৯ কোটি টাকা, সেখানে ২০১৯-২০২০ অর্থবর্ষে GSDP প্রায় ২.৯৪ গুণ বেড়ে দাঁড়িয়েছে ১৩,৫৪,৫১৮ কোটি টাকা। ২০১০-২০১১ সালে মূলধনী ব্যয় ২,২২৫ কোটি টাকা। ২০২০-২১ সালে তা ৭.২ গুণ বৃদ্ধি পেয়ে হয়েছে ১৮,১৭০ কোটি টাকা। সামাজিক ক্ষেত্রে ব্যয় বরাদ্দ ২০১০-২০১১ থেকে ২০২০-২১ এ ১০.১১ গুণ বৃদ্ধি পেয়েছে। অনুরূপভাবে কৃষি ক্ষেত্রে ১০.৫ গুণ এবং পরিকাঠামো উন্নয়ন ক্ষেত্রে ৫.৫৮ গুণ ব্যয় বৃদ্ধি ঘটেছে। অন্যদিকে ২০২০-২১ অর্থবর্ষে জিডিপি ১.২ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

বাজেটের কিছু গুরুত্বপূর্ণ জনকল্যাণমূলক প্রকল্প, যেগুলি হল—

● নতুন কৃষকবন্ধু প্রকল্প :

এই নবতম কৃষকবন্ধু প্রকল্পটি ১৭ই জুন, ২০২১ তারিখে চালু হয়েছে। এই প্রকল্পে কৃষকদের যাদের জমির পরিমাণ ১ একরের বেশি, তাদের যে বার্ষিক ৫,০০০ টাকা করে আর্থিক সহায়তা দেওয়া হত, তা এখন থেকে দ্বিগুণ করে ১০,০০০ টাকা আর্থিক সহায়তা দেওয়া হচ্ছে। এক একর বা তার কম জমির ক্ষুদ্র কৃষকদের এবং ভাগচাষীদের জমির পরিমাণের ভিত্তিতে পূর্বে বার্ষিক ন্যূনতম ২,০০০ টাকা করে আর্থিক সাহায্য করা হত, সেই বার্ষিক আর্থিক সাহায্যের পরিমাণও দ্বিগুণ করে ন্যূনতম ৪,০০০ টাকা করা হয়েছে। এই প্রকল্পে বার্ষিক ৩,৬০০ কোটি টাকা ব্যয় ধরে প্রায় ৬২ লক্ষ কৃষককে সহায়তা দেওয়া হবে। খরিফ মরশুম ও রবি মরশুমের শুরুতে দুটি পর্যায়ে কৃষকদের ব্যাংক অ্যাকাউন্টে সরাসরি এই টাকা দেওয়া হবে। এছাড়াও 'কৃষকবন্ধু' প্রকল্পে ১৮ থেকে ৬০ বছর বয়সসীমার মধ্যে কোনো কৃষকের অকাল প্রয়াণ ঘটলে মৃত ব্যক্তির পরিবারকে ২ লক্ষ টাকা এককালীন অর্থসাহায্য করা হবে।

● স্টুডেন্ট ক্রেডিট কার্ড স্কিম :

ছাত্র-ছাত্রীদের উচ্চশিক্ষার সুবিধার্থে ৩০ জুন, ২০২১ থেকে তাদের জন্য স্টুডেন্ট ক্রেডিট কার্ড স্কিম চালু হল, যার মাধ্যমে নামমাত্র সুদে প্রতি ১০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ দেওয়ার ব্যবস্থা হয়েছে। এই প্রকল্পে ছাত্র-ছাত্রীদের শুধুমাত্র ৪ শতাংশ হারে সুদ দিতে হবে এবং অবশিষ্ট সুদ বাবদ অর্থ ভর্তুকি হিসাবে সরকার বহন করবে। ছাত্র-ছাত্রীদের এই ৪ শতাংশ সুদ পড়াশুনা চলাকালীন দিতে হবে না শুধু নয়, তারা আরও ১ বছর সময় পাবে আয় শুরু হবার জন্য। এছাড়াও এই ঋণের জন্য কোনো অনুরূপ জামিন জমা রাখতে হবে না এবং রাজ্য সরকার এই ঋণের জামিনদার হিসাবে থাকবে। এরফলে সীমিত আর্থিক সামর্থ্যের মধ্যেও ছাত্র-ছাত্রীরা উচ্চশিক্ষার মাধ্যমে জীবনে সফল হওয়ার সুবিধা লাভ করবে।

● দুয়ারে রেশন :

বাড়ির দরজায় রেশন সরবরাহের সুবিধার্থে 'দুয়ারে রেশন' কর্মসূচি ইতিমধ্যেই গৃহীত হয়েছে। পাইলট প্রকল্প হিসাবে বেশকিছু জেলায় তা চালু করা হয়েছে এবং বাকি জেলাগুলিতেও শীঘ্রই চালু করা হবে। এরফলে সাধারণ মানুষের রেশন সংক্রান্ত সমস্যা দূরীভূত হবে।

● লক্ষ্মীর ভাণ্ডার :

রাজ্যের গৃহস্থ মহিলাদের আর্থিক সহায়তা দেওয়ার জন্য 'লক্ষ্মীর ভাণ্ডার' নামক প্রকল্প চালু হবে। এই প্রকল্পে তপশিলি জাতি ও তপশিলি উপজাতিভুক্ত মহিলারা মাসিক ১,০০০ টাকা করে পাবেন এবং তপশিলভুক্ত নন যারা সেই সমস্ত মহিলাদের মাসিক ৫০০ টাকা করে দেওয়া হবে। এই প্রকল্পের প্রধান উদ্দেশ্য হচ্ছে গৃহ মহিলাদের ন্যূনতম আর্থিক সহায়তা প্রদান করা। এই প্রকল্পের টাকা সরাসরি ব্যাংক অ্যাকাউন্টে পৌঁছে যাবে।

প্রধান প্রধান দপ্তরের জন্য প্রস্তাবিত ব্যয়বরাদ্দ :

● কৃষি বিভাগ :

কৃষি বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৯,১২৫ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● কৃষিজ বিপণন বিভাগ :

কৃষিজ বিপণন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৩৯১.৯৩ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● খাদ্য ও সরবরাহ বিভাগ :

খাদ্য ও সরবরাহ বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ১২,২৯৩.১৭ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগ :

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ২২০.৮৯ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● প্রাণীসম্পদ উন্নয়ন বিভাগ :

প্রাণীসম্পদ উন্নয়ন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ১,২২১.৪৩ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● মৎস্য বিভাগ :

মৎস্য বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৪২৬.৫৮ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ :

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ২৩,৯৮৩,২৭

Achluophobia - Fear of darkness

Corbett National Park (1936) Uttarakhand

কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● সেচ ও জলপথ পরিবহণ বিভাগ :
সেচ ও জলপথ পরিবহণ বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৩,৬৪৭.০৩ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগ :
জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ১,৪৬৭.২৯ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● সমবায় বিভাগ :
সমবায় বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৫১৮.৪০ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● বন বিভাগ :
বন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৯০১.৫৯ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ :
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ১৬,৩৬৮.৩৮ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● বিদ্যালয় শিক্ষা বিভাগ :
বিদ্যালয় শিক্ষা বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৩৫,১৭০.৬৭ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● উচ্চশিক্ষা বিভাগ :
উচ্চশিক্ষা বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৫,১৪৩.০৫ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● কারিগরি শিক্ষা, প্রশিক্ষণ এবং দক্ষতা উন্নয়ন বিভাগ :
কারিগরি শিক্ষা, প্রশিক্ষণ এবং দক্ষতা উন্নয়ন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ১,২৮৪.৮০ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● যুবকল্যাণ ও ক্রীড়া বিভাগ :
যুবকল্যাণ ও ক্রীড়া বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৭২৭.৯৭ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগ :
তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৮০৪.৮৩ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● জনশিক্ষাপ্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগ :
জনশিক্ষাপ্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৩৮১.৩৬ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● জনস্বাস্থ্য কারিগরি ও পানীয় জল বিভাগ :
জনস্বাস্থ্য কারিগরি ও পানীয় জল বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৩,৫৭৯.৫৭ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● পরিবহণ বিভাগ :
পরিবহণ বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ১,৭৩৭.০৫ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● পূর্ত বিভাগ :
পূর্ত বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৬,৩৮৩.২৩ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● ভূমি ও ভূমিসংস্কার এবং শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন বিভাগ :
ভূমি, ও ভূমিসংস্কার এবং শরণার্থী ত্রাণ ও পুনর্বাসন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ১,৪১৭.২৮ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● বিদ্যুৎ বিভাগ :
বিদ্যুৎ বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ২,৫৯৮.৫৩ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● পৌর ও নগরান্নয়ন বিভাগ :
পৌর ও নগরান্নোয়ন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ১২,৪৪৬.২২ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● আবাসন বিভাগ :
আবাসন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ২৭০.৩১ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● মহিলা ও শিশুবিকাশ এবং সমাজকল্যাণ বিভাগ :
মহিলা ও শিশুবিকাশ এবং সমাজকল্যাণ বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ১৬,০৪৫.৯৮ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা বিভাগ :
সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৪,৭৭৭.৮২ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● অনগ্রসর শ্রেণিকল্যাণ বিভাগ :
অনগ্রসর শ্রেণিকল্যাণ বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ২,১৭১.৭৮ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● উপজাতি উন্নয়ন বিভাগ :
উপজাতি উন্নয়ন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ১,০৬৮.৩৮ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● শ্রম বিভাগ :
শ্রম বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ১,০৯৩.১৬ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি বিভাগ :
স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৭১২.৮৬ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগ :
উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৭৭৬.৫১ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● সুন্দরবন বিষয়ক বিভাগ :
সুন্দরবন বিষয়ক বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৫৭৩.৫৩ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক বিভাগ :
পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৬৭২.২১ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● স্বরাষ্ট্র ও পার্বত্য বিষয়ক বিভাগ :
স্বরাষ্ট্র ও পার্বত্য বিষয়ক বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ১১,৯৩৮.৯০ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগ :

Acrophobia - Fear of heights

কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ২৭৩.১৫ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● **বিপর্যয় মোকাবিলা এবং অসামরিক প্রতিরক্ষা বিভাগ :**
বিপর্যয় মোকাবিলা এবং অসামরিক প্রতিরক্ষা বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ২,১০৫.৫০ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● **অগ্নিনির্বাপণ ও জরুরি পরিষেবা বিভাগ :**
অগ্নিনির্বাপণ ও জরুরি পরিষেবা বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৪৩৫.৩৩ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● **সংশোধন প্রশাসন বিভাগ :**
সংশোধন প্রশাসন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৩৩৭.৩৪ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● **ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্পোদ্যোগ ও বস্ত্র বিভাগ :**
ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্পোদ্যোগ ও বস্ত্র বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ১,১৪৪.৭৭ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● **শিল্প, বাণিজ্য ও শিল্পোদ্যোগ বিভাগ :**
শিল্প, বাণিজ্য ও শিল্পোদ্যোগ বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ১,২৯১.৯১ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● **সরকারি উদ্যোগ ও শিল্পপুনর্গঠন বিভাগ :**
সরকারি উদ্যোগ ও শিল্পপুনর্গঠন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৭১.০৭ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● **পর্যটন বিভাগ :**
পর্যটন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৪৫৭.৩৮ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● **তথ্যপ্রযুক্তি ও বৈদ্যুতিন বিভাগ :**
তথ্যপ্রযুক্তি ও বৈদ্যুতিন বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ১৮৩.৫১ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● **উপভোক্তা বিষয়ক বিভাগ :**
উপভোক্তা বিষয়ক বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ১১৪.১৫ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● **পরিবেশ বিভাগ :**
পরিবেশ বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৯৭.৪৬ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● **অ-প্রচলিত ও পুনর্নবীকরণ শক্তি উৎস বিভাগ :**
অ-প্রচলিত ও পুনর্নবীকরণ শক্তি উৎস বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৭৪.৩১ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

● **বিজ্ঞান ও প্রযুক্তি এবং জৈব প্রযুক্তি বিভাগ :**
বিজ্ঞান ও প্রযুক্তি এবং জৈব প্রযুক্তি বিভাগের জন্য আগামী অর্থবর্ষে ৭০.১১ কোটি টাকা ব্যয়বরাদ্দ করা হয়েছে।

আর্থিক ও কর নীতির সংস্কার :

● **পণ্য ও পরিষেবা কর**
GST কাউন্সিলের অনুমোদিত সংশোধনগুলি কেন্দ্র এবং রাজ্য উভয়কেই চালু করতে হয়। GST কাউন্সিলের অনুমোদিত সেইরকম ১৪টি সংশোধনী ফিন্যান্স বিলের মাধ্যমে প্রস্তাবিত করা হল।

● **পরিবহণক্ষেত্রে রোড ট্যাক্সে ছাড়**
কোভিড মহামারীর কারণে পরিবহণক্ষেত্রে যে অর্থনৈতিক বিপর্যয় দেখা দিয়েছে, সে কথা চিন্তা করে রাজ্য সরকার রোড ট্যাক্স এবং অতিরিক্ত ট্যাক্স ১লা জানুয়ারি, ২০২১ থেকে ৩০শে জুন, ২০২১ অবধি ছাড় দেওয়ার ব্যবস্থা করেছিল।
সেই পরিস্থিতির বিশেষ পরিবর্তন না হওয়ায় এবং এখনও পরিবহণ ক্ষেত্রে আর্থিক বিপর্যয়ের ধাক্কা না কাটিয়ে ওঠায়, রোড ট্যাক্স এবং অতিরিক্ত ট্যাক্স, ১লা জুলাই, ২০২১ থেকে ৩১শে ডিসেম্বর, ২০২১ অবধি মকুব করা হল।

● **স্ট্যাম্প ডিউটির হারে বিশেষ ছাড়**
রিয়েল এস্টেট সেক্টরও বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে, এই পরিস্থিতিতে আমাদের রাজ্য সরকার জমি/বাড়ি/ফ্ল্যাট ক্রয়-বিক্রয়/লিজ প্রভৃতি দলিলের রেজিস্ট্রেশনের জন্য প্রদেয় স্ট্যাম্প ডিউটিতে কিছুটা ছাড় প্রদান করল।
বর্তমানে প্রযোজ্য স্ট্যাম্প ডিউটির হার ২ শতাংশ করে কমানো হল।
এছাড়াও সব ধরনের দলিল রেজিস্ট্রেশনের ক্ষেত্রে বাজারদর (Circle Rate) ১০ শতাংশ হ্রাস করা হল।
৩০ অক্টোবর, ২০২১-এর মধ্যে দলিল রেজিস্ট্রেশন সম্পূর্ণ করলে এই দুটি সুবিধাই পাওয়া যাবে।

২০২১-২২ অর্থবর্ষে প্রস্তাবিত বরাদ্দ (কোটি টাকায়)

দপ্তর	বরাদ্দ	দপ্তর	বরাদ্দ
■ কৃষি	৯,১২৫	■ সেচ ও জলপথ	৩,৬৪৭.০৩
■ কৃষিজ বিপণন	৩৯১.৯৩	■ বন	৯০১.৫৯
■ খাদ্য ও খাদ্য সরবরাহ	১২,২৯৩.১৭	■ জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন	১,৪৬৭.২৯
■ খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যানপালন	২২০.৮৯	■ সমবায়	৫১৮.৪০
■ প্রাণী সম্পদ উন্নয়ন	১,২২১.৪৩	■ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ	১৬,৩৬৮.৩৮
■ মৎস্য সম্পদ	৪২৬.৫৮	■ বিদ্যালয় শিক্ষা	৩৫,১৭০.৬৭
■ পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন	২৩,৯৮৩.২৭	■ উচ্চশিক্ষা	৫,১৪৩.০৫

Tadoba National Park (1955) Maharashtra

দপ্তর	বরাদ্দ
■ কারিগরি শিক্ষা, প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন	১,২৮৪.৮০
■ ক্রীড়া ও যুবকল্যাণ	৭২৭.৯৭
■ তথ্য ও সংস্কৃতি	৮০৪.৮৩
■ স্বরাষ্ট্র ও পার্বত্য বিষয়ক	১১,৯৩৮.৯০
■ কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার	২৭৩.১৫
■ বিপর্যয় মোকাবিলা ও অসামরিক প্রতিরক্ষা	১২০৫.৫০
■ অগ্নি নির্বাপন ও পরিষেবা	৪৩৫.৩৩
■ সংশোধন প্রশাসন	৩৩৭.৩৪
■ জনস্বাস্থ্য কারিগরি ও পানীয় জল	৩,৫৭৯.৫৭
■ পরিবহণ	১,৭৩৭.০৫
■ পূর্ত	৬,৩৮৩.২৩
■ ভূমি ও ভূমি সংস্কার এবং পুনর্বাসন	১,৪১৭.২৮
■ বিদ্যুৎ সরবরাহ	২,৫৯৮.৫৩
■ নগরোন্নয়ন ও পৌর বিষয়ক	১২,৪৪৬.২২
■ উপভোক্তা বিষয়ক	১১৪.১৫
■ মহিলা ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ	১৬,০৪৮.৯৫
■ সংখ্যালঘু বিষয়ক, মাদ্রাসা শিক্ষা	৪,৭৭৭.৮২

দপ্তর	বরাদ্দ
■ অনগ্রসর শ্রেণির কল্যাণ	২,১৭১.৭৮
■ উপজাতি উন্নয়ন	১,০৬৮.৩৮
■ স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্ত	৭১২.৮৬
■ উত্তরবঙ্গ উন্নয়ন	৭৭৬.৫১
■ সুন্দরবন বিষয়ক	৫৭৩.৫৩
■ পশ্চিমাঞ্চল উন্নয়ন	৬৭২.২১
■ ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্পোদ্যোগ এবং বস্ত্র	১,১৪৪.৭৭
■ শিল্প, বাণিজ্য ও শিল্পোদ্যোগ	১,২৯১.৯১
■ পর্যটন	৪৫৭.৩৮
■ তথ্যপ্রযুক্তি ও বৈদ্যুতিন	১৮৩.৫১
■ বিজ্ঞান ও প্রযুক্তি এবং জৈব প্রযুক্তি	৭০.১১
■ অ-প্রচলিত ও পুনর্নবীকরণ শক্তি উৎস	৭৪.৩১
■ পরিবেশ	৯৭.৪৬
■ সরকারি উদ্যোগ ও শিল্পপুনর্গঠন	৭১.০৭
■ শ্রম	১,০৯৩.১৬
■ আবাসন	২৭০.৩১
■ জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা	৩৮১.৩৬

প্রকাশিত হল মাধ্যমিকের ফল

প্রকাশিত হল মাধ্যমিকের ফল এবছর মোট ছাত্রছাত্রীর সংখ্যা ছিল ১০ লক্ষ ৭৯ হাজার ৭৪৯ জন। গত বছর পাশের হার ছিল ৮৬.৩৪ শতাংশ আর সর্বকালীন রেকর্ড গড়ে এবছর পাশের হার ১০০ শতাংশ। এবছর মাধ্যমিকে সর্বোচ্চ নম্বর ৬৯৭। ৭৯ জন পড়ুয়া ৬৯৭ পেয়েছে। মধ্যশিক্ষা পর্ষদ সূত্রে খবর, প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছেন ৯০ শতাংশ পরীক্ষার্থী। অর্থাৎ প্রায় সাড়ে নয় লক্ষ পড়ুয়া প্রথম বিভাগে পাশ করেছে। পর্ষদ সূত্রে খবর, প্রথম দশে প্রায় হাজার ছাত্রছাত্রীর নাম রয়েছে। ছাত্র সংখ্যা ৪ লক্ষ ৬৫ হাজার ৮৫০ এবং ছাত্রী সংখ্যা ৬ লক্ষ ১৩ হাজার ৮৪৯। এ বছর ছাত্রের তুলনায় ছাত্রীর সংখ্যা ছিল দেড় লক্ষের বেশি। পর্ষদের তরফে জানানো হয়েছে, ফলে সন্তুষ্ট না হলে পরীক্ষায় বসার সুযোগ রয়েছে। করোনা আবহে বাতিল হয়ে গিয়েছিল চলতি বছরের মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষা। ইতিমধ্যেই প্রকাশিত হয়েছে বিকল্প নম্বর-বিধি। নবম শ্রেণির বার্ষিক পরীক্ষা ও দশম শ্রেণির অভ্যন্তরীণ মূল্যায়নের ওপর ভিত্তি করে তৈরি হয়েছে এ বছরের মাধ্যমিকের মার্কশিট। এবছর কোনও মেধাতালিকা প্রকাশ হয় নি।

প্রকাশিত হল উচ্চ মাধ্যমিকের ফল

প্রকাশিত হল উচ্চ মাধ্যমিকের ফল। করোনা পর্বে সংক্রমণের আতঙ্কে পরীক্ষা নেওয়া সম্ভব হয়নি। কিন্তু সময়ও যে থমকে নেই। তাই মাধ্যমিক, একাদশ এবং অভ্যন্তরীণ মূল্যায়নের ফর্মুলায় ছাত্রছাত্রীদের ভাগ্য নির্ধারিত হল। ৫০০ নম্বরের মধ্যে ৪৯৯ পেয়ে শীর্ষস্থান অর্জন করলেন মুর্শিদাবাদের কান্দির রুমানা সুলতানা। রুমানা এককভাবে এই কৃতিত্বের অধিকারী। মুর্শিদাবাদের মেধাবী এই ছাত্রীই মাধ্যমিকে পঞ্চম স্থান অধিকার করেছিল। সার্বিকভাবে উচ্চ মাধ্যমিকে পাশের হার এবার ৯৭.৬৯ শতাংশ। সংসদের তথ্য বলছে, ৪৯৯ থেকে ৪৯০ পর্যন্ত মোট ৮৬ জন ছাত্রছাত্রী রয়েছেন। তার মধ্যে ছাত্রীর সংখ্যাই ৩২ জন। এ বছর মোট নথিভুক্ত পরীক্ষার্থী ছিলেন ৮ লক্ষ ১৯ হাজার ২০২ জন। পাশ করেছেন ৭ লক্ষ ৯৯ হাজার ৮৮ জন। পাশের হারে ছাত্র এবং ছাত্রীরা প্রায় সমান। সব জেলাতেই পাশের হার ৯০ শতাংশ বা তার বেশি। তবে পাশের হারে প্রথম তিনে রয়েছে যথাক্রমে বীরভূম (৯৮.৫৬ শতাংশ), আলিপুরদুয়ার (৯৮.৪৪ শতাংশ) এবং মালদহ (৯৮.৩২ শতাংশ) জেলা। পাশের হারে কলকাতা (৯৬.৮১ শতাংশ) রয়েছে ২১তম স্থানে। কলকাতার নীচে রয়েছে শুধুমাত্র ঝাড়গ্রাম এবং কালিম্পং। গোটা রাজ্যে কলা বিভাগে ৯৭.৩৯ শতাংশ, বিজ্ঞানে ৯৯.২৮ শতাংশ এবং বাণিজ্য বিভাগে ৯৯.০৮ শতাংশ ছাত্রছাত্রী পাশ করেছেন। এ বছর পরীক্ষা না হওয়ায় মাধ্যমিকে প্রাপ্ত নম্বর, একাদশের বার্ষিক পরীক্ষার প্রাপ্ত নম্বর এবং অভ্যন্তরীণ মূল্যায়নের নম্বরে পৃথক পৃথকভাবে গুরুত্ব দিয়ে তৈরি করা হয়েছে উচ্চ মাধ্যমিকের ফল। তাই মাধ্যমিক বা একাদশে যেমন ফল হয়েছে, তারই প্রতিফলন দেখা গিয়েছে উচ্চ মাধ্যমিকেও। উচ্চমাধ্যমিকের এই ফলাফলে কিছু ছাত্রছাত্রীর ক্ষোভ লক্ষ করা গেছে।

Algophobia - Fear of pain

দেশ ও বিদেশের উল্লেখযোগ্য খবর

সম্প্রতি সংঘটিত দেশ ও বিদেশের গুরুত্বপূর্ণ ঘটনার খবর আলাদা আলাদাভাবে এই অংশে উপস্থাপিত করা হল। এতে পাঠককুল দেশ ও বিদেশের সমস্ত গুরুত্বপূর্ণ খবর একসঙ্গে জানতে পারবেন এবং মনে রাখতে খুব সুবিধা হবে।

প্রকল্প/অ্যাপ/পোর্টাল/পরিষেবা

পাঞ্জাবের 'Khedo Punjab' মোবাইল অ্যাপ

পাঞ্জাব সরকারের ক্রীড়া এবং যুবকল্যাণ মন্ত্রী রানা গুরমিত সিং সোডি সূচনা করলেন 'Khedo Punjab' মোবাল অ্যাপের। এই অ্যাপের মাধ্যমে ক্রীড়া দপ্তর এবং রাজ্যের সমস্ত ক্রীড়াবিদকে ডিজিটাল প্ল্যাটফর্মে পাওয়া যাবে। এটি প্রথম অ্যাপ যার সূচনা পাঞ্জাবের ক্রীড়া দপ্তর করল।

ICMED 13485 PLUS Scheme

কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্প মন্ত্রকের অধীনস্থ সংস্থা কোয়ালিটি কাউন্সিল অফ ইন্ডিয়ার তরফ থেকে সূচনা করা হল Indian Certification of Medical Devices 13485 PLUS Scheme বা ICMED 13485 PLUS Scheme এর। এই প্রকল্পের মাধ্যমে ভারতের চিকিৎসা সংক্রান্ত যন্ত্রপাতির গুণমান, নিরাপত্তা এবং কার্যকারিতার গ্রহণযোগ্যতা যাচাই করা হবে। এটি ২০১৬ সালে সূচনা করা ICMED Scheme এর আপগ্রেডেড ভার্সন।

'JaanHaiToJahaanHai' অভিযান

কেন্দ্রীয় সংখ্যালঘু উন্নয়ন মন্ত্রী মুক্তার আব্বাস নকভি দেশজুড়ে সূচনা করলেন 'JaanHaiToJahaanHai' অভিযানের। এই অভিযানের মূল লক্ষ্য হল দেশের গ্রামীণ ও দূরবর্তী অঞ্চলে কোভিড-১৯ টীকাকরণ বিষয়ে সচেতনতা গড়ে তোলা। উত্তরপ্রদেশের রামপুরের চামরাহুর প্রাইমারি হেলথ সেন্টারে এই অভিযানের সূচনা করা হল।

দিল্লি সরকারের 'Mukhyamantri COVID-19 Pariwar Aarthik Sahayata Yojana'

দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিবাল ঘোষণা করলেন 'Mukhyamantri COVID-19 Pariwar Aarthik Sahayata Yojana' এর। এই যোজনার মাধ্যমে কোভিড-১৯ অতিমারির শিকার হওয়া পরিবারকে আর্থিক সহায়তা প্রদান করা হবে

এলআইসি এর 'e-PGS' ওয়েব পোর্টাল

লাইফ ইন্সিয়োরেন্স কর্পোরেশনের তরফ থেকে সূচনা করা হল 'e-PGS' ওয়েব পোর্টালের। নিজেদের গ্রুপ ব্যবসা কার্যক্রমকে আইটি প্ল্যাটফর্মের মাধ্যমে ওয়েব সক্ষম করতে এই পোর্টাল চালু করা হল।

'Itat e-dwar' পোর্টাল

সদ্য প্রাক্তন কেন্দ্রীয় আইন ও বিচার মন্ত্রী রবি শঙ্কর প্রসাদ সূচনা করলেন 'Itat e-dwar' পোর্টালের। এটি ইনকাম ট্যাক্স অ্যাফেলেট ট্রাইবুনালের ই-ফিলিং পোর্টাল।

'Nasha Mukt Bharat Abhiyaan' এর ওয়েবসাইট

২৬ জুন ইন্টারন্যাশনাল ডে এগেইনস্ট ড্রাগ অ্যাবুউস অ্যান্ড ইলিসিট ট্রাফিকিং উপলক্ষ্যে তৎকালীন কেন্দ্রীয় সামাজিক বিচার এবং কর্মসংস্থান মন্ত্রী থেওয়রচাঁদ গেহলট সূচনা করলেন 'Nasha Mukt Bharat Abhiyaan' প্রকল্পের ওয়েবসাইটের। এই ওয়েবসাইটে 'Nasha Mukt Bharat Abhiyaan' এর সম্পূর্ণ তথ্য এবং কার্যকলাপ পাওয়া যাবে।

বিচার দপ্তরের 'Enforcing Contracts Portal'

২৮ জুন বিচার দপ্তরের সচিব বরুণ মিত্র সূচনা করলেন 'Enforcing Contracts Portal' এর। ভারতে ইজ অফ ডুয়িং বিজনেসের উন্নতি সাধনের জন্য এই পোর্টাল চালু করা হল।

'Atmanirbhar Krishi app'

ভারত সরকারের প্রধান বৈজ্ঞানিক উপদেষ্টা অফিস থেকে KisanMitr উদ্যোগের অধীনে চালু করা হল 'Atmanirbhar Krishi app'। এই অ্যাপের মাধ্যমে কৃষকদের ক্রিয়াশীল কৃষি অন্তদৃষ্টি দিয়ে সজ্জিত করা এবং আবহাওয়ার পূর্ব সতর্কতা সরবরাহ করা।

হরিয়ানা সরকারের 'Jan Sahayak-Aapka Sahayak' অ্যাপ এবং 'DSM AC Scheme'

৩০ জুন হরিয়ানার মুখ্যমন্ত্রী মনোহরলাল খট্টর চন্ডীগড়ে সূচনা করলেন 'Jan Sahayak-Aapka Sahayak' অ্যাপের। একটি ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে সরকার দ্বারা নাগরিককে এবং বাণিজ্যের মাধ্যমে নাগরিককে যেকোনো পরিষেবা যে কোনো সময় যে কোনো জায়গায় প্রদান করা হবে। অন্যদিকে হরিয়ানার শক্তিমন্ত্রী রঞ্জিত সিং চৌতালা সূচনা করলেন 'Demand Side Management-AC Scheme' বা 'DSM AC Scheme' এর। এই প্রকল্পের মাধ্যমে রাজ্যের গ্রামীণ ও নগরের গার্হস্থ্য গ্রাহকদের জন্য শক্তি সংরক্ষণের প্রচার করা হবে।

খাদি অ্যান্ড ভিলেজ ইন্ডাস্ট্রিজ কমিশনের প্রোজেক্ট 'BOLD'

৪ জুলাই খাদি অ্যান্ড ভিলেজ ইন্ডাস্ট্রিজ কমিশন রাজস্থানের উদয়পুরের আদিবাসী গ্রাম নিচলা মান্ড্যতে সূচনা করল প্রোজেক্ট 'BOLD' বা 'Bamboo Oasis on Lands in Draught' এর। দেশের মধ্যে এই ধরনের প্রোজেক্ট প্রথম। রাজস্থানে বাঁশ ভিত্তিক অর্থনীতি এবং

Agoraphobia - Fear of open spaces or crowds

Madhav National Park (1959) Madhya Pradesh

উপজাতিদের আয় বৃদ্ধির উদ্দেশ্যে এই প্রোজেক্ট চালু করা হল। স্বাধীনতার ৭৫ বছর উপলক্ষ্যে 'Azadi Ka Amrit Mahotsav' এর অংশ 'Khadi Bamboo Festival' এর মাধ্যমে এই প্রোজেক্টের সূচনা করা হল।

জম্মু ও কাশ্মীরের 'Hausla' প্রকল্প

জম্মু ও কাশ্মীরের লেফটেন্যান্ট গভর্নর মনোজ সিন্হা সূচনা করলেন 'Hausla' প্রকল্পের। মহিলা উদ্যোক্তাদের প্রচারের জন্য এই প্রকল্প চালু করা হল।

জম্মু ও কাশ্মীরের স্টেট ডিজাস্টার রেসপন্স ফোর্সের 'Sukoon' হেল্পলাইন

জম্মু ও কাশ্মীরের স্টেট ডিজাস্টার রেসপন্স ফোর্সের মাধ্যমে উদ্বোধন করা হল 'Sukoon' হেল্পলাইনের। এই হেল্পলাইনের মাধ্যমে আত্মহত্যার প্রবণতা রোধ করা হবে। ২৪×৭ এই মানসিক স্বাস্থ্য সংক্রান্ত হেল্পলাইনটি হল ১৮০০-১৮০৭১৫৯।

NIPUN Bharat প্রোগ্রাম

সদ্য প্রাক্তন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী রমেশ পোখরিয়াল নিশাঙ্ক সূচনা করলেন NIPUN Bharat প্রোগ্রাম বা 'National Initiative for Proficiency in Reading with Understanding and Numeracy' প্রোগ্রাম। এই প্রোগ্রামের মূল লক্ষ্য হল ২০২৬-২৭ সালের মধ্যে দেশের সমস্ত শিশুকে বুনিয়াদি শিক্ষা প্রদান করা।

আয়ুশ মন্ত্রকের পাঁচটি পোর্টাল

সদ্য প্রাক্তন আয়ুশ মন্ত্রী তথা বর্তমান আইন ও সামাজিক বিচার মন্ত্রী সূচনা করলেন আয়ুশ মন্ত্রকের পাঁচটি পোর্টালের। পোর্টালগুলি হল CTRI, SHAHI, e-Medha, AMAR এবং CCRS রিসার্চ ম্যানেজমেন্ট ইনফর্মেশন সিস্টেম।

CTRI : এই পোর্টালের পুরো কথা হল Clinical Trials Registry India। এই পোর্টালের মাধ্যমে আয়ুর্বেদের মাধ্যমে আয়ুর্বেদের পরিভাষা ব্যবহার করে ক্লিনিক্যাল স্টাডি সংক্রান্ত তথ্যের রেকর্ড রাখা হবে এবং সর্বসাধারণকে আয়ুর্বেদের ক্লিনিক্যাল ট্রায়াল সংক্রান্ত তথ্য জানানো হবে।

SHAHI : এই পোর্টালের পুরো নাম হল Showcase of Ayurveda Historical Imprints. এই পোর্টালের মাধ্যমে স্বদেশীয় স্বাস্থ্য সুরক্ষা অভ্যাস ইন্ডিয়ান নলেজ সিস্টেমের মাধ্যমে সকল জনগণকে সরবরাহ করা হবে।

e-Medha : এই পোর্টালের পুরো নাম হল electronic Medical Heritage Accession. এই পোর্টালের মাধ্যমে ভারতীয় চিকিৎসা ঐতিহ্য সংক্রান্ত ১২,০০০ এর বেশি বই অনলাইনে অ্যাক্সেস করা যাবে।

AMAR : এই পোর্টালের পুরো নাম হল Ayush Manuscripts Advanced Repository। ইহা আয়ুর্বেদ, যোগা, ইউনানি, সিদ্ধা এবং সোয়ারিগপা সংক্রান্ত পাণ্ডুলিপি এবং ক্যাটালগের ভাণ্ডার।

CCRAS – রিসার্চ ম্যানেজমেন্ট ইনফর্মেশন সিস্টেম : আইসিএমআর এবং সিসিআরএএসের যৌথ উদ্যোগে এই পোর্টাল চালু করা হল। ইহা আয়ুর্বেদ সংক্রান্ত শিক্ষার গবেষণা ও উন্নতির ওয়ান স্টপ সলিউশন। এছাড়া এই পোর্টালের মাধ্যমে অভিজ্ঞ বিজ্ঞানী, আয়ুর্বেদের ক্লিনিসিয়ানরা বিনামূল্যে গবেষণা নির্দেশিকা প্রদান করবে।

'ICAI BOS' মোবাইল অ্যাপ

১ জুলাই ইনস্টিটিউট অফ চার্টার্ড অ্যাকাউন্ট অফ ইন্ডিয়ার তরফ থেকে চার্টার্ড অ্যাকাউন্ট ডে উপলক্ষ্যে সূচনা করা হল মোবাইল অ্যাপ 'ICAI BOS' এর। এই অ্যাপের মাধ্যমে ছাত্ররা চার্টার্ড অ্যাকাউন্ট সংক্রান্ত তথ্য পেয়ে যাবে।

জল চাষীদের জন্য 'Matsya Setu' অ্যাপ

সদ্য প্রাক্তন কেন্দ্রীয় মৎস্য, পশুপালন এবং দুগ্ধ মন্ত্রী তথা বর্তমান কেন্দ্রীয় গ্রামোন্নয়ন এবং পঞ্চায়েতীরাজ মন্ত্রী গিরিরাজ সিং জল চাষীদের জন্য সূচনা করলেন 'Matsya Setu' অ্যাপের। দেশের জল চাষীদের সর্বশেষ স্বাদুজলের অ্যাকুয়াকালচার প্রযুক্তি ব্যবহারে উৎসাহ প্রদান করতে এবং পুরো দেশে তা ছড়িয়ে দিতে এই অ্যাপ চালু করা হল।

জম্মু ও কাশ্মীরের LGSDF প্রোগ্রাম

জম্মু ও কাশ্মীরের লেফটেন্যান্ট গভর্নর মনোজ সিন্হা সূচনা করলেন 'Lieatenant Governor's Sustainable Development Fellowship বা LGSDF প্রোগ্রামের। ইঞ্জিনিয়ারিং ম্যানেজমেন্ট এবং অন্যান্য স্নাতক ছাত্রদের জন্য এই প্রোগ্রাম চালু করা হল।

জম্মু ও কাশ্মীরের বিদ্যুৎ পরিদর্শন শাখার নতুন পোর্টাল

জম্মু ও কাশ্মীরের লেফটেন্যান্ট গভর্নর মনোজ সিন্হা সূচনা করলেন কেন্দ্রশাসিত অঞ্চলের বিদ্যুৎ পরিদর্শন শাখার নতুন পোর্টালের। এই পোর্টাল চালুর মূল উদ্দেশ্য হল সাধারণ মানুষের জন্য বিদ্যুৎ পরিদর্শন প্রক্রিয়া সুবিধাজনক করে তোলা।

কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রকের ওয়েব-বেসড ইনট্রিগ্রেটেড সিস্টেম SPARSH

কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং এর নেতৃত্বাধীন প্রতিরক্ষামন্ত্রকের তরফ থেকে সূচনা করা হল SPARSH বা System for Pension Administration নামক ওয়েব-বেসড ইনট্রিগ্রেটেড সিস্টেমের। প্রতিরক্ষা পেনশনের স্বাশাসিত অনুমোদন ও বিতরণের জন্য এটি চালু করা হল।

অসম সরকারের 'Chief Minister's COVID-19 Widows Support Scheme'

অসমের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা সূচনা করলেন 'Chief Minister's COVID-19 Widows Support Scheme' এর। এই প্রকল্পের মাধ্যমে কোভিড-১৯ অতিমারীর কারণে বিধবা হওয়া মহিলাদের সামাজিক এবং অর্থনৈতিক সুরক্ষা প্রদান করা হবে। এই প্রকল্পের মাধ্যমে সেই সমস্ত বিধবা মহিলাদের সহায়তা করা হবে যাদের বাৎসরিক আয়

Aichmophobia - Fear of needles

৫ লক্ষের কম এবং তাদের এককালীন ২.৫ লক্ষ টাকা সহায়তা করা হবে।

'mySrinagar' মোবাইল অ্যাপ

জম্মু ও কাশ্মীরের লেফটেন্যান্ট গভর্নর মনোজ সিন্হা সূচনা করলেন 'mySrinagar' মোবাইল অ্যাপের। এই অ্যাপের মাধ্যমে কেন্দ্রশাসিত অঞ্চলের বাসিন্দা এবং পর্যটকরা অনলাইন ও অফলাইন উভয় মাধ্যমেই বিভিন্ন দপ্তরের ই-পরিষেবা এবং পর্যটন সংক্রান্ত তথ্য পেয়ে থাকবে।

রেল সম্পত্তি পরিচালনার জন্য iDREAMS ব্যবস্থা

ন্যাশনাল ক্যাপিটাল রিজিয়ন ট্রান্সপোর্ট কর্পোরেশনের তরফ থেকে ঘোষণা করা হল iDREAMS বা Integrated Real-time Enterprise Asset Management System এর। এই ব্যবস্থা চালুর মূল উদ্দেশ্য হল ভারতীয় রেলের সমস্ত সম্পত্তি ডিজিটাল মাধ্যমে পরিচালনা করা।

কর্ণাটক সরকারের 'Electric Bike Taxi Scheme 2021'

কর্ণাটকের মুখ্যমন্ত্রী বি এস ইয়েদুরাপ্পা সূচনা করলেন 'Electric Bike Taxi Scheme 2021' এর। এই প্রকল্প সূচনা করার মূল উদ্দেশ্য হল রাজ্যের শুরু ও অন্তিম যোগাযোগ উন্নততর করা, কার্বন নিঃসরণ হ্রাস করা এবং যুবকদের স্ব-কর্মসংস্থানের সুযোগ তৈরি করা।

COVID Teeka Song Surakshit Van, Dhan our Uddyam' অভিযান

কেন্দ্রীয় অধিবাসী উন্নয়ন মন্ত্রী অর্জুন মুন্ডা সূচনা করলেন 'COVID Teeka Song Surakshit Van, Dhan our Uddyam' অভিযানের। দেশের অধিবাসী সম্প্রদায়ের মানুষের মধ্যে কোভিড-১৯ টীকাকরণের গতি বৃদ্ধি করতে এই অভিযানের সূচনা করা হল।

মেঘালয়ের Pensioners Life Certification Verification মোবাইল অ্যাপ

মেঘালয়ের মুখ্যমন্ত্রী কনরাড সংমা সূচনা করলেন Pensioners Life Certification Verification মোবাইল অ্যাপ। এই অ্যাপে মুখমণ্ডল শনাক্তকরণের ব্যবস্থা রয়েছে। এই অ্যাপের সাহায্যে মেঘালয়ের পেনশন গ্রাহকরা লাইফ সার্টিফিকেট সংগ্রহ করতে পারবেন।

ডিজিটাল প্ল্যাটফর্ম 'Kisan Sarathi'

কেন্দ্রীয় কৃষি ও কৃষক উন্নয়ন মন্ত্রী নরেন্দ্র সিং তোমর এবং কেন্দ্রীয় ইলেকট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব যৌথভাবে সূচনা করলেন ডিজিটাল প্ল্যাটফর্ম 'Kisan Sarathi' এর। কৃষকদের যেকোনো সময় যেকোনো তথ্য তাদের ভাষায় প্রদান করা হবে এই প্ল্যাটফর্মের মাধ্যমে।

CPGRAMS App

১৫ জুলাই কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং সূচনা করলেন কৃত্রিম বুদ্ধিমত্তা সম্পন্ন CPGRAMS (Ccentralized Public Grievance Redress and Monitoring System) App। এই অ্যাপ প্রতিরক্ষা মন্ত্রক এবং আইআইটি কানপুর যৌথভাবে নির্মাণ করেছে।

ICCR এর ভার্চুয়াল প্ল্যাটফর্ম 'Kala Vishwa'

ইন্ডিয়ান কাউন্সিল ফর কালচারাল রিলেশন বা ICCR এর তরফ থেকে সূচনা করা হল ভার্চুয়াল প্ল্যাটফর্ম 'Kala Vishwa' এর। প্রথাগত লোক অভিনেতা এবং স্থানীয় অভিনেতাদের কাছে পৌঁছানোর জন্য এই প্ল্যাটফর্ম চালু করা হল।

রাজস্থানের 'Raj Kisan Organic' মোবাইল অ্যাপ

১৮ জুলাই রাজস্থানের কৃষি মন্ত্রী লালচাঁদ কাটারিয়া সূচনা করলেন 'Raj Kisan Organic' মোবাইল অ্যাপের। এই অ্যাপের মাধ্যমে কৃষকরা রাজ্যে জৈব দ্রব্য বিক্রয় করতে পারবে এবং ক্রেতারা ক্রয় করতে পারবে।

হিমাচল প্রদেশ সরকারের 'Digital Saathi Baccho Ka Sahara, Phone Hamara' উদ্যোগ

হিমাচল প্রদেশ সরকারের তরফ থেকে সূচনা করা হল 'Digital Saathi Baccho Ka Sahara, Phone Hamara' উদ্যোগ। এই উদ্যোগ ভারতে প্রথম যার মাধ্যমে অনলাইনে পড়াশোনার জন্য ফোন দান করা হবে। বলিউড অভিনেত্রী ইয়ামি গৌতম ধর এই উদ্যোগে হিমালচল প্রদেশ সরকারের সহযোগী হলেন।

সামিট/বৈঠক/অধিবেশন/উৎসব/সম্মেলন

G-20 Education Ministers এবং Labour & Employment Meet-2021

ইতালির ক্যাটানিয়ায় ইতালির সভাপতিত্বে অনুষ্ঠিত হল G-20 Education Ministers এবং Labour & Employment Meet-2021। ২০২১ সালের অক্টোবর মাসে অনুষ্ঠিত হতে চলা G-20 Leaders Summit-2021 এর অংশ হিসাবে এটি অনুষ্ঠিত হল। ভারতের তরফ থেকে এই দুই বৈঠকে উপস্থিত ছিলেন সদ্য প্রাক্তন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সঞ্জয় ধোত্রে। এই দুই বৈঠকের সভাপতিত্ব করেন ইতালির জনশিক্ষা মন্ত্রী প্যাট্রিজিও বিয়াঞ্চি। Education Ministers Meet 2021 এ নেত্রীবৃন্দরা অর্থনৈতিক বৃদ্ধি, ন্যায়, সমতা, মানুষের মর্যাদা, সামাজিক অন্তর্ভুক্তি এবং ভালভাবে জীবনযাপনের জন্য শিক্ষার গুরুত্ব তুলে ধরেন। অন্যদিকে Labour & Employment 2021 এ নেত্রীবৃন্দরা শিক্ষা থেকে কর্মে রূপান্তর, গঠনগত ও অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক এবং সামাজিক পুনরুদ্ধারের জন্য কেন্দ্রীয় সমস্যা বিষয়ে আলোচনা করেন।

Amaxophobia - Fear of riding in a car

Kaziranga National Park (1974) Assam

BRICS Green Hydrogen Summit-2021

২২-২৩ জুন ভার্চুয়ালি অনুষ্ঠিত হল BRICS Green Hydrogen Summit 2021। এই সামিটের আয়োজক ছিল কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রকের মহারত্ন সংস্থা এনটিপিসি লিমিটেড। প্রযুক্তি, দক্ষতা, অর্থনৈতিক কার্যকারিতা এবং টেকনোলজির উত্থান সংক্রান্ত বিষয়ের জন্য গ্রিন হাইড্রোজেন যে সমস্ত চ্যালেঞ্জের সম্মুখীন হয় সেই বিষয়ে সামিটে আলোচনা হয়। এই সামিটে ভারতের তরফ থেকে গ্রিন হাইড্রোজেনের জন্য সাধারণ আন্তর্জাতিক মানের ধারনা তুলে ধরা হয় যা নিরাপদ পরিবহণ এবং নিঃসরণ মুক্ত জ্বালানির বিষয়ে আশ্বাস প্রদান করে।

একাদশতম BRICS S&T Steering Committee Meeting

ভারত সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি দপ্তরের তরফ থেকে অনুষ্ঠিত হল একাদশতম BRICS S&T Steering Committee Meeting। ভারতের তরফ থেকে এই বৈঠকে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক সহযোগিতা দপ্তরের উপদেষ্টা এবং প্রধান সঞ্জীব কুমার বর্ধনে। এই বৈঠকে ব্রিকস সদস্যভুক্ত দেশগুলি উদ্ভাবনী সহযোগিতার বিষয়ে সম্মতি প্রকাশ করে।

তৃতীয় CII Northern Region Food Processing Summit-2021

২৪ জুন কনফেডারেশন অফ ইন্ডিয়ান ইন্ডাস্ট্রির তরফ থেকে ভার্চুয়ালি আয়োজিত হল তৃতীয় CII Northern Region Food Processing Summit-2021। এই সামিটে উপস্থিত ছিলেন সদ্য প্রাক্তন কেন্দ্রীয় খাদ্য প্রক্রিয়াকরণ তথা কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী নরেন্দ্র সিং তোমার। এই সামিটে ভারতের উত্তরাঞ্চলের খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প বিষয়ে আলোচনা হয়।

রিলায়েন্স ইন্ডাস্ট্রির ৪৪তম বাৎসরিক জেনারেল মিটিং–২০২১

সম্প্রতি রিলায়েন্স ইন্ডাস্ট্রির তরফ থেকে অনুষ্ঠিত হল ৪৪তম বাৎসরিক জেনারেল মিটিং-২০২১। এই বৈঠকে ঘোষণা করা হল রিলায়েন্স ইন্ডাস্ট্রি ক্লিন এনার্জি বিজনেসে ৭৫,০০০ কোটি টাকা বিনিয়োগ করবে। রিলায়েন্স জিও গুগল ক্লাউডের সহযোগী হয়ে ভারতে 5G পরিষেবা চালু করবে। রিলায়েন্স ইন্ডাস্ট্রি ভারতের প্রথম কার্বন ফাইবার ম্যানুফ্যাকচারিং ইউনিট স্থাপন করবে এবং সৌদি অ্যারাসকোর চেয়ারম্যান ইয়াসির আল-রুমায়ন স্বাধীন ডিরেক্টর হিসাবে রিলায়েন্স ইন্ডাস্ট্রি লিমিটেডের বোর্ডে যুক্ত হবেন।

সাংহাই কোঅপারেশন অর্গানাইজেশনের সিকিউরিটি কাউন্সিল সেক্রেটারিদের ষোলোতম বৈঠক

২৩-২৪ তাজাকিস্থানের সভাপতিত্বে তাজাকিস্তানের রাজধানী দুসনাবেতে অনুষ্ঠিত হল সাংহাই কোঅপারেশন অর্গানাইজেশনের সিকিউরিটি কাউন্সিল সেক্রেটারিদের ষোলোতম বৈঠক। বৈঠকে সাংহাই কোঅপারেশন অর্গানাইজেশনের আটটি সদস্য দেশের প্রতিনিধিরা অংশগ্রহণ করেছিল। বৈঠকে ভারতের তরফ থেকে উপস্থিত ছিলেন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোবাল। বৈঠকে আঞ্চলিক সুরক্ষা বিষয় এবং আফগানিস্থানের বর্তমান পরিস্থিতি নিয়ে আলোচনা হয়।

লাদাখের হেমিস উৎসব

২০-২১ জুন লাদাখে অনুষ্ঠিত হল দুদিন ব্যাপী হেমিস উৎসব। লাদাখের তিব্বতীয় সম্প্রদায়ভুক্ত মানুষ এই উৎসব পালন করল। লাদাখের হেমিস মনেস্ট্রির খোলা ঝর্ণায় এটি অনুষ্ঠিত হল। তিব্বতীয় চন্দ্র পঞ্জিকা অনুযায়ী পঞ্চম মাসের দশম দিনে দ্বিতীয় যুদ্ধ হিসাবে পরিচিত গুরু পদ্মসম্ভবার জন্মদিন উপলক্ষ্যে এই উৎসব পালিত হয়।

Ministerial Thematic Forum for Un High Level Dialogue on Energy-2021

২১-২৫ জুন ভার্চুয়ালি অনুষ্ঠিত হল Ministerial Thematic Forum for Un High Level Dialogue on Energy-2021। এটি ইউনাইটেড নেশনস এনার্জির একটি উদ্যোগ। সাস্টেনেবল ডেভেলপমেন্টের ২০৩০ অ্যাজেন্ডার লক্ষ্যমাত্রার জন্য শক্তি সংক্রান্ত লক্ষ্য কার্যকর করাই এই ফোরামের মূল উদ্দেশ্য।

নবম মস্কো কনফারেন্স অন ইন্টারন্যাশনাল সিকিউরিটি

২২-২৪ জুন তিনদিন ব্যাপী রাশিয়ার মস্কোয় অনুষ্ঠিত হল নবম মস্কো কনফারেন্স অন ইন্টারন্যাশনাল সিকিউরিটি। বৈঠকে ৬০০ জন প্রতিনিধি অংশগ্রহণ করেছিল। বৈঠকের শুরুতে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির ভ্লাদিমিরোবিচ বক্তব্য রাখেন। ভারতের তরফ থেকে এই কনফারেন্সে উপস্থিত ছিলেন প্রতিরক্ষা সচিব অজয় কুমার। তিনি কনফারেন্সে কোভিড-১৯ বিরুদ্ধে লড়াইয়ের জন্য সামরিক সংস্থাগুলির ভূমিকা সকলের সামনে তুলে ধরেন।

G-20 Labour and Employment Ministers Meeting-2021

ইতালির ক্যাটানিয়াতে ইতালির সভাপতিত্বে অনুষ্ঠিত হল G-20 Labour and Employment Ministers Meeting-2021। বৈঠকে ভারতের তরফ থেকে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী সঞ্জয় গাঙ্গোয়ার। বৈঠকে বর্তমান বিশ্বের মার্কেট ট্রেন্ডস, কর্মসংস্থান, সামাজিক চ্যালেঞ্জ, মহিলা কর্মসংস্থান, সামাজিক সুরক্ষা ও প্রান্তিক কাজ নিয়ে আলোচনা হয়।

তৃতীয় ভারত-ভুটান ডেভেলপমেন্ট কোঅপারেশন টকস

ভারত ও ভুটানের মধ্যে ভার্চুয়ালি অনুষ্ঠিত হল তৃতীয় ভারত-ভুটান ডেভেলপমেন্ট কোঅপারেশন টকস। বৈঠকে ভারতের তরফ থেকে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় বিদেশ মন্ত্রকের সচিব রাহুল ছাবড়া এবং ভুটানের তরফ থেকে উপস্থিত ছিলেন ভুটানের বিদেশ সচিব কিঙ্গা সিঙ্গে। দুই দেশ বৈঠকে ভুটানে রাস্তা পরিকাঠামো, জল ব্যবস্থাপনা এবং কোভিড-১৯ ব্যবস্থাপনা কার্যকর করার জন্য অগ্রাধিকারবদ্ধ হয়।

Androphobia - Fear of men

National Convention on Prevention of Obesity

২৪ জুন নীতি আয়োগ এবং ইউনাইটেড নেশনসের তরফ থেকে অনুষ্ঠিত হল National Convention on Prevention of Obesity দিল্লিতে এই বৈঠক অনুষ্ঠিত হল। বৈঠকের সভাপতি ছিলেন নীতি আয়োগের স্বাস্থ্য সদস্য ডঃ বিনোদ কুমার পাল এবং সহসভাপতি ছিলেন নিউট্রিশন ইনস্টিটিউট অফ ইন্ডিয়ার ডিরেক্টর ডঃ হেমলতা। বৈঠকে স্থূলতাকে নিশ্চুপ অতিমারী হিসাবে তুলে ধরা হয়।

ষষ্ঠ ব্রিকস কালচার মিনিস্টার্স মিটিং–২০২১

২ জুলাই ভারতের তরফ থেকে ভার্চুয়ালি অনুষ্ঠিত হল ষষ্ঠ ব্রিকস কালচার মিনিস্টার্স মিটিং-২০২১। বৈঠকে সভাপতিত্ব করেন সদ্য প্রাক্তন কেন্দ্রীয় সাংস্কৃতিক ও পর্যটন মন্ত্রী তথা বর্তমান কেন্দ্রীয় জলশক্তি এবং খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প মন্ত্রী প্রহ্লাদ সিং প্যাটেল। বৈঠকে ব্রিকস সদস্যভুক্ত দেশগুলি সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণের বিষয়ে সাংস্কৃতিক অভিজ্ঞতা ও জ্ঞান বিনিময় করে। এই বৈঠকের থিম– 'Bonding and Harmonizing Cultural Synergy'।

ICWA এর গভর্নিং কাউন্সিলের ১৯তম এবং গভর্নিং বডির ২০তম বৈঠক

অনুষ্ঠিত হল ICWA এর গভর্নিং কাউন্সিলের ১৯তম এবং গভর্নিং বডির ২০তম বৈঠক। গভর্নিং কাউন্সিলের ১৯তম বৈঠকটি অনুষ্ঠিত হল হায়দ্রাবাদের তেলেঙ্গানায়। ২০তম গভর্নিং বডির বৈঠকে সভাপতিত্ব করেন উপরাষ্ট্রপতি এম বেঙ্কাইয়া নাইডু। বৈঠকে অংশগ্রহণ করেন ICWA কাউন্সিলের তিনজন সহসভাপতি যথাক্রমে বিদেশ মন্ত্রী ডঃ এস জয়শঙ্কর, বিদেশমন্ত্রকের সংসদীয় স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান পিপি চৌধুরি এবং নীতি আয়োগের ভাইস চেয়ারম্যান ডঃ রাজীব কুমার।

COWIN গ্লোবাল কনক্লেভ–২০২১

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রক, বিদেশ মন্ত্রক এবং ন্যাশনাল হেলথ অথরিটির তরফ থেকে যৌথভাবে আয়োজন করা হল COWIN গ্লোবাল কনক্লেভ-২০২১। এই কনক্লেভের উদ্বোধন করেন সদ্য প্রাক্তন কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী হর্ষ বর্ধন। কনক্লেভে বক্তব্য রাখেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। কনক্লেভে উপস্থিত ছিলেন বিদেশ সচিব হর্ষ বর্ধন শ্রীংলা। কেন্দ্রীয় স্বাস্থ্য সচিব রাজেশ ভূষণ এবং ন্যাশনাল হেলথ অথরিটির সিইও ডঃ আর এস শর্মা।

সপ্তদশ ওয়ার্ল্ড কংগ্রেস ফর সার্ভিকাল প্যাথোলজি অ্যান্ড কল্পস্কোপি

১-৫ জুলাই অনুষ্ঠিত হল সপ্তদশ ওয়ার্ল্ড কংগ্রেস ফর সার্ভিকাল প্যাথোলজি অ্যান্ড কল্পস্কোপি। এটির আয়োজক ছিল ইন্ডিয়ান সোসাইটি অফ কল্পস্কোপি অ্যান্ড সার্ভিকাল প্যাথোলজি এবং নতুন দিল্লির বর্ধমান মহাবীর মেডিক্যাল কলেজে এবং সফদরজঙ্গ হসপিটালের ধাত্রী এবং স্ত্রীরোগ বিদ্যা দপ্তরের তরফ থেকে এটি আয়োজন করা হয়েছিল। এর উদ্বোধন করেন উপরাষ্ট্রপতি বেঙ্কাইয়া নাইড়ু এবং বৈঠকে ভারতের তরফ থেকে উপস্থিত ছিলেন সদ্যপ্রাক্তন কেন্দ্রীয় স্বাস্থ্য এবং পরিবারকল্যাণ মন্ত্রী হর্ষ বর্ধন। বৈঠকে জরায়ুর ক্যান্সার বিষয়ে আলোচনা হয় এবং ইহা রোধে ভারত কী কী পদক্ষেপ গ্রহণ করেছে তা তুলে ধরা হয়। এই বৈঠকের থিম– 'Eliminating Cervical Cancer : Call for Action। এশিয়ায় প্রথম এই ধরনের বৈঠক অনুষ্ঠিত হল।

দ্বিতীয় India-Ghana Foreign Office Consultations-2021

ঘানার আক্রায় অনুষ্ঠিত হল দ্বিতীয় India-Ghana Foreign Office Consultations-2021। বৈঠকে ভারতের তরফ থেকে উপস্থিত ছিলেন অর্থনীতি সম্পর্ক সচিব রাহুল ছাবড়া এবং ঘানার তরফ থেকে উপস্থিত ছিলেন বিদেশ মন্ত্রকের ডেপুটি মন্ত্রী কাকু আম্প্রাতুম সারপং। বৈঠকে দুই দেশ দ্বিপাক্ষিক, আঞ্চলিক এবং পারস্পরিক স্বার্থ, আন্তর্জাতিক সমস্যা নিয়ে আলোচনা করে।

অষ্টম ব্রিকস এডুকেশন মিনিস্টার্স মিটিং–২০২১

৬ জুলাই অনুষ্ঠিত হল অষ্টম ব্রিকস এডুকেশন মিনিস্টার্স মিটিং-২০২১। বৈঠকে সভাপতিত্ব করেন সদ্যপ্রাক্তন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী ও ইলেকট্রনিক্স ও তথ্য প্রযুক্তি প্রতিমন্ত্রী সঞ্জয় ধোত্রে। উচ্চশিক্ষা এবং টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড ট্রেনিং বিষয়ে দেশগুলি তাদের অ্যাকাডেমিক এবং গবেষণা সহযোগিতায় যুগ্ম ঘোষণাপত্রে স্বাক্ষর করে।

প্রথম ইন্দো-প্যাসিফিক বিজনেস সামিট–২০২১

৬-৮ জুলাই ভার্চুয়াল প্ল্যাটফর্মে অনুষ্ঠিত হল প্রথম ইন্দো-প্যাসিফিক বিজনেস সামিট-২০২১। কনফেডারেশন অফ ইন্ডিয়ান ইন্ডাস্ট্রি এবং বিদেশ মন্ত্রক যৌথভাবে এই সামিট আয়োজন করেছিল। এই সামিটের থিম ছিল– 'Developing a Road Map for Shared Prosperity'। ভারত ও ইন্দো-প্যাসিফিক অঞ্চলের বাকি দেশগুলি কীভাবে অর্থনৈতিক সহাবস্থান এবং ভবিষ্যত অর্থনৈতিক উন্নতির দিকে অগ্রসর হবে তা নিয়ে সামিটে আলোচনা হয়।

India-UK Financial Markets Dialogue এর প্রথম বৈঠক

৮ জুলাই ভার্চুয়ালি অনুষ্ঠিত হল India-UK Financial Markets Dialogue এর প্রথম বৈঠক। অর্থনৈতিক ক্ষেত্রে দ্বিপাক্ষিক সম্পর্ক মজবুত করার উদ্দেশ্যে এই বৈঠক অনুষ্ঠিত হল।

'Road Development in India' এর ১৬তম বার্ষিক কনফারেন্স

ভার্চুয়ালি অনুষ্ঠিত হল 'Road Development in India' এর ১৬তম বার্ষিক কনফারেন্স। কনফারেন্সের আয়োজক হল ইন্ডিয়া ইনফ্রাস্ট্রাকচার পাবলিশিং। কনফারেন্সে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় সড়ক

Anginophobia - Fear of choking

পরিবহণ ও হাইওয়েজ মন্ত্রী নীতিন গড়করি। সড়কপথের উদীয়মান প্রবণতা এবং বিকল্প আমদানি কার্যকর ব্যয়, দূষণমুক্ত বিকল্প জ্বালানি ব্যবহার নিয়ে বৈঠকে আলোচনা হয়।

ইন্ডিয়া-ইতালি জয়েন্ট কমিশন ফর ইকনমিক কোঅপারেশনের ২১তম সেশন

ভার্চুয়ালি অনুষ্ঠিত হল ইন্ডিয়া-ইতালি জয়েন্ট কমিশন ফর ইকনমিক কোঅপারেশনের ২১তম সেশন। এই বৈঠকে ভারতের তরফ থেকে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্প মন্ত্রী পীযূষ গোয়েল এবং ইতালির তরফ থেকে উপস্থিত ছিলেন ইতালির বিদেশ ও আন্তর্জাতিক সহযোগিতা মন্ত্রী লুগি ডি মায়ো। বৈঠকে দুই দেশের অর্থনৈতিক সহযোগিতার বিষয়ে আলোচনা হয়।

তৃতীয় G-20 ফিন্যান্স মিনিস্টার এবং সেন্ট্রাল ব্যাঙ্ক গভর্নর মিটিং

৯-১০ জুলাই ইতালির ভেনিসে অনুষ্ঠিত হল তৃতীয় G-20 ফিন্যান্স মিনিস্টার এবং সেন্ট্রাল ব্যাঙ্ক গভর্নর মিটিং। বৈঠকে ভারতের তরফ থেকে ভার্চুয়ালি যোগদান করেছিলেন কেন্দ্রীয় নির্মলা সীতারমন। বিশ্বব্যাপী অর্থনৈতিক ঝুঁকি, স্বাস্থ্য প্রতিবন্ধকতা, কোভি-১৯ অতিমারী থেকে পলিসির পুনরুদ্ধার, আন্তর্জাতিক করব্যবস্থা, গঠনগত অর্থনীতি এবং অর্থনৈতিক ক্ষেত্র সংক্রান্ত ব্যাপারে এই বৈঠকে আলোচনা হয়

তেলেঙ্গানার Asha Bonalu উৎসব

২১ জুলাই তেলেঙ্গানায় সূচনা হল Asha Bonalu উৎসবের। হায়দ্রাবাদের গোলকুন্ডা ফোর্টে এই উৎসব অনুষ্ঠিত হল। এই উৎসবের অংশ হিসাবে লঙ্গর হাউস থেকে গোলকুন্ডা পর্যন্ত একটি শোভাযাত্রা অনুষ্ঠিত হল। ৮ আগষ্ট পর্যন্ত এই উৎসব পালিত হবে।

সপ্তম ব্রিকস Labour & Employment Ministers Meeting

১৫ জুলাই ভারতের সভাপতিত্বে অনুষ্ঠিত হল সপ্তম ব্রিকস Labour & Employment Ministers Meeting। বৈঠকে সভাপতিত্ব করেনে কেন্দ্রীয় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রী ভূপেন্দ্র যাদব। বৈঠকে সামাজিক সুরক্ষার প্রচার, শ্রমবাজারের আনুষ্ঠানিককরণ, শ্রমশক্তিতে মহিলাদের আন্তর্ভুক্তিকরণ, শ্রম বাজারে প্ল্যাটফর্ম শ্রমিকদের ভূমিকা বিষয়ে আলোচনা হয়।

১৬তম 'CII-EXIM Bank Conclave on India & Africa Project Partnership'

১৩-১৫ জুলাই অনুষ্ঠিত হল ১৬তম 'CII-EXIM Bank Conclave on India & Africa Project Partnership'। বৈঠকের থিম হল– Harnessing the Africa–India Opportunity: Connect, Create and Collaborate'। বৈঠকে ভারতের তরফ থেকে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় বিদেশ মন্ত্রী এস জয়শঙ্কর। ভারত ও আফ্রিকার মধ্যে সহযোগিতা বিষয়ে কনক্লেভে আলোচনা হয়।

শ্রাবণ হরেলা উৎসব

১৬ জুলাই উত্তরাখণ্ডের কুমায়ন অঞ্চলে অনুষ্ঠিত হল শ্রাবণ হরেলা উৎসব। বর্ষার সূচনা হিসাবে এই উৎসব পালন করা হল।

২৭তম Meeting of BRICS CGETI 2021

১২-১৪ জুলাই ভারতের সভাপতিত্বে অনুষ্ঠিত হল ২৭তম Meeting of BRICS CGETI (Contact Group on Economic and Trade Issues) 2021। বৈঠকে অর্থনীতি এবং বাণিজ্যিক বিষয়ের ওপর আলোচনা হয়।

প্রতিরক্ষা

ভারতের প্রথম স্বদেশীয় এয়ারক্রাফট ক্যারিয়ার

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং ঘোষণা করলেন ২০২২ সালে কমিশন করা হবে দেশের প্রথম স্বদেশীয় এয়ারক্রাফট ক্যারিয়ার। ভারতীয় নৌবাহিনী ইস্টার্ন ন্যাবাল কম্যান্ড আইএনএস বিক্রান্তে এটির কমিশন করা হবে। কোচিন শিপইয়ার্ড লিমিটেডে এটি নির্মিত হচ্ছে।

ভারতীয় সেনাবহিনীর নতুন ফায়ারিং রেঞ্জ

ভারতীয় সেনাবাহিনীর নতুন ফায়ারিং রেঞ্জ যা জম্মু ও কাশ্মীরের গুলমার্গে অবস্থিত তার নামকরণ করা হল। বিদ্যা বালান ফায়ারিং রেঞ্জ। বলিউড অভিনেত্রী বিদ্যা বালানকে সম্মান জানাতে এই নামকরণ করা হল।

যুদ্ধ নায়কদের জন্য সাইবার মিউজিয়াম

৭৫তম স্বাধীনতা দিবস উপলক্ষ্যে প্রতিরক্ষা মন্ত্রকের তরফ থেকে নির্মাণ করা হতে চলেছে সাইবার মিউজিয়াম। যুদ্ধ নায়কদের সম্মান জানাতে ভারতে প্রথম এই ধরনের সাইবার মিউজিয়াম নির্মিত হতে চলেছে। এটি একটি ভার্চুয়াল মিউজিয়াম।

আফ্রিকা ও ইউরোপের নৌজাহাজের সহিত INS Tabar এর মহড়া

২২-২৭ জুন রাশিয়ার নৌ দিবস উপলক্ষ্যে অনুষ্ঠিত মহড়া আফ্রিকা ও ইউরোপের নৌজাহাজগুলির সহিত অংশগ্রহণ করল ভারতীয় নৌজাহাজ INS Tabar।

ভারত ও দক্ষিণ কোরিয়ার নৌমহড়া

২৮ জুন ভারত ও দক্ষিণ কোরিয়ার নৌমহড়া অনুষ্ঠিত হল পূর্ব চীন সাগরে। ভারতীয় নৌবাহিনীর তরফ থেকে অংশগ্রহণ করেছিল স্বদেশীয় অ্যান্টি সাবমেরিন ওয়ারফেয়ার কর্বেট INS Kiltan এবং দক্ষিণ কোরিয়ার নৌবাহিনীর তরফে অংশগ্রহণ করেছিল ডেগু ক্লাস ফ্রিগেট Gyeongnam।

সপ্তম Indian Ocean Naval Symposium

২৮ জুন থেকে ১ জুলাই লা রিইউনিয়নে অনুষ্ঠিত হল সপ্তম Indian Ocean Naval Symposium। এই সিম্পোসিয়াম আয়োজকের দায়িত্বে ছিল ফ্রেঞ্চ নৌ বাহিনী এবং ২৯ জুন Indian Ocean Naval Symposium এর চেয়ারম্যানশিপ পরবর্তী দু'বছরের জন্য অর্জন করল। ভারতীয় নৌবাহিনীর প্রধান অ্যাডমিরাল করমবীর সিং ভার্চুয়ালি অংশগ্রহণ করেছিলেন এই সিম্পোসিয়ামে।

ভারত ও ইতালির নৌমহড়া

৪-৫ জুলাই থিরেনিয়াম সাগরে অনুষ্ঠিত ভারত ও ইতালির নৌমহড়া। ভারতের তরফ থেকে নৌমহড়ায় অংশগ্রহণ করেছিল INS Tabor এবং ইতালির তরফ থেকে অংশগ্রহণ করেছিল ইতালির সামনের সারির ফ্রিগেট আইটিএস অ্যান্টোনিও মার্সেগ্লিয়া।

TTX-2021 Exercise Shield'

১৪-১৫ জুলাই ভারত, শ্রীলঙ্কা এবং মালদ্বীপের প্রতিরক্ষা আধিকারিকরা ভার্চুয়ালি অংশগ্রহণ করলেন Trilateral Tabletop Exercise 2021 (TTX-2021) Exercise Shield' এ। সামুদ্রিক সুরক্ষার জন্য এটি আয়োজন করা হয়েছিল। এটির আয়োজন করেছিল মুম্বাইয়ের মেরিটাইম ওয়ারফেয়ার সেন্টার।

ভারতীয় নৌবাহিনী পেল প্রথম ব্যাচের MH-60R হেলিকপ্টার

মার্কিন যুক্তরাষ্ট্রের নৌবাহিনীর তরফ থেকে ভারতীয় নৌবাহিনী পেল প্রথম ব্যাচের ২টি MH-60R হেলিকপ্টার। ভারতের তরফ থেকে মার্কিন যুক্তরাষ্ট্রকে ২৪টি MH-60R হেলিকপ্টারের বরাত দেওয়া হয়েছে যার মূল্য ২.৪ বিলিয়ন মার্কিন ডলার।

ভারতীয় নৌবাহিনী ও উপকূলরক্ষী বাহিনীর ২৫টি স্বদেশীয় এসআরজিসি সিস্টেম

অর্ডিন্যান্স ফ্যাক্টরি তিরুচিরাপল্লির তরফ থেকে ভারতীয় নৌবাহিনী এবং উপকূলরক্ষী বাহিনীকে হস্তান্তরকরণ করা হল স্বদেশীয় ১২.৭ এমএম স্টেবিলাইস রিমোট কন্ট্রোল গান সিস্টেম।

ইনডেক্স/রিপোর্ট/স্টাডি/র‍্যাঙ্কিং

World Investment Report 2021

ইউনাইটেড নেশনস কনফারেন্স অন ট্রেন্ড অ্যান্ড ডেভেলপমেন্ট দ্বারা প্রকাশিত World Investment Report 2021 অনুযায়ী প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগের অন্তর্প্রবাহে প্রথম স্থানে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে চীন এবং হংকং। ভারত রয়েছে পঞ্চম স্থানে।

র‍্যাঙ্ক	দেশ	মূল্য (বিলিয়ন মার্কিন ডলার)
১.	মার্কিন যুক্তরাষ্ট্র	১৫৬
২.	চীন	১৪৯
৩.	হংকং	১১৯
৫.	ভারত	৬৪

অন্যদিকে, প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগের বর্হিপ্রবাহে প্রথম স্থানে রয়েছে চীন। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে লুক্সেমবার্গ এবং জাপান। ভারত রয়েছে ১৮তম স্থানে।

র‍্যাঙ্ক	দেশ	মূল্য (বিলিয়ন মার্কিন ডলার)
১.	চীন	১৩৩
২.	লুক্সেমবার্গ	১২৭
৩.	জাপান	১১৬
১৮.	ভারত	১২

আইবিপিএস স্কিমের মাধ্যমে চাকরি সৃষ্টি

আইবিপিএস বা ইন্ডিয়া বিজনেস প্রসেস আউটসোর্সিং প্রোমোশন স্কিমের মাধ্যমে চাকরি সৃষ্টিতে প্রথম স্থানে রয়েছে অন্ধ্রপ্রদেশ যারা ১২২৩৪টি নতুন চাকরি সৃষ্টি করেছে। দ্বিতীয় স্থানে রয়েছে তামিলনাড়ু যারা ৯৪০১টি নতুন চাকরি সৃষ্টি করেছে।

Inward Investment Statistics for 2020-21

ব্রিটিশ যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক বাণিজ্য দপ্তর কর্তৃক প্রকাশিত Inward Investment Statistics for 2020-21 অনুযায়ী ব্রিটিশ যুক্তরাষ্ট্রে প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগের বৃহত্তম উৎস হল মার্কিন যুক্তরাষ্ট্র। দ্বিতীয় স্থানে রয়েছে ভারত।

State of Economy Report

রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া কর্তৃক প্রকাশিত State of Economy Report অনুযায়ী কেন্দ্রীয় ব্যাঙ্ক কর্তৃক রাষ্ট্রকে সরবরাহ করা সারপ্লাসে প্রথম স্থানে রয়েছে তুর্কি। দ্বিতীয় স্থানে রয়েছে ভারত এবং তৃতীয় স্থানে রয়েছে মালয়েশিয়া।

র‍্যাঙ্ক	দেশ	সারপ্লাস সরবরাহ (২০২১ সালের জিডিপি এর % অনুযায়ী)
১.	তুর্কি	০.৫০%
২.	ভারত	০.৪৪%
৩.	মালয়েশিয়া	০.২৬%

Ease of Living Index-2020

সেন্টার ফর সায়েন্স অ্যান্ড এনভায়রনমেন্ট কর্তৃক প্রকাশিত 'Ease of Living Index-2020' অনুযায়ী ভারতে বসবাসযোগ্য শহরগুলির মধ্যে প্রথম স্থানে রয়েছে কর্ণাটকের রাজধানী বেঙ্গালুরু। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে তামিলনাড়ুর রাজধানী চেন্নাই ও হিমাচল

Anthropophobia - Fear of people or society

প্রদেশের রাজধানী সিমলা।

র‍্যাঙ্ক	শহরের নাম	রাজ্য	স্কোর
১.	বেঙ্গালুরু	কর্ণাটক	৬৬.৭
২.	চেন্নাই	তামিলনাড়ু	৬২.৬১
৩.	সিমলা	হিমাচল প্রদেশ	৬০.৯

দ্বিতীয় Positive Impact Rating (PIR) 2021

দ্বিতীয় Positive Impact Rating (PIR) 2021 অনুযায়ী প্রাইওনিয়ার বিজনেস স্কুলে স্থান পেয়ে প্রথম স্থান অধিকার করল ভারতের গোয়া ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট। দ্বিতীয় স্থানে রয়েছে ভারতের এসপি জৈন ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট অ্যান্ড রিসার্চ। তৃতীয় স্থানে রয়েছে কসোভোর ইউনিভার্সিটি অফ বিজনেস অ্যান্ড টেকনোলজি।

QS EMBA Ranking 2021

Quacquarelli Symonds (QS) কর্তৃক প্রকাশিত 'QS Executive MBA (EMBA) Ranking 2021' অনুযায়ী ভারতের শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান হল আইআইএম বেঙ্গালুরু। বিশ্বব্যাপী এই ইনস্টিটিউটের র‍্যাঙ্ক ৩৯ এবং এটি একমাত্র ভারতীয় শিক্ষা প্রতিষ্ঠান যা প্রথম একশোর মধ্যে রয়েছে।

এক্সপোর্ট ডেস্টিনেশন অফ ইন্ডিয়া

কেন্দ্রীয় সরকারের ডেটা অনুযায়ী ২০২১ অর্থবর্ষে এক্সপোর্ট ডেস্টিনেশন অফ ইন্ডিয়াতে প্রথম স্থানে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে চীন এবং সংযুক্ত আরব আমিরশাহি।

র‍্যাঙ্ক	দেশ	রপ্তানি মূল্য (বিলিয়ন ডলার)	পরিবর্তন (%)
১.	মার্কিন যুক্তরাষ্ট্র	৫১.৬	–২.৮
২.	চীন	২১.২	২৭.৫
৩.	সংযুক্ত আরব আমিরশাহি	১৬.৭	–৪২.২

Mercer's 2021 Cost of Living City Rankings

প্রকাশিত হল Mercer's 2021 Cost of Living City Rankings এই র‍্যাঙ্কিং অনুযায়ী বিদেশি শ্রমিকদের কাছে বিশ্বের সবচেয়ে ব্যয়বহুল শহর হল তুর্কমেনিস্তানের রাজধানী আসগবাট। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে হংকং এবং লেবাননের রাজধানী বেইরুট। মহারাষ্ট্রের রাজধানী মুম্বাই রয়েছে ৭৮তম স্থানে।

বিশতম Global Startup Ecosystem Index 2021

স্টার্টব্লিঙ্ক কর্তৃক প্রকাশিত বিশতম Global Startup Ecosystem Index 2021 অনুযায়ী প্রথম স্থানে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে ব্রিটিশ যুক্তরাষ্ট্র এবং ইজরায়েল। ভারত রয়েছে ২০তম স্থানে।

র‍্যাঙ্ক	দেশ	স্কোর
১.	মার্কিন যুক্তরাষ্ট্র	১২৪.৪
২.	ব্রিটিশ যুক্তরাষ্ট্র	২৮.৭
৩.	ইজরায়েল	২৭.৭
২০.	ভারত	৮.৮

অন্যদিকে শহরগুলির মধ্যে প্রথম স্থানে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্রের সান ফ্রান্সিসকো বে। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক এবং চীনের বেজিং। ভারতের বেঙ্গালুরু রয়েছে দশম স্থানে।

র‍্যাঙ্ক	শহরের নাম	দেশ	স্কোর
১.	সান ফ্রান্সিসকো বে	মার্কিন যুক্তরাষ্ট্র	৩২৮.৯
২.	নিউইয়র্ক	মার্কিন যুক্তরাষ্ট্র	১১০.৭
৩.	বেজিং	চীন	৬৬
১০.	বেঙ্গালুরু	ভারত	২৫.৩

চতুর্থ Global Cybersecurity Index 2020

ইন্টারন্যাশনাল টেলিকমিউনিকেশন ইউনিয়ন কর্তৃক প্রকাশিত হল চতুর্থ Global Cybersecurity Index 2020। এই ইনডেক্স অনুযায়ী প্রথম স্থানে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র। দ্বিতীয় স্থানে রয়েছে ব্রিটিশ যুক্তরাষ্ট্র এবং সৌদি আরব। তৃতীয় স্থানে রয়েছে এস্টোনিয়া। ভারত রয়েছে দশম স্থানে। ২০১৮ সালে শেষবার যখন এই ইনডেক্স প্রকাশিত হয়েছিল তখন ভারত ছিল ৪৭তম স্থানে।

র‍্যাঙ্ক	দেশ	স্কোর
১.	মার্কিন যুক্তরাষ্ট্র	১০০
২.	ব্রিটিশ যুক্তরাষ্ট্র, সৌদি আরব	৯৯.৫৪
৩.	এস্টোনিয়া	৯৯.৪৮
১০.	ভারত	৯৭.৫

Statistical Review of World Energy-2021

প্রকাশিত হল Statistical Review of World Energy-2021। এই প্রতিবেদন অনুযায়ী ভারতে ২০২০ সালে অপরিশোধিত তেল ও প্রাকৃতিক গ্যাস সরবরাহের প্রথম স্থান অধিকার করেছে ইরাক। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে সৌদি আরব এবং সংযুক্ত আরব আমিরশাহি।

র‍্যাঙ্ক	দেশ	তেল সরবরাহ (মিলিয়ন টন)
১.	ইরাক	৪৭
২.	সৌদি আরব	৩৮
৩.	সংযুক্ত আরব আমিরশাহি	২২

Navegaon National Park (1975)Maharashtra

২০২১ সালের জুন-জুলাই মাসে স্বাক্ষরিত জাতীয় ও আন্তর্জাতিক মউ/চুক্তি

যাদের মধ্যে মউ/চুক্তি স্বাক্ষরিত হয়েছে	তারিখ	যে যে বিষয়ে মউ/চুক্তি স্বাক্ষরিত হয়েছে
ইউবিআই এবং এনএসআইসি	জুনের শেষ সপ্তাহ	ক্ষুদ্র, ছোট ও মাঝারি উদ্যোগগুলিকে অর্থ সহায়তার জন্য NSIC Bank Credit Facilisation Scheme' এর অধীনে এই মউ স্বাক্ষরিত হল।
অসম সরকার এবং সার্ভে অফ ইন্ডিয়া এবং এনএমএ	জুনের শেষ সপ্তাহ	অসমে SVAMITVA প্রকল্প কার্যকর করার উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
প্রতিরক্ষা মন্ত্রক এবং জিএসএল	জুনের শেষ সপ্তাহ	ভারতীয় উপকূলরক্ষী বাহিনীর জন্য ৫৩৮ কোটি টাকার বিনিময়ে দুটি পলিউশন কন্ট্রোল ভেসেল নির্মাণের জন্য এই চুক্তি স্বাক্ষরিত হল।
ভারত এবং ফিজি	২২ জুন	কৃষি এবং সহকারী ক্ষেত্রে সহয়তার জন্য এই মউ স্বাক্ষরিত হল।
এনএসজি এবং আরআরইউ	জুনের শেষ সপ্তাহ	এনএসজি এর দক্ষতা বৃদ্ধির জন্য এই মউ স্বাক্ষরিত হল।
ডেনমার্ক এবং ভারত	জুনের শেষ সপ্তাহ	আইএসএ এর ফ্রেমওয়ার্ক এগ্রিমেন্টের জন্য এই চুক্তি স্বাক্ষরিত হল।
আইএফএফসিও এবং আইএনএইএস এবং সিওওপিইআরএআর	জুনের শেষ সপ্তাহ	আর্জেন্টিনায় ন্যানো ইউরিয়া প্ল্যান্ট স্থাপনের জন্য এই মউ স্বাক্ষরিত হল।
মহারাষ্ট্র এবং ব্রিটিশ যুক্তরাষ্ট্র	জুনের শেষ সপ্তাহ	মহারাষ্ট্রে ক্লিন এনার্জি এবং গ্রিন এনার্জি টেক স্টার্টআপ ইকোসিস্টেম গড়ে তুলতে এই মউ স্বাক্ষরিত হল।
ট্রিটন ইলেকট্রিক ভেহিক্যাল প্রাইভেট লিমিটেড এবং তেলেঙ্গানা সরকার	জুনের শেষ সপ্তাহ	তেলেঙ্গানার জাহিরাবাদে ইলেকট্রিক যানবাহনের উৎপাদন ইউনিট স্থাপন করতে ২১০০ কোটি টাকার বিনিময়ে এই মউ স্বাক্ষরিত হল।
এমওআইএল, মধ্যপ্রদেশ সরকার এবং এমপিএসএমসিএল	জুনের শেষ সপ্তাহ	মধ্যপ্রদেশের চারটি জেলা যথা– বালাঘাট, জব্বলপুর, ঝাবুয়া, চিন্দওয়ারাতে ম্যাঙ্গানিজ আকরিকের সুযোগ অনুসন্ধানের জন্য এই মউ স্বাক্ষরিত হল।
জেএসসিএ এবং এসএআইএল -বিএসএল	জুলাইয়ের প্রথম সপ্তাহ	ঝাড়খণ্ডের বোকারোতে আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম নির্মাণের জন্য এই মউ স্বাক্ষরিত হল।
ভারতীয় নৌবাহিনী এবং বিইএল	২৯ জুন	উদীয়মান প্রযুক্তি নির্মাণের জন্য এই মউ স্বাক্ষরিত হল।
এফআইইও এবং অ্যারামেক্স ইন্ডিয়া	জুলাইয়ের প্রথম সপ্তাহ	ক্ষুদ্র, ছোট ও মাঝারি উদ্যোগ রপ্তানিকারীকে সহায়তা প্রদান করতে এই মউ স্বাক্ষরিত হল।
সিসিএল এবং সিএমপিডিআই	১ জুলাই	সৌরশক্তি প্রোজেক্ট নির্মাণের জন্য এই এমওএ চুক্তি স্বাক্ষরিত হল।
এজেএনআইএফএম এবং মাইক্রোসফট	১ জুলাই	কৃত্রিম বুদ্ধিমত্তা এবং উদীয়মান প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে এজেএনআইএফএম সেন্টার অফ এক্সিলেন্স স্থাপনের জন্য এই মউ স্বাক্ষরিত হল।
কেন্দ্রীয় অধিবাসী উন্নয়ন মন্ত্রক এবং কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রক	জুলাইয়ের প্রথম সপ্তাহ	অধিবাসী সম্প্রদায়কে জঙ্গলের নিয়ন্ত্রণের জন্য অতিরিক্ত ক্ষমতা প্রদান করার জন্য এই চুক্তি স্বাক্ষরিত হল।
আইইটিও এবং লিবিয়ান আফ্রিকান বিজনেস কাউন্সিল	২৫ জুন	সহযোগিতার উদ্দেশ্যে এই এমওসি চুক্তি স্বাক্ষরিত হল।
এএসসিআই এবং এফএসএসএআই	জুলাইয়ের প্রথম সপ্তাহ	খাদ্য এবং পানীয় বিজ্ঞাপনের অযৌক্তিক দাবি থেকে ক্রেতাদের রক্ষা করার জন্য এই চুক্তি স্বাক্ষরিত হল।
কেন্দ্রীয় পর্যটন মন্ত্রক এবং ইয়াত্রা	জুলাইয়ের দ্বিতীয় সপ্তাহ	ভারতের আতিথেয়তা এবং পর্যটন শিল্প শক্তিশালী করতে এই মউ স্বাক্ষরিত হল।

Arachibutyrophobia - Fear of peanut butter

Pench National Park (1975) Madhya Pradesh

যাদের মধ্যে মউ/চুক্তি স্বাক্ষরিত হয়েছে	তারিখ	যে যে বিষয়ে মউ/চুক্তি স্বাক্ষরিত হয়েছে
এমসিএক্স এবং ইইএক্স	জুলাইয়ের দ্বিতীয় সপ্তাহ	বিদ্যুৎজাত পণ্যের বিষয়ে মতামত বিতরণ এবং দক্ষতা বিনিময়ের জন্য এই মউ স্বাক্ষরিত হল।
অ্যাক্সিস ব্যাঙ্ক এবং ভারতীয় সেনা	৬ জুলাই	ভারতীয় সেনাকে ডিফেন্স সার্ভিস স্যালারি প্যাকেজ প্রদানের জন্য এই মউ স্বাক্ষরিত হল।
ভারত এবং গাম্বিয়া	৮ জুলাই	কর্মী প্রশাসন এবং প্রশাসনিক সংস্কারের বিষয়ে দুই দেশের দ্বিপাক্ষিক সম্পর্ককে মজবুত করতে এবং প্রচার করতে এই মউ স্বাক্ষরিত হল।
বিডিএল এবং প্রতিরক্ষামন্ত্রক	জুলাইয়ের দ্বিতীয় সপ্তাহ	ভারতীয় বায়ুসেনার জন্য আকাশ মিসাইল নির্মাণ ও সরবরাহের জন্য এই চুক্তি স্বাক্ষরিত হল।
এসটিপিআই এবং ব্যাঙ্ক অফ বরোদা, ইয়েস ব্যাঙ্ক, ম্যাথওয়ার্কস, ইওরস্টোরি, ফ্রেমওয়ার্ক, পোনট্যাক	৮ জুলাই	ভারতে রোবাস্ট স্টার্টআপ ইকোসিস্টেম নির্মাণের জন্য এই মউ স্বাক্ষরিত হল।
ভারত এবং নেপাল	৯ জুলাই	২০০৪ সালের ভারত-নেপাল রেল পরিষেবা চুক্তি সংশোধনের জন্য এই এলওই চুক্তি স্বাক্ষরিত হল।
আইবিএন এবং এসজেবিএনএল	জুলাইয়ের দ্বিতীয় সপ্তাহ	পূর্ব নেপালে ৬৭৯ মেগাওয়াটের লোয়ার অরুণ হাইড্রোইলেকট্রিক প্রোজেক্ট ১.৩ বিলিয়ন মার্কিন ডলারের বিনিময়ে কার্যকর করার জন্য এই মউ স্বাক্ষরিত হল।
এনটিপিসিআরইএল এবং লাদাখ	জুলাইয়ের দ্বিতীয় সপ্তাহ	লাদাখে ভারতের প্রথম গ্রিন হাইড্রোজেন মোবিলিটি প্রোজেক্ট স্থাপনের জন্য এই মউ স্বাক্ষরিত হল।
এপিইডিএ এবং এনএএফইডি	১২ জুলাই	কৃষক সমবায় এবং ফার্মার প্রডিউসার অর্গানাইজেশনগুলির এক্সপোর্ট লিঙ্কেজ শক্তিশালী করতে এই মক্ষ স্বাক্ষরিত হল।
অন্ধ্রপ্রদেশ সরকার এবং ১৪টি সংস্থা	১২ জুলাই	মহিলাদের ক্ষমতায়নের জন্য 'YSR Cheyatha Scheme' কার্যকরার জন্য এই মউ স্বাক্ষরিত হল।
ডিএসইইউ এবং এইচআই-এনওডিই ফাউন্ডেশন, ইচিসিন হোল্ডিং কোম্পানি লিমিটেড	জুলাইয়ের তৃতীয় সপ্তাহ	জাপানে ছাত্রদের প্রশিক্ষণ দিতে এই মউ স্বাক্ষরিত হল।
লাদাখ এবং সিকিম	১৪ জুলাই	২০২৫ সালের মধ্যে লাদাখকে অর্গানিক এনটিটিতে পরিণত করতে এই মউ স্বাক্ষরিত হল।
বায়োটেকনোলজি দপ্তর এবং কেন্দ্রীয় পৃথিবী বিজ্ঞান মন্ত্রক	জুলাইয়ের তৃতীয় সপ্তাহ	পোলার বায়োলজির ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতার জন্য এই মউ স্বাক্ষরিত হল।
আইএএইচ এবং ইউনিভার্সিটি অফ নিউ সাউথ ওয়েলস	১৫ জুলাই	নয়ডার আইএএইচই এর সেন্টার ফর অ্যাডভান্স ট্রান্সপোর্টেশন টেকনোলজি অ্যান্ড সিস্টেমসে সেন্টার অফ এক্সিলেন্স স্থাপনের জন্য এই চুক্তি স্বাক্ষরিত হল।
জাতীয় মহিলা কমিশন এবং বিপিআর অ্যান্ড ডি	জুলাইয়ের তৃতীয় সপ্তাহ	পুলিশ কর্মীদের লিঙ্গ সংবেদনশীলতার জন্য এই মউ স্বাক্ষরিত হল।
কর্ণাটক সরকার এবং ২৩টি সংস্থা	১৫ জুলাই	বিদ্যুতযান, ডেটা সেন্টার, অ্যারোস্পেস এবং প্রতিরক্ষায় বিনিয়োগের জন্য আকৃষ্ট করতে এবং পনেরো হাজার কর্মসংস্থান সৃষ্টি করতে এই মউ স্বাক্ষরিত হল।
আইটিআরএ এবং গুজরাট সরকার	জুলাইয়ের তৃতীয় সপ্তাহ	আয়ুর্বেদ শিক্ষা শক্তিশালী করার উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
ইলেক্ট্রনিক্স তথ্য প্রযুক্তি মন্ত্রক এবং ম্যাপমাইইন্ডিয়া	জুলাইয়ের তৃতীয় সপ্তাহ	UMANG App এ মানচিত্র পরিষেবা প্রদান করতে এই মউ স্বাক্ষরিত হল।
ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র এবং নাবার্ড	জুলাইয়ের তৃতীয় সপ্তাহ	মহারাষ্ট্রে প্রায়োরিটি সেক্টর ল্যান্ডিংয়ের উন্নতির জন্য এই মউ স্বাক্ষরিত হল।

Arachnophobia - Fear of spiders

বিজ্ঞান ও প্রযুক্তি

যুদ্ধ বিমান চালকদের জন্য ক্যানোপি সেভারেন্স সিস্টেম

- ডিআরডিও এর দুটি ল্যাব যথা আর্মামেন্ট রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট এস্টাব্লিশমেন্ট এবং হাই এনার্জি মেটেরিয়াল রিসার্চ ল্যাবরেটরি নির্মাণ করল ক্যানোপি সেভারেন্স সিস্টেম।
- এই সিস্টেম যুদ্ধ বিমানচালকদের জন্য নির্মাণ করা হল। যুদ্ধ বিমানচালকদের সঙ্কটের সময় নিরাপদে উদ্ধারের জন্য এই সিস্টেম চালু করা হল।
- জিওসিএল কর্পোরেশন লিমিটেডের চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর এস প্রামানিক এবং জেনারেল ম্যানেজার আর চন্দ্রকে এই সিস্টেম নির্মাণের জন্য পুরস্কৃত করা হল।

ইজরায়েলের লেজার ওয়েপন সিস্টেমের সফল পরীক্ষা

- 21 জুন ইজরায়েলের সামরিক বাহিনীর তরফ থেকে সফল পরীক্ষা করা হল লেজার ওয়েপন সিস্টেমের।
- এই লেজার ওয়েপন সিস্টেম মধ্য আকাশে ড্রোন স্যুট ডাউন করতে সক্ষম।
- ভূমধ্যসাগরে এই পরীক্ষা করা হল এবং বহু ড্রোন ১ কিমি রেঞ্জের মধ্যে স্যুট ডাউন করে নষ্ট করা হল।
- এই লেজার ওয়েপন সিস্টেম রকেট, মোর্টার সেল এবং মানববিহীন বায়বীয় বিমান অনুধাবনে সক্ষম। 2024 সালের শেষ দিকে এটির ব্যবহার শুরু হতে পারে।

পিনাকা রকেট এবং বর্ধিত রেঞ্জের 122mm ক্যালিবার রকেটের সফল পরীক্ষা

- ডিআরডিও এর তরফ থেকে সফলভাবে পরীক্ষা করা হল বর্ধিত সীমার পিনাকা রকেট এবং বর্ধিত রেঞ্জের 122mm ক্যালিবার রকেটের।
- ওড়িশার চাঁদিপুরের ইনট্রিগ্রেটেড টেস্ট রেঞ্জে এই দুটি রকেটের সফল পরীক্ষা করা হল।
- রকেট দুটি নির্মাণ করেছে পুণের আর্মামেন্ট রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট এস্টাবলিশমেন্ট এবং হাই এনার্জি মেটেরিয়াল রিসার্চ ল্যাবরেটরি।

ডিআরডিও সফলভাবে পরীক্ষা করল 'অগ্নি-পি (প্রাইম)' মিসাইল

- ডিআরডিও-এর তরফ থেকে সফলভাবে পরীক্ষা করা হল 'অগ্নি-পি (প্রাইম)' মিসাইলের।
- ওড়িশার বালাসোরে এপিজে আব্দুল কালাম দ্বীপে এই সফল পরীক্ষা অনুষ্ঠিত হল।
- এটি একটি নিউক্লিয়ার বহনযোগ্য ভূমি থেকে ভূমি প্রকৃতির মিসাইল।
- ইহার রেঞ্জ 1000-2000 কিমি।

তিনটি নতুন গ্রহাণুপুঞ্জ আবিষ্কার করল ছাত্র-শিক্ষক জুটি

- তামিলনাড়ুর ত্রিচির ভারতী ম্যাট্রিকুলেশন হায়ার সেকেন্ডারি স্কুলের প্রিন্সিপাল বালাভারতী এবং সেন্ট যোশেপ কলেজের বিএসসি ফিজিক্সের ছাত্র ডি আজিমুখিলান আবিষ্কার করলেন তিনটি নতুন গ্রহাণুপুঞ্জ।
- এই গ্রহাণুপুঞ্জ তিনটির নাম রাখা হল BBM2101, BBM2102 এবং BBM2103।
- নাসার ইন্টারন্যাশনাল অ্যাস্ট্রোনমিকাল সার্চ কোলাবরেশন সিটিজেন সায়েন্স প্রোগ্রামের অংশ হিসাবে এটি আবিষ্কৃত হল।

36টি স্যাটেলাইট কক্ষপথে উৎক্ষেপণ করল Oneweb

- রাশিয়ার সাইবেরিয়ার ভস্টোচিনি কসমোড্রোম থেকে Soyuz রকেটের সহায়তায় কক্ষপথে 36টি স্যাটেলাইট উৎক্ষেপণ করল Oneweb।
- এই স্যাটেলাইটগুলি 2021 এর শেষে উত্তর গোলার্ধে বাণিজ্যিক ইন্টারনেট পরিষেবা প্রদান করবে।
- এর ফলে ব্রিটিশ যুক্তরাষ্ট্র, আলাস্কা, উত্তর ইউরোপ, গ্রিনল্যান্ড, আইসল্যান্ড, মার্কিন যুক্তরাষ্ট্র, কানাডা এবং আর্টিক সমুদ্রে ইন্টারনেট পরিষেবা প্রদান করা হবে।

ভারতের প্রথম স্বদেশীয় ড্রোন ডিফেন্স ডোম

- হায়দ্রাবাদের গ্রিন রোবোটিক্সের তরফ থেকে নির্মাণ করা হল ভারতের প্রথম স্বদেশীয় ড্রোন ডিফেন্স ডোম।
- ইহার নাম রাখা হল 'Indrajaal'।
- ইহা মানববিহীন বায়বীয় যান, আগন্তুক মিসাইল, যুদ্ধশালা এবং নিম্ন র‍্যাডার ক্রস থেকে 1000-2000 কিমি এর মধ্যে থাকা শহরগুলিকে 24*7 ঘণ্টা সুরক্ষা প্রদান করবে।

সাতটি স্যাটেলাইট উৎক্ষেপণ Virgin Orbit এর

- তিনটি দেশের সাতটি স্যাটেলাইট উৎক্ষেপণ করল রিচার্ড চার্লস নিকোলাস বেনসন রকেট সংস্থা Virgin Orbit।
- Boeing 747 aircraft এর সহায়তায় মার্কিন যুক্তরাষ্ট্র, নেদারল্যান্ড এবং পোল্যান্ড তিনটি দেশের সাতটি স্যাটেলাইট উৎক্ষেপিত হল।
- ক্যালিফোর্নিয়ার মোজাবে ডিজার্ট থেকে এটির উৎক্ষেপণ করা হল।

চীনের 'FY-3E' মেটেওরোলজিক্যাল স্যাটেলাইটের উৎক্ষেপণ

- চীনের চায়না ন্যাশনাল স্পেস অ্যাডমিনিস্ট্রেশনের তরফ থেকে উৎক্ষেপণ করা হল নতুন মেটেওরোলজিক্যাল স্যাটেলাইট 'Fengyun-3E (FY-3E) এর।
- চীনের জিকুয়ান স্যাটেলাইট লঞ্চ সেন্টার থেকে লং মার্চ 4C বহনযোগ্য রকেটের সাহায্যে এই স্যাটেলাইটের উৎক্ষেপণ করা হল।
- ইহা নাগরিক পরিষেবার জন্য ব্যবহৃত বিশ্বের প্রথম মেটেওরোলজিক্যাল স্যাটেলাইট যা 'dawn satellite' নামে পরিচিত।

Guindy National Park (1976) Tamil Nadu

ইজরায়েলের লং রেঞ্জ মিসাইল সিস্টেম Sea Breaker

- ইজরায়েলের রাফায়েল অ্যাডভান্সড ডিফেন্স সিস্টেমের তরফ থেকে উন্মোচন করা হল পঞ্চম জেনারেশনের মেরিটাইম এবং ল্যান্ড বেসড লং রেঞ্জ অ্যাটাক ওয়েপন সিস্টেম Sea Breaker এর।
- মিসাইলটি চার মিটার লম্বা এবং 400 কেজির কম ওজন বিশিষ্ট।
- এই মিসাইলটির স্ট্যান্ড অফ রেঞ্জ 300 কিমি পর্যন্ত হয়।

ফ্রান্সের লেসার পাওয়ার অ্যান্টি ড্রোন সিস্টেমের পরীক্ষা

- ফ্রেঞ্চ আর্মড ফোর্সের তরফ থেকে সফলভাবে পরীক্ষা করা হল লেসার পাওয়ার অ্যান্টি ড্রোন সিস্টেম 'HELMA-P (High-energy Laser for Multiple Application Power)।
- ফ্রান্সের আটলান্টিক উপকূলের দক্ষিণ পশ্চিম অংশে এই পরীক্ষা করা হল।
- ইহা 3 কিমি পর্যন্ত হাল্কা ওজন বিশিষ্ট বাণিজ্যিক ড্রোন শনাক্তকরণে সক্ষম।

মহাকাশ অপারেশনের বাধা সীমাবদ্ধ করতে নতুন সরঞ্জাম

- মার্কিন যুক্তরাষ্ট্রের ফেডারেল অ্যাভিয়েশন অ্যাডমিনিস্ট্রেশনের তরফ থেকে নির্মাণ করা হল মহাকাশ অপারেশনের বাধা সীমাবদ্ধ করার নতুন সরঞ্জাম 'Space Data Integrator'।
- ইহা পৃথিবীতে প্রত্যাবর্তনকারী রকেট লঞ্চ এবং মহাকাশ যানবাহন ভালোভাবে ট্র্যাকিং করতে সক্ষম।
- এছাড়া এটি এয়ারস্পেস বন্ধ থাকা অবস্থায় সময় সংক্ষিপ্ত করতে সক্ষম।

GISAI-1 স্যাটেলাইট উৎক্ষেপণ করবে ইসরো

- 1 আগষ্ট ইসরোর তরফ থেকে উৎক্ষেপণ করা হবে GISAT-1 বা Geo Imaging Satellite-1 এর।
- ইহা একটি পৃথিবী প্রদক্ষিণকারী স্যাটেলাইট।
- এটি অন্ধ্রপ্রদেশের নেল্লোর জেলার শ্রীহরিকোটার সতীশ ধাওয়ান স্পেস সেন্টার থেকে GSLV-F10 রকেটের মাধ্যমে উৎক্ষেপণ করা হবে।

ভার্জিন গ্যালাকটিকের হিউম্যান স্পেস মিশন 'Unity 22'

- মার্কিন যুক্তরাষ্ট্রের বেসরকারি স্পেসফ্লাইট সংস্থা ভার্জিন গ্যালাকটিকের তরফ থেকে ঘোষণা করা হল ছয় সদস্য বিশিষ্ট হিউম্যান স্পেস মিশনের।
- এই স্পেস মিশনের নাম রাখা হল 'Unity 22' এর।
- এই স্পেস মিশনের চতুর্থ সদস্য হল ভারতীয় বংশোদ্ভূত শিরিষ বান্দলা।

সুপারফ্লুইড হিলিয়ামে আবিষ্কৃত হল দুই প্রজাতির Few-Electron Bubbles

- বেঙ্গালুরুর ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ সায়েন্সের বিজ্ঞানীরা সুপারফ্লুইড হিলিয়ামে আবিষ্কৃত হল দুই প্রজাতির Few-Electron Bubbles।
- সায়েন্স অ্যাডভান্সে এই স্টাডিটি প্রকাশিত হল।
- এই বিজ্ঞানী দলের প্রধান হলেন প্রফেসর অম্বারিশ ঘোষ।

বিরল সুপারলুমিনোস সুপারনোভার সন্ধান ভারতীয় গবেষকদের

- ভারতীয় গবেষকদের একটি দল সন্ধান পেল বিরল সুপারলুমিনোস সুপারনোভার।
- উত্তরাখণ্ডের নৈনিতালের Devasthal Optical Telescope, নৈনিতালের Sampurnanand Telescope এবং লাদাখের Himalayan Chandra Telescope এই সুপারনোভার সন্ধানে সহায়তা করল।
- সুপারনোভাটি খুবই উজ্জ্বল, স্বল্প হাইড্রোজেন যুক্ত ও দ্রুত পরিবর্তনশীল।

দশটি P-8I এয়ারক্রাফট পেল ভারতীয় নৌবাহিনী

- মার্কিন যুক্তরাষ্ট্রের সংস্থা Boeing ভারতীয় নৌবাহিনীকে দশটি P-8I Maritime Surveilance Aircraft (Poseidon-8I) সরবরাহ করল।
- গোয়ার আইএনএস হান্সাতে এগুলিকে সংগ্রহ করা হল।
- Boeing এর তরফ থেকে ভারতীয় নৌবাহিনীকে প্রেরণ করা এটি দ্বিতীয় P-8I এয়ারক্রাফট।

বিশ্বের ক্ষুদ্রতম বাণিজ্যিক মড্যুলার রিয়াক্টারের নির্মাণ কাজ শুরু

- চীনের চায়না ন্যাশনাল নিউক্লিয়ার কর্পোরেশনের তরফ থেকে শুরু করা হল বিশ্বের ক্ষুদ্রতম বাণিজ্যিক মড্যুলার রিয়াক্টারের।
- এটির নাম রাখা হল 'Linglong One'।
- চীনের হরিয়ানা প্রদেশের চ্যাংজিয়াং নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্টে এটির নির্মাণ কাজ শুরু হবে।
- এটির প্রতিটি ইউনিট 125 মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনে সক্ষম।

বিকাশ ইঞ্জিনের তৃতীয় দীর্ঘমেয়াদি উষ্ণ পরীক্ষা

- ইসরোর তরফ থেকে তৃতীয়বারের জন্য দীর্ঘমেয়াদি উষ্ণ পরীক্ষা করা হল বিকাশ ইঞ্জিনের।
- ইসরোর গগনযান প্রোগ্রামের জন্য এই ইঞ্জিন ব্যবহৃত হবে।
- GSLV MKIII Vehicle এর মাধ্যমে L110 তরল পর্যায়ে এই পরীক্ষা করা হল।

BrahMos মিসাইলের বর্ধিত সংস্করণের পরীক্ষা ব্যর্থ

- ব্যর্থ হল BrahMos সুপারসনিক ক্রুজ মিসাইলের পরীক্ষা।
- ওড়িশার সমুদ্রতটে এই পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল।
- এই মিসাইলের রেঞ্জ 450 কিমি।

রাশিয়ার Zircon হাইপারসনিক ক্রুজ মিসাইলের সফল পরীক্ষা

- রাশিয়ার তরফ থেকে সফলভাবে পরীক্ষা করা হল Zircon হাইপারসনিক ক্রুজ মিসাইলের।
- শ্বেত সাগর থেকে রাশিয়ার নৌবাহিনীর অ্যাডমিরাল Gorshkov যুদ্ধ জাহাজ থেকে এই মিসাইলের উৎক্ষেপণ ঘটানো হল।

Astraphobia - Fear of thunder and lightning

গুরুত্বপূর্ণ দিবস/সপ্তাহ

২৩ জুন : ইন্টারন্যাশনাল উইডোজ ডে

২৩ জুন ইউনাইটেড নেশনসের তরফ থেকে বিশ্বজুড়ে পালন করা হল ইন্টারন্যাশনাল উইডোজ ডে। বিধবাদের অভিজ্ঞতা জনসাধারণের সামনে তুলে ধরতে এবং তাদের সহায়তা প্রদান করার জন্য প্রতি বছর এই দিবস পালন করা হয়ে থাকে।

২৩ জুন : ইন্টারন্যাশনাল অলিম্পিক ডে

২৩ জুন বিশ্বজুড়ে পালিত হল ইন্টারন্যাশনাল অলিম্পিক ডে। অলিম্পিক সম্পর্কে বিশ্বজুড়ে প্রচারের উদ্দেশ্যে এই দিবস পালন করা হল। ১৮৯৪ সালের এই দিনেই ফ্রান্সের প্যারিসে তৈরি হয়েছিল ইন্টারন্যাশনাল অলিম্পিক কমিটি।

২৩ জুন : ইউনাইটেড নেশনস পাবলিক সার্ভিস ডে

২৩ জুন ইউনাইটেড নেশনসের তরফ থেকে বিশ্বজুড়ে পালন করা হল ইউনাইটেড নেশনস পাবলিক সার্ভিস ডে। পাবলিক সার্ভিসের সঙ্গে যুক্ত ব্যক্তিদের উদ্বুদ্ধ করতে এবং পাবলিক সেক্টরকে কেরিয়ার হিসাবে গ্রহণ করার জন্য যুবদের উদ্বুদ্ধ করতে এই দিবস পালন করা হয়ে থাকে।

২৫ জুন : ডে অফ দ্য সিফেরার

২৫ জুন বিশ্বজুড়ে পালিত হল ডে অফ দ্য সিফেরার। বিশ্ব অর্থনীতি এবং বাণিজ্যের ক্ষেত্রে সিফেরারদের অবদানকে স্বীকৃতি প্রদান করতে এই দিবস পালন করা হয়ে থাকে।

২৫ জুন : ওয়ার্ল্ড ভিটিলিগো ডে

২৫ জুন বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড ভিটিলিগো ডে। বিরল চর্ম রোগ ভিটিলিগো সম্পর্কে জনসচেতনতা গড়ে তুলতে এই দিবস পালন করা হয়। এই দিবসের এ বছরের থিম– 'Embracing Life with Vitiligo'। ২০২১ সালে পালিত এই দিবসের আয়োজক হল ইন্দোনেশিয়ার জাকার্তা এবং এটি এই দিবসের এবছরের ক্যাম্পেইন হেডকোয়ার্টার্স। ২০০৯ সালের এই দিনেই মার্কিন গায়ক তথা পপ সঙ্গীতের জনক মাইকেল জ্যাকসন মারা গিয়েছিলেন এবং মৃত্যুবার্ষিকীতে তাঁকে সম্মান জানাতে এই দিবস পালন করা হয়ে থাকে।

২৬ জুন : ইন্টারন্যাশনাল ডে ইন সাপোর্ট অফ ভিকটিমস অফ টরচার

২৬ জুন ইউনাইটেড নেশনসের তরফ থেকে বিশ্বজুড়ে পালন করা হল ইন্টারন্যাশনাল ডে ইন সাপোর্ট অফ ভিকটিমস অফ টরচার। নির্যাতনের শিকার হওয়া মানুষের কষ্ট সম্পর্কে জনসচেতনতা গড়ে তুলতে এবং সেই সমস্ত মানুষদের সম্মান ও সহায়তা প্রদান করতে এই দিবস পালন করা হয়ে থাকে।

২৬ জুন : ইন্টারন্যাশনাল ডে এগেইন্সট ড্রাগ অ্যাবুউস অ্যান্ড ইলিসিট ট্রাফিকিং

২৬ জুন ইউনাইটেড নেশনসের তরফ থেকে বিশ্বজুড়ে পালন করা হল ইন্টারন্যাশনাল ডে এগেইন্সট ড্রাগ অ্যাবুউস অ্যান্ড ইলিসিট ট্রাফিকিং। ড্রাগের অপব্যবহার এবং ড্রাগ পাচার সম্পর্কে বিশ্বজুড়ে জনসচেতনতা গড়ে তুলতে এই দিবস পালন করা হয়ে থাকে। এই দিবসের এবছরের থিম– 'Share Facts On Drugs, Save Lives'।

২৭ জুন : মাইক্রো, স্মল অ্যান্ড মিডিয়াম-সাইজ এন্টারপ্রাইজ ডে

২৭ জুন ইউনাইটেড নেশনসের তরফ থেকে বিশ্বজুড়ে পালন করা হল মাইক্রো, স্মল অ্যান্ড মিডিয়াম-সাইজ এন্টারপ্রাইজ ডে। বিশ্ব অর্থনীতি এবং সাস্টেনেবল ডেভেলপমেন্টের ক্ষেত্রে ছোটি, ক্ষুদ্র এবং মাঝারি শিল্পোদ্যোগগুলির অবদান সম্পর্কে জনসচেতনতা গড়ে তুলতে এই দিবস পালন করা হয়ে থাকে। এই দিবসের এবছরের থিম– 'MSME 2021 : Key to an inclusive and sustainable recovery'।

২৮ জুন : ন্যাশনাল ইন্সিয়োরেন্স অ্যাওয়ারনেস ডে

২৮ জুন সারা দেশজুড়ে পালিত হল ন্যাশনাল ইন্সিয়োরেন্স অ্যাওয়ারনেস ডে। বিমার বিষয়ে জনসচেতনতা গড়ে তুলতে এবং দেশের নাগরিককে তাদের বিমা পলিসি পর্যালোচনার জন্য উদ্বুদ্ধ করতে এই দিবস পালন করা হয়ে থাকে।

২৯ জুন : ন্যাশনাল স্ট্যাটিসটিক্স ডে

২৯ জুন সারা দেশজুড়ে পালিত হল ন্যাশনাল স্ট্যাটিসটিক্স ডে। ভারতীয় স্ট্যাটিসটিক্সের জনক পদ্মভূষণ পদকপ্রাপ্ত প্রফেসর প্রশান্ত চন্দ্র মহালানবীশের জন্মদিন উপলক্ষ্যে এই দিবস পালন করা হয়ে থাকে। এই দিবস উপলক্ষ্যে নাগরিকদের মধ্যে নিত্যপ্রয়োজনের জন্য স্ট্যাটিসটিক্সের ব্যবহার বিষয়ে জনসচেতনতা গড়ে তোলা হয় এবং কোনো পলিসির রূপদানের জন্য স্ট্যাটিসটিক্স কতটা গুরুত্বপূর্ণ সেই বিষয়ে জনগণকে অবগত করা হয়। এই দিবসের এবছরের থিম– 'Sustainable Development Goals (SDGs)-2 : End Hunger, Achieve Food Security and Improved Nutrition and Promote Sustainable Agriculture'।

২৯ জুন : ইন্টারন্যাশনাল ডে অফ দ্য ট্রপিকস

২৯ জুন বিশ্বজুড়ে পালিত হল ইন্টারন্যাশনাল ডে অফ ট্রপিকস। ট্রপিক্যাল অঞ্চলের বৈচিত্র উদ্‌যাপন করতে এবং ট্রপিক্যাল অঞ্চলের মানুষদের কী সমস্ত প্রতিকূলতা এবং সুযোগের সম্মুখীন হয় তার বিষয়ে জনসচেতনতা গড়ে তুলতে এই দিবস পালন করা হয়ে থাকে।

Khangchendzonga National Park (1977) Sikkim

৩০ জুন : ইন্টারন্যাশনাল অ্যাস্টেরয়েড ডে

৩০ জুন ইউনাইটেড নেশনসের তরফ থেকে বিশ্বজুড়ে পালিত হল ইন্টারন্যাশনাল অ্যাস্টেরয়েড ডে। গ্রহাণুপুঞ্জ সংক্রান্ত সুযোগ এবং বিপদ সম্পর্কে জনগণকে সচেতন করতে এবং শিক্ষিত করে তুলতে এই দিবস পালন করা হয়ে থাকে।

৩০ জুন : ইন্টারন্যাশনাল ডে অফ পার্লামেন্টারিজম

৩০ জুন ইউনাইটেড নেশনসের তরফ থেকে বিশ্বজুড়ে পালিত হল ইন্টারন্যাশনাল ডে অফ পার্লামেন্টারিজম। জাতীয় পরিকল্পনা এবং স্ট্যাটেজির ক্ষেত্রে পার্লামেন্টের গুরুত্বকে তুলে ধরতে এই দিবস পালন করা হয়ে থাকে। ১৮৮৯ সালের এই দিনেই Inter-Parliamentary Union স্থাপিত হয়েছিল।

১ জুলাই : ন্যাশনাল ডক্টরস ডে

১ জুলাই সারা দেশজুড়ে পালিত হল ন্যাশনাল ডক্টরস ডে। ডাক্তারদের তাদের পেশার জন্য সম্মান জানাতে এবং সমাজের প্রতি তাদের অবদানকে স্বীকৃতি প্রদান করতে এই দিবস পালন করা হয়ে থাকে। পশ্চিমবঙ্গের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা বিশিষ্ট চিকিৎসক ডঃ বিধান চন্দ্র রায়ের জন্ম ও মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে এই দিবস পালন করা হয়ে থাকে। এই দিবসের এবছরের থিম– 'Save the Saviours'।

১ জুলাই : গুডস অ্যান্ড সার্ভিস ট্যাক্স (জিএসটি) ডে

১ জুলাই সারা দেশজুড়ে পালিত হল গুডস অ্যান্ড সার্ভিস ট্যাক্স (জিএসটি) ডে। ২০১৭ সালের এই দিনেই সারা দেশে জিএসটি কার্যকর হয়েছিল। ২০১৮ সালে প্রথমবার এই দিবস পালন করা হয়েছিল। সেন্ট্রাল বোর্ড অফ ইনডাইরেক্ট ট্যাক্স অ্যান্ড কাস্টমসের তরফ থেকে সারা দেশজুড়ে এই দিবস পালন করা হয়েছিল।

১-৭ জুলাই : ক্রপ ইন্সিয়োরেন্স উইক

১-৭ জুলাই পালিত হল ক্রপ ইন্সিয়োরেন্স উইক। ভার্চুয়াল প্ল্যাটফর্মে কেন্দ্রীয় কৃষি ও কৃষককল্যাণ মন্ত্রী নরেন্দ্র সিং তোমার এই সপ্তাহের সূচনা করলেন। এছাড়া এই সপ্তাহ উদ্‌যাপন উপলক্ষ্যে তিনি ক্রপ ইন্সিয়োরেন্স অ্যাওয়ারনেস ক্যাম্পেইনের সূচনা করলেন। অন্যদিকে কেরলের রাজ্য কৃষি দপ্তরের তরফ থেকে ১ জুলাই ক্রপ ইন্সিয়োরেন্স দিবস এবং ১-১৫ জুলাই পর্যন্ত দ্বিসাপ্তাহিক ক্রপ ইন্সিয়োরেন্স উইক পালন করা হল।

১ জুলাই : ফাউন্ডেশন ডে অফ এসবিআই

১ জুলাই সারা দেশজুড়ে পালিত হল ফাউন্ডেশন ডে অফ এসবিআই এর। ১৯৫৫ সালের এই দিনেই ভারত সরকার তৎকালীন ইম্পেরিয়াল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া অধিগ্রহণ করে রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার ৬০ শতাংশ অংশীদারিত্ব অধিগ্রহণের মাধ্যমে এবং স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া নামকরণ করে। বর্তমানে এটি দেশের বৃহত্তম কমার্শিয়াল ব্যাঙ্ক। এই বছরের প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া কোভিড-১৯ এর বিরুদ্ধে লড়াইয়ের জন্য পিএম কেয়ার ফান্ডে ৬২ কোটি টাকা প্রদান করল।

১ জুলাই : ন্যাশনাল চাটার্ড অ্যাকাউনটেন্ট ডে

১ জুলাই সারা দেশজুড়ে পালিত হল ন্যাশনাল চাটার্ড অ্যাকাউনটেন্ট ডে। ১৯৪৯ সালের এই দিনেই সংসদের চাটার্ড অ্যাকাউনটেন্ট অ্যাক্ট, ১৯৪৯ এর বলে ইনস্টিটিউট অফ চাটার্ড অ্যাকাউনটেন্ট অফ ইন্ডিয়া প্রতিষ্ঠা করা হয়েছিল। এই বছর ৭৩তম এই দিবস পালিত হল।

১ জুলাই : ন্যাশনাল পোস্টাল ওয়াকার্স ডে

১ জুলাই সারা দেশজুড়ে পালিত হল ন্যাশনাল পোস্টাল ওয়াকার্স ডে। এই দিবস পালনের মূল উদ্দেশ্য হল ডাক কর্মীদের সম্মান জানানো যারা সঠিক সময়ে আমাদের চিঠিপত্র পৌঁছে দিয়ে থাকেন।

১ জুলাই : ইন্টারন্যাশনাল ফ্রুট ডে

১ জুলাই বিশ্বজুড়ে পালিত হল ইন্টারন্যাশনাল ফ্রুট ডে। পরিবার, বন্ধু এবং দরকারি মানুষের কাছে সমবেদনা এবং আনন্দ হিসাবে ফল ভাগ করে নিতে এই দিবস পালন করা হয়ে থাকে। এই দিবসের এবছরের মোটো 'Create Change Together' এবং এই বছরের এই দিবসের ফল হিসাবে চিহ্নিত করা হল তরমুজকে। ২০০৭ সালে প্রথমবার এই দিবস পালিত হয়েছিল।

২ জুলাই : ওয়ার্ল্ড স্পোর্টস জার্নালিস্ট ডে

২ জুলাই বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড স্পোর্টস জার্নালিস্ট ডে। ক্রীড়া সাংবাদিকতার সঙ্গে যুক্ত সাংবাদিকদের সম্মান জানাতে প্রতি বছর এই দিবস পালন করা হয়ে থাকে। অ্যাসোসিয়েশন ইন্টারনেটিওনালে ডেলা প্রেসে স্পোর্টিভ এর তরফ থেকে এই দিবস পালন করা হয়ে থাকে। ১৯২৪ সালের এই দিনেই অ্যাসোসিয়েশন ইন্টারনেটিওনালে ডেলা প্রেসে স্পোর্টিভ স্থাপিত হয়েছিল।

৩ জুলাই : ইন্টারন্যাশনাল প্লাস্টিক ব্যাগ ফ্রি ডে

৩ জুলাই সারা বিশ্বজুড়ে পালিত হল ইন্টারন্যাশনাল প্লাস্টিক ব্যাগ ফ্রি ডে। প্লাস্টিক ব্যাগ পরিবেশের জন্য কতটা ক্ষতিকারক সেই বিষয়ে জনসচেতনতা গড়ে তুলতে এবং প্লাস্টিক ব্যাগ ব্যবহার না করার জন্য জনগণকে অবগত করতে এই দিবস পালন করা হয়ে থাকে।

৩ জুলাই : ইন্টারন্যাশনাল ডে অফ কোঅপারেটিভ

৩ জুলাই ইউনাইটেড নেশনসের তরফ থেকে সারা বিশ্বজুড়ে পালন করা হল ইন্টারন্যাশনাল ডে অফ কোঅপারেটিভ। প্রতি বছর জুলাই মাসের প্রথম শনিবার এই দিবস পালন করা হয়ে থাকে। কোঅপারেটিভ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি করতে এবং কোঅপারেটিভ মুভমেন্টের অবদানকে সকলের সামনে তুলে ধরতে প্রতি বছর এই দিবস পালন করা হয়ে থাকে। এই দিবসের এবছরের থিম– 'Rebuild better together'।

৬ জুলাই : ওয়ার্ল্ড জুনুসেস ডে

৬ জুলাই বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড জুনুসেস ডে। জুনুটিক রোগ বা জুনুসেস সম্পর্কে জনসচেতনতা গড়ে তুলতে এই দিবস পালন করা হয়ে থাকে। এই রোগ মানুষ থেকে পশুদের শরীরে সংক্রমিত হয়।

Atelophobia - Fear of imperfection

১০ জুলাই : ন্যাশনাল ফিস ফার্মার্স ডে

১০ জুলাই সারা দেশজুড়ে পালিত হল ন্যাশনাল ফিস ফার্মার্স ডে। ১৯৫৭ সালের এই দিনেই ডঃ কে এইচ আলিকুনি এবং ডঃ হীরালাল চৌধুরি সফলভাবে ভারতীয় মেজর কার্পের প্রজনন ঘটাতে সক্ষম হয়েছিলেন। তাঁদের এই অবদানকে স্বীকৃতি প্রদান করতে প্রতি বছর এই দিবস পালন করা হয়ে থাকে। এই বছর ২১তম এই দিবস পালিত হল।

১১ জুলাই : ওয়ার্ল্ড পপুলেশন ডে

১১ জুলাই সারা বিশ্বজুড়ে ইউনাইটেড নেশনসের তরফ থেকে পালন করা হল ওয়ার্ল্ড পপুলেশন ডে। জনসংখ্যা ঘটিত সমস্যা বিষয়ে জনসচেতনতা গড়ে তুলতে প্রতি বছর এই দিবস পালন করা হয়ে থাকে। ১৯৯০ সালে প্রথমবার এই দিবস পালিত হয়েছিল।

১২ জুলাই : মালালা ডে

১২ জুলাই বিশ্বজুড়ে পালিত হল মালালা ডে। কনিষ্ঠ নোবেল প্রাপক তথা পাকিস্তানের মহিলা শিক্ষাকর্মী মালালা ইউসুফজাইয়ের জন্মদিন উপলক্ষ্যে এই দিবস পালিত হল।

১৫ জুলাই : ওয়ার্ল্ড ইয়ুথ স্কিল ডে

১৫ জুলাই বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড ইয়ুথ স্কিল ডে। এই দিবস পালনের মূল উদ্দেশ্য হল চাকরি, সুন্দর কাজ এবং উদ্যোগের জন্য যুবকদের দক্ষতা বৃদ্ধি করে ক্ষমতায়নে সহায়তা করা। এই দিবসের এ বছরের থিম– 'Reimagining Youth Skills Post-Pandemic'।

১৫ জুলাই : ওয়ার্ল্ড প্লাস্টিক সার্জারি ডে

১৫ জুলাই বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড প্লাস্টিক সার্জারি ডে। পূর্বে এই দিবস ন্যাশনাল প্লাস্টিক সার্জারি ডে হিসাবে পরিচিত ছিল। প্লাস্টিক সার্জারির গুরুত্ব বিষয়ে সচেতনতা গড়ে তুলতে এবং এই বিষয়ে জনগণকে অবগত করতে এই দিবস পালন করা হল।

১৭ জুলাই : ডে অফ ইন্টারন্যাশনাল ক্রিমিনাল জাস্টিস

১৭ জুলাই ইন্টারন্যাশনাল ক্রিমিনাল কোর্টের তরফ থেকে বিশ্বজুড়ে পালিত হল ডে অফ ইন্টারন্যাশনাল ক্রিমিনাল জাস্টিস। আন্তর্জাতিক ক্রিমিনাল আইন সংক্রান্ত বিচারের জন্য বিচাকরদের সম্মান জানাতে এবং বিশ্বে শান্তি ও শৃঙ্খলা স্থাপনে বিচারকদের গুরুত্বকে সম্মান জানাতে এই দিবস পালন করা হয়ে থাকে।

১৮ জুলাই : নেলসন ম্যান্ডেলা ডে

১৮ জুলাই ইউনাইটেড নেশনসের তরফ থেকে বিশ্বজুড়ে পালন করা হল নেলসন ম্যান্ডেলা ডে। নেলসন ম্যান্ডেলার জন্মদিন উপলক্ষ্যে বিচার, শান্তি এবং আফ্রিকার সংগ্রামে তাঁর অবদানকে স্বীকৃতি জানাতে এই দিবস পালন করা হল। এই দিবসের এবছরের থিম– 'One Hand Can Feed Another'।

১৯ জুলাই : ব্যাঙ্ক ন্যাশনালাইজেশন ডে

১৯ জুলাই সারা দেশজুড়ে পালিত হল ব্যাঙ্ক ন্যাশনালাইজেশন ডে। ১৯৬৯ সালের এই দিনেই দেশের ১৪টি প্রধান ব্যাঙ্কের জাতীয়করণ ঘটেছিল। এই বছর ব্যাঙ্ক জাতীয়করণে ৫২তম বর্ষ পালিত হল।

২০ জুলাই : ওয়ার্ল্ড চেস ডে

২০ জুলাই বিশ্বজুড়ে পালিত হল ওয়ার্ল্ড চেস ডে। বিশ্বজুড়ে ওয়ার্ল্ড চেস ফেডারেশনের গুরুত্বকে তুলে ধরতে এই দিবস পালন করা হল। এই বছর ৯৭তম এই দিবস পালন করা হল।

২০ জুলাই : স্পেস এক্সপ্লোরেশন ডে

২০ জুলাই বিশ্বজুড়ে পালিত হল স্পেস এক্সপ্লোরেশন ডে। চাঁদের মাটিতে বিশ্বের প্রথম মনুষ্য মিশন অর্থাৎ মার্কিন যুক্তরাষ্ট্রের Apollo 11 এর বার্ষিকী উদ্‌যাপনের জন্য এই দিবস পালন করা হল। মহাকাশ অন্বেষণ করতে জনগণকে উৎসাহ প্রদান করতে এবং যুবদের স্পেস সায়েন্স এবং স্পেস এক্সপ্লোরেশনকে কেরিয়ার হিসাবে গ্রহণ করার জন্য উৎসাহ প্রদান করতে এই দিবস পালন করা হল।

২২ জুলাই : ওয়ার্ল্ড ব্রেন ডে

২২ জুলাই সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড ফেডারেশন অফ নিউরোলজির তরফ থেকে পালন করা হল ওয়ার্ল্ড ব্রেন ডে। স্নায়ুতন্ত্রজনিত রোগ এবং তার প্রভাব সম্পর্কে জনসচেতনতা গড়ে তুলতে প্রতি বছর এই দিবস পালন করা হয়ে থাকে। এই দিবসের এ বছরের থিম– 'Stop Multiple Sclerosis'।

বই ও লেখক

'My Joys and Sorrows – as a Mother of a Special Child'

সদ্য প্রাক্তন কেন্দ্রীয় স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ মন্ত্রী ডঃ হর্ষ বর্ধন প্রকাশ করলেন ডঃ কৃষ্ণা সাক্সেনা রচিত 'My Joys and Sorrows – as a Mother of a Special Child' বইটি। বইটি ডঃ কৃষ্ণা সাক্সেনার আত্মজীবনী যা তাঁর বিশেষভাবে অক্ষম সন্তান শিবের ওপর রচিত হয়েছে।

'Anomalies In Law and Justice'

সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি জাস্টিস এনভি রমানা প্রকাশ করলেন সুপ্রিম কোর্টের প্রাক্তন বিচারপতি জাস্টিস আরভি রবীন্দ্রন রচিত 'Anomalies In Law and Justice' বইটি। বইটি বিচার ব্যবস্থার পরিবর্তনের ওপর রচিত হয়েছে এবং বইটিতে বিচার ব্যবস্থার জটিলতা তুলে ধরা হয়েছে যেগুলি সাধারণ মানুষকে বিচার ব্যবস্থার ওপর থেকে বিশ্বাস হারাতে সহায়তা করে।

Eravikulam National Park (1978) Kerala

EEEEEEKKKS! - I Saw a Mosquito'

প্রকাশিত হল আর্থি মুথান্না সিং এবং মমতা নৈনি রচিত EEEEEEKKKS! I Saw a Mosquito' সিরিজটি। এই সিরিজের অধীনে চারটি বই রয়েছে। শিশুদের বিভিন্ন পতঙ্গের সহিত পরিচয় স্থাপনের উদ্দেশ্যে ওয়ার্ল্ড ওয়াইড ফান্ড ফর নেচার এবং পেঙ্গুইন র‍্যান্ডম হাউস ইন্ডিয়া সিরিজটি নিয়ে আসল।

'Will'

প্রকাশিত হতে চলেছে মার্কিন অভিনেতা, র‍্যাপার এবং প্রযোজক উইল স্মিথ এবং সহ লেখক মার্ক ম্যানসন রচিত 'Will' বইটি। এটি উইল স্মিথের স্মৃতি গ্রন্থ। ২০২১ সালের নভেম্বর মাসে বইটি প্রকাশিত হবে।

'What is Consciousness' এবং 'What is Para Consciousness'

প্রকাশিত হল ইন্দো-মার্কিন লেখক ডঃ বিপিন গুপ্ত রচিত তাঁর পঞ্চম এবং ষষ্ঠ বই যথাক্রমে 'What is Consciousness' এবং 'What is Para Consciousness'। বই দুটি প্রোজেক্ট VIPIN (Vastly Integrated Processes Inside Nature) এর অধীনে প্রকাশিত হল। পঞ্চম বইটি চেতনা এবং ষষ্ঠ বইটি আধা চেতনার ওপর রচিত হয়েছে।

'The 7 Sins of Being A Mother'

প্রকাশিত হতে চলেছে চলচ্চিত্র নির্মাতা লেখক তাহিরা কাশ্যপ খুরান্না রচিত 'The 7 Sins of Being A Mother' বইটি। মা হওয়ার সাতটি পাপের কথার উপর বইটি রচতি হবে। এটি তাঁর পঞ্চম বই।

'It's a Wonderful Life'

প্রকাশিত হল ইন্দো-ব্রিটিশ লেখক রাস্কিন বন্ড রচিত 'It's a Wonderful Life' বইটি। বইটি বোধগম্যতা, উৎসাহ, গভীরভাবে চলমান এবং অকাল্পনিক উপায়ের উপর রচিত হয়েছে।

'The Startup Wife'

প্রকাশিত হল তাহামিমা আনম রচিত 'The Startup Wife' বইটি। বইটি উচ্চ প্রতিযোগিতা চালিত বিশ্বে আধুনিক যুগের দ্রুত বিবাহের ওপর রচিত হয়েছে।

'Fiercely Female : The Dutee Chand Story'

প্রকাশিত হল সাংবাদিক সুন্দীপ মিশ্র রচিত 'Fiercely Female : The Dutee Chand Story'। বইটি ভারতীয় স্প্রিন্টার দ্যুতি চাঁদের লিঙ্গ বিতর্কের ওপর রচিত হয়েছে।

'Janaksuta Sut Shaurya'

মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী শিবরাজ সিং চৌহান প্রকাশ করলেন ডঃ গৌরিশঙ্কর রচিত 'Janaksuta Sut Shaurya' বইটি। বইটি উত্তর রামায়ণের ওপর ভিত্তি করে সরল ও সহজ কবিতায় রচিত হয়েছে।

'Growing Up Biden'

প্রকাশিত হতে চলেছে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের বোন ভ্যালেরি বাইডেন ওয়েন রচিত 'Growing Up Biden' স্মৃতি গ্রন্থটি। বইটিতে জো বাইডেন সহ বাকি তিন ভাইয়ের সঙ্গে তাঁদের একমাত্র বোন ভ্যালেরি বাইডেন ওয়েনের ছোট বেলার মধুর সম্পর্কের স্মৃতিকথা ফুটে উঠবে। ২০২২ সালের এপ্রিল মাসে বইটি প্রকাশিত হবে।

'The Struggle Within : A Memoir of the Emergency'

প্রকাশিত হল জিম্বাবোয়ে সরকারের অর্থনীতিবিদ তথা সিনিয়র অর্থ উপদেষ্টা অশোক চক্রবর্তী রচিত 'The Struggle Within : A Memoir of the Emergency' বইটি। বইটি জরুরি অবস্থার অন্ধকার স্মৃতির ওপর রচিত হয়েছে।

'Nathuram Godse : The True Story of Gandhi's Assassin'

প্রকাশিত হল সাংবাদিক ধবল কুলকার্নি রচিত 'Nathuram Godse : The True Story of Gandhi's Assassin' বইটি। বইটি জাতির জনক গান্ধীজির হত্যাকারী নাথুরাম গডসের জীবনীর ওপর রচিত হয়েছে।

'Operation Khukri'

প্রকাশিত হল মেজর জেনারেল রাজপাল পুনিয়া এবং তাঁর কন্যা দামিনি পুনিয়া রচিত 'Operation Khukri' বইটি। বইটি পশ্চিম আফ্রিকার দেশ সিয়েরা লিয়নে ভারতীয় সেনার দ্বারা ২০০ ভারতীয় শান্তিবাহককে উদ্ধারের জন্য সংগঠিত 'অপারেশন কুকরি' এর ওপর রচিত হয়েছে। বইটি হাবিলদার কৃষ্ণণ কুমারকে উৎসর্গ করা হল যিনি একমাত্র সৈনিক হিসাবে 'অপারেশন কুকরি' তে প্রাণ হারিয়েছেন।

'Policymaker's Journal : From New Delhi to Washington, DC'

প্রকাশিত হল ভারতীয় অর্থনীতিবিদ তথা পদ্মভূষণ প্রাপক কৌশিক বসু রচিত 'Policymaker's Journal : From New Delhi to Washington, DC' বইটি। বইটিতে কৌশিক বসুর জীবনের সাত বছরের অভিজ্ঞতার কথা তুলে ধরা হয়েছে যে সময়ে তিনি ভারত সরকারের প্রধান আর্থিক উপদেষ্টা এবং ওয়াশিংটন ডিসিতে বিশ্ব ব্যাঙ্কের প্রধান অর্থনীতিবিদের দায়িত্ব পালন করেছেন।

'The Fourth Lion : Essay for Gopalkrishna Gandhi'

প্রকাশিত হল বেণু মাধব গোবিন্দ এবং শ্রীনাথ রাঘবন রচিত 'The Fourth Lion : Essays for Gopalkrishna Gandhi' বইটি। বইটি গোপালকৃষ্ণ গান্ধী যিনি পশ্চিমবঙ্গের ২৩তম রাজ্যপাল ছিলেন তাঁর চল্লিশ বছরের প্রশাসক, লেখক, কূটনীতিক অভিজ্ঞতার ওপর রচিত হয়েছে।

Automatonophobia - Fear of Human-Like Figures

'India To The Rescue'

প্রকাশিত হল সাংবাদিক সুশান্ত সিং এবং শিশু গ্রন্থর রচয়িতা শ্রুতি রাও রচিত 'India To The Rescue' বইটি। বইটি 'অপারেশন ক্যাকটাস' এর ওপর রচিত হয়েছে।

'Lady Doctors : The Untold Stories of India's First Women in Medicine'

প্রকাশিত হতে চলেছে কবিতা রাও রচিত 'Lady Doctors : The Untold Stories of India's First Women in Medicine' বইটি। বইটি ভারতের প্রথম মহিলা ডাক্তারদের ওপর রচিত হবে যাদের ইতিহাস মনে রাখেনি।

'The Art of Conjuring Alternate Realities'

প্রকাশিত হল শিবম শঙ্কর সিং এবং আনন্দ ভেঙ্কটনারায়ণ রচিত 'The Art of Conjuring Alternate Realities' বইটি। বাস্তবতাকে আকার প্রদান করতে শিল্প উপলব্ধি ব্যবস্থা কীভাবে সহায়তা করে তার ওপর বইটি রচিত হয়েছে।

'Kareena Kapoor Khan's Pregnancy Bible'

প্রকাশিত হল বলিউড অভিনেত্রী করিনা কাপুর খান এবং অদিতি শাহ ভিমজানি রচিত 'Kareena Kapoor Khan's Pregnancy Bible' বইটি। বইটিতে করিনা কাপুর খানের গর্ভবতী অবস্থার অভিজ্ঞতা ও জ্ঞান অর্জনের কথা ফুটে উঠেছে।

'A New Cold War : Henry Kissinger and the Rise of China'

প্রকাশিত হল সঞ্জয় বারু এবং রাহুল শর্মা রচিত 'A New Cold War : Henry Kissinger and the Rise of China' বইটি। ১৯৭১ সালে মার্কিন যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা হেনরি কিসিংগারের গোপন চীন যাত্রার বিবরণ বইটিতে ফুটে উঠেছে এবং চীন ও মার্কিন যুক্তরাষ্ট্রের অন্তর্বর্তী সম্পর্কের কথাও বইটিতে বর্ণনা করা হয়েছে।

'Palleku Pattabhishekam'

১১ জুলাই উপরাষ্ট্রপতি এম বেঙ্কাইয়া নাইডু প্রকাশ করলেন অন্ধ্রপ্রদেশের প্রাক্তন সাংসদ ইয়ালামানচিলি শিবাজি রচিত 'Palleku Pattabhishekam' বইটি। বইটি গ্রামীণ ভারত এবং কৃষির উপর রচিত হয়েছে।

'The Long Game : How the Chinese Negotiate with India'

প্রকাশিত হল প্রাক্তন বিদেশ সচিব বিজয় গোখলে রচিত 'The Long Game : How the Chinese Negotiate with India' বইটি। বইটি কূটনীতিক এবং ভারতের প্রতি চীনা মনোভাবের উপর রচিত হয়েছে।

'Riding Free : My Olympic Journey'

প্রকাশিত হল ভারতীয় অশ্বারোহী ইমতিয়াজ অনীশ রচিত 'Riding Free : My Olympic Journey' স্মৃতি গ্রন্থটি। এই বইটিতে ইমতিয়াজ অনীশ অশ্বারোহী হিসাবে ২০০০ সালের সিডনি অলিম্পিকের অভিজ্ঞতার কথা প্রকাশ করেছেন।

'Urdu Poets and Writers – Gems of Deccan'

উপরাষ্ট্রপতি এম বেঙ্কাইয়া নাইডু প্রকাশ করলেন জে এস ইফতিকার রচিত Urdu Poets and Writers – Gems of Deccan' বইটি। ডেকান অঞ্চলের সাহিত্য ও সাংস্কৃতিক ঐতিহ্যের কথা বইটিতে প্রকাশ পেয়েছে।

'India Versus China : Why They Are Not Friends'

প্রকাশিত হল কান্তি বাজপেয়ী রচিত 'India Versus China : Why They Are Not Friends' বইটি। বইটিতে ভারত এবং চীনের মধ্যে বিবাদের কারণগুলি বর্ণনা করা হয়েছে।

'The Ramayana of Shri Guru Gobind Sing Ji'

ছত্তিশগড়ের রাজ্যসভার সাংসদ কে টি এস তুলসি প্রধানমন্ত্রীর হাতে তুলে দিলেন তাঁর মাতা প্রয়াত বলজিত কর তুলসী রচিত 'The Ramayana of Shri Guru Gobind Sing Ji' বইটির প্রথম কপি। বইটি দশম শিখগুরু গোবিন্দ সিং এর ওপর রচিত হয়েছে।

'Terrace Garden : Middle Thota'

উপরাষ্ট্রপতি এম বেঙ্কাইয়া নাইডুর হাতে তুলে দেওয়া হল থুম্মেতি রাঘোতমা রেড্ডি রচিত 'Terrace Garden : Middle Thota' বইটির প্রথম কপি। এটি তামিল বইটির ইংরেজি অনুবাদ গ্রন্থ। বইটি ইংরেজিতে অনুবাদ করেছেন কোদুরু সীতারামা প্রসাদ।

'The Great Big Lion'

প্রকাশিত হল ৭ বছর বয়সি ক্রাইসিস নাইট রচিত 'The Great Big Lion'। বইটি শিশু এবং শিক্ষকের মধ্যে গড়ে ওঠা বন্ধুত্ব, সহানুভূতি এবং সম্পর্কের ওপর রচিত হয়েছে।

'A Kashmiri Century : Portrait of a Society in Flux'

প্রকাশিত হল প্রাক্তন ক্যাবিনেট মন্ত্রী খেমলতা ওয়াখলু রচিত 'A Kashmiri Century : Portrait of a Society in Flux'। বইটি কাশ্মীরে বসবাসকারী কাশ্মীরি হিন্দু এবং মুসলিমদের জীবনযাপনের ওপর এবং সেইসঙ্গে কাশ্মীরি সংস্কৃতির ওপর রচিত হয়েছে।

অন্যান্য

বিশ্বের প্রথম গ্রিন রেটিং সিস্টেম

২১ জুন ন্যাশনাল হাইস্পিড রেল কর্পোরেশন লিমিটেড এবং ইন্ডিয়ান গ্রিন বিল্ডিং কাউন্সিল গঠন করল উচ্চগতি সম্পন্ন রেলের জন্য বিশ্বের প্রথম গ্রিন রেটিং সিস্টেম। এর মাধ্যমে রেলওয়ে স্টেশনগুলিকে পরিবেশগত গঠনশীলতা প্রদান করা হবে যা যাত্রী অভিজ্ঞতার উন্নতিতে সহায়তা প্রদান করবে।

ঘাসের নতুন প্রজাতি আবিষ্কৃত হল অন্ধ্রপ্রদেশে

অন্ধ্রপ্রদেশ বায়োডাইভার্সিটি বোর্ডের গবেষক বিজ্ঞানী ডঃ কোথারেড্ডি প্রসাদ অন্ধ্রপ্রদেশের নিগিডি জঙ্গলে আবিষ্কার করলেন ঘাসের এক নতুন প্রজাতির। বোটানিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার বিজ্ঞানী ডঃ পি বি প্রসন্নের নামানুসারে এর নাম রাখা হল Lophopogon prasannae।

ভারত, ইতালি এবং জাপানের বিদেশীয় পার্টনারশিপ

ভারত, ইতালি এবং জাপানের তরফ থেকে সূচনা করা হল ত্রিদেশীয় পার্টনারশিপের। ইন্দো-প্যাসিফিক অঞ্চলে তিন দেশের স্থায়িত্ব বৃদ্ধির জন্য এই পার্টনারশিপের সূচনা করা হল।

এশিয়ান মিনিস্ট্রিরিয়াল এনার্জি রাউন্ডটেবল বৈঠক

ভারতের তরফ থেকে নবম এশিয়ান মিনিস্ট্রিরিয়াল এনার্জি রাউন্ডটেবল বৈঠক ২০২২ আয়োজনের জন্য অনুমতি প্রদান করা হল। ইন্টারন্যাশনাল এনার্জি ফোরামের সেক্রেটারি জেনারেল যোশেফ ম্যাকমানিগাল এবং সদ্য প্রাক্তন কেন্দ্রীয় তৈলমন্ত্রী তথা বর্তমান শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের ভার্চুয়ালি বৈঠকের পর এই অনুষ্ঠান আয়োজনের ব্যাপারে ভারত রাজি হয়।

ভারতের বৃহত্তম সৌর কার্পোট

টাটা মোটরস এবং টাটা পাওয়ারের তরফ থেকে মহারাষ্ট্রের পুণের চিকালিতে উদ্বোধন করা হল ভারতের বৃহত্তম সৌর কার্পোট। টাটা পাওয়ারের স্থাপন করা ৬.২ মেগাওয়াট পাওয়ারের সৌর কার্পোট বছরে ৮৬.৪ লক্ষ কিলোওয়াট হাওয়ার বিদ্যুৎ উৎপাদনে সক্ষম।

ভুটানের 'Tax Inspectors Without Borders'

২৩ জুন ভারতের সহযোগিতায় ভুটানে ভার্চুয়ালি সূচনা করা হল 'Tax Inspectors Without Borders (TIWB)' প্রোগ্রামের। এই প্রোগ্রামের সময়সীমা ২ বছর এবং এর মূল লক্ষ্য হল আন্তর্জাতিক কর আরোপ এবং মূল্য স্থানান্তর।

মুম্বাই ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট লিমিটেডের মালিকানা স্থানান্তর

মহারাষ্ট্র ক্যাবিনেটের তরফ থেকে মুম্বাই ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট লিমিটেডের মালিকানা স্থানান্তরে অনুমতি প্রদান করা হল। নতুন মালিকানা পেল আদানি এয়ারপোর্ট হোল্ডিং। মুম্বাই ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট লিমিটেড দায়িত্বে ছিল নবি মুম্বাই ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট নির্মাণের।

র‍্যাবিস মুক্ত রাজ্য হল গোয়া

গোয়ার মুখ্যমন্ত্রী প্রমোদ সাওয়ান্ত ঘোষণা করলেন গোয়া র‍্যাবিস মুক্ত রাজ্য। ভারতের মধ্যে প্রথম রাজ্য হল গোয়া যা সম্পূর্ণ র‍্যাবিস মুক্ত।

বিশ্বের প্রথম জিনগতভাবে পরিবর্তিত রাবার

অসমের গুয়াহাটির নিকট রাবার বোর্ড এর সারুতারি রিসার্চ ফার্মে বপন করা হল বিশ্বের প্রথম জিনগতভাবে পরিবর্তিত রাবার। রাবার বোর্ডের চেয়ারম্যান এবং এগজিকিউটিভ ডিরেক্টর কে এন রাঘবন এই চারাগাছটি বপন করল। এটির নির্মাণ করেছে কেরলের রাবার রিসার্চ ইনস্টিটিউট অফ ইন্ডিয়া।

স্কিটারিং ব্যাঙের নতুন প্রজাতি

কেরলের কোটামঙ্গলমের থাথেক্কাড বার্ড স্যাঙ্কচুয়ারি থেকে জুলজিকাল সার্ভে অফ ইন্ডিয়া, বেঙ্গালুরুর মাউন্ট কারমেল কলেজ এবং ভুবনেশ্বরের ন্যাশনাল ইনস্টিটিউট অফ সায়েন্স এডুকেশন অ্যান্ড রিসার্চের গবেষক দল আবিষ্কার করল স্কিটারিং ব্যাঙের নতুন প্রজাতি। এর নাম রাখা হল Euphlyctis kerala।

FATF-এর গ্রে লিস্টেই রইল পাকিস্তান

Financial Action Task Force বা FATF-এর গ্রে লিস্টেই অবস্থান করল পাকিস্তান। ইউনাইটেড নেশনসের ঘোষণা করা জঙ্গি সংগঠনগুলিকে শীর্ষ নেতৃবৃন্দের মাধ্যমে অর্থ সহায়তা করার জন্য FATF-এর গ্রে লিস্টে পাকিস্তানকে রাখা হয়। পাকিস্তানের পাশাপাশি গ্রে লিস্টে রয়েছে মালটা। অন্যদিকে, ঘানাকে গ্রে লিস্ট থেকে মুক্ত করা হল।

কেরলে আবিষ্কৃত হল নতুন উদ্ভিদ

কেরলের তিরুবনন্তপুরম থেকে আবিষ্কৃত হল নতুন উদ্ভিদ প্রজাতি। কেরলের প্যালোডের জওহরলাল নেহেরু ট্রপিকাল বোটানিকাল গার্ডেন অ্যান্ড ইনস্টিটিউটের রিসার্চ গবেষকরা এই নতুন উদ্ভিদ প্রজাতি আবিষ্কার করল। এর নাম রাখা হল Sida keralensis।

ভারতের প্রথম ফেন্টন ক্যাথালাইটিক রিয়েক্টর ওয়েস্টওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট

গুজরাটের আহমেদাবাদে গুজরাটের মুখ্যমন্ত্রী বিজয় রুপানি ভার্চুয়ালি উদ্বোধন করলেন ভারতের প্রথম ফেন্টন ক্যাথালাইটিক রিয়েক্টর ওয়েস্টওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট। এটি প্রতিদিন ৩০ মিলিয়ন লিটার জল ধারণে সক্ষম এবং ৭০ কোটি টাকার বিনিময়ে গ্রিন এনভায়রনমেন্ট সার্ভিসেস কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড এটি নির্মাণ করেছে।

Simlipal National Park (1980) Odisha

বিশ্বের বৃহত্তম হাইড্রোপাওয়ার স্টেশন

২৮ জুন চীনের তরফ থেকে সূচনা করা হল বিশ্বের বৃহত্তম হাইড্রোপাওয়ার স্টেশনের দুটি ইউনিটের। এর নাম রাখা হল Baihetan hydropower station। এটির নির্মাণে খরচ হয়েছে ৩৪ বিলিয়ন মার্কিন ডলার। হুনান এবং সিচুয়ানের ইয়াংঝে নদীর ওপর এই হাইড্রোপাওয়ার স্টেশন অবস্থিত।

তুকারাম ওম্বলের নামে নতুন মাকড়সা প্রজাতি

বিজ্ঞানীরা মহারাষ্ট্রে আবিস্কার করলেন নতুন মাকড়সা প্রজাতির। ২৬/১১ জঙ্গি হামলায় শহিদ হওয়া মুম্বাই পুলিশের অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর তুকারাম ওম্বলের নামে এই নতুন মাকড়সা প্রজাতির নাম রাখা হল 'Icius tukarami'।

Windows 11 এর সূচনা করল মাইক্রোসফট

২৪ জুন মাইক্রোসফটের তরফ থেকে সূচনা করা হল নতুন উইন্ডোজ অপারেটিং সিস্টেম Windows 11 এর। এটি উইন্ডোজের 'পরবর্তী জেনারেশন' হিসাবে অভিহিত করা হল। পূর্বে ২০১৫ সালে Windows 10 লঞ্চ করেছিল মাইক্রোসফট।

এশিয়ার দীর্ঘতম হাই-স্পিড ট্র্যাক

সদ্য প্রাক্তন কেন্দ্রীয় ভারী শিল্প এবং জনউদ্যোগ মন্ত্রী প্রকাশ জাভড়েকর ভার্চুয়ালি উদ্বোধন করলেন এশিয়ার দীর্ঘতম হাই-স্পিড ট্র্যাক। মধ্যপ্রদেশের ইন্দোরের পিতমপুর জেলায় NATRAX হাই-স্পিড ট্র্যাকের উদ্বোধন করা হল। ইহা ১১.৩ কিমি দীর্ঘ। ইহা বিশ্বের পঞ্চম দীর্ঘতম হাইস্পিড ট্র্যাক। আত্মনির্ভর ভারতের উদ্যোগ হিসাবে এটির উদ্বোধন করা হল।

শামুকের দুটি নতুন প্রজাতির সন্ধান

পশ্চিমঘাট পর্বতমালা থেকে সন্ধান মিলল শামুকের দুটি নতুন প্রজাতির। এর একটিকে নামকরণ করা হল 'Varadia ambaliensis' এবং অপরটির নামকরণ করা হল ভারতীয় ব্যাঘ্র সংরক্ষণবিদ রাজেশ গোপালের নামানুসারে এবং নামটি হল Perrotteia rajeshgopali।

ম্যালেরিয়া মুক্ত হল চীন

৩০ জুন বিশ্ব স্বাস্থ্য সংস্থার তরফ থেকে চীনকে ম্যালেরিয়া মুক্ত হিসাবে ঘোষণা করা হল। চীনের তরফ থেকে সত্তর বছরের প্রচেষ্টার পর তারা এই রোগকে দেশ থেকে দূর করতে সক্ষম হল। বিগত চার বছরে চীনে কেউ ম্যালেরিয়া আক্রান্ত হয়নি।

আহমেদাবাদে উদ্বোধন করা হল Zen Garden এবং Kaizen Academy এর

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আহমেদাবাদে ভার্চুয়ালি উদ্বোধন করলেন Zen Garden এবং Kaizen Academy এর। আহমেদাবাদ ম্যানেজমেন্ট অ্যাসোসিয়েশনের উদ্বোধন করা হল। ভারত এবং জাপানের মধ্যে স্বতঃস্ফূর্ততা এবং আধুনিকতার চিহ্ন হিসাবে Zen Garden এবং Kaizen Academy এর উদ্বোধন করা হল।

ভারতের দ্বিতীয় বৃহত্তম ক্রিকেট স্টেডিয়াম

রাজস্থানের জয়পুরে স্থাপিত হতে চলেছে ভারতের দ্বিতীয় বৃহত্তম ক্রিকেট স্টেডিয়াম। এটি নির্মাণে ২৯০ কোটি টাকা খরচ হবে। গুজরাতের আহমেদাবাদের নরেন্দ্র মোদী স্টেডিয়াম এবং অস্ট্রেলিয়া মেলবোর্নের মেলবোর্ন ক্রিকেট গ্রাউন্ডের পর এটি বিশ্বের তৃতীয় বৃহত্তম ক্রিকেট স্টেডিয়াম হতে চলেছে।

গোয়ায় অনুষ্ঠিত হবে ৫২তম IFFI

৫ জুলাই সদ্য প্রাক্তন কেন্দ্রীয় তথ্য এবং সম্প্রচার মন্ত্রী প্রকাশ জাভড়েকর ঘোষণা করলেন ৫২তম IFFI বা ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভ্যাল অফ ইন্ডিয়া অনুষ্ঠিত হবে গোয়ায়। ২০-২৮ নভেম্বর গোয়াতে এটি অনুষ্ঠিত হবে।

রাজস্থানের চতুর্থ ব্যাঘ্র সংরক্ষণ কেন্দ্র

পরিবেশ, বন এবং জলবায়ু পরিবর্তন মন্ত্রকের তরফ থেকে ঘোষণা করা হল রাজস্থানের চতুর্থ ব্যাঘ্র সংরক্ষণ কেন্দ্র হল বুন্দির রামগড় বিষতদারি স্যাঙ্কচুয়ারি। ইহা ভারতের ৫২তম ব্যাঘ্র সংরক্ষণ কেন্দ্রের মর্যাদা পেল।

দেশের প্রথম ইউপিআই জাতীয় মুদ্রাবিহীন পার্কিং

দিল্লি মেট্রোরেল কর্পোরেশনের ম্যানেজিং ডিরেক্টর মঙ্গু সিং সূচনা করলেন ভারতের প্রথম ফাস্টট্যাগ/ইউপিআই জাতীয় মুদ্রাবিহীন পার্কিং পরিষেবা। কাশ্মীরি গেট মেট্রো স্টেশনে এই পরিষেবার সূচনা করা হল।

গ্লোবাল ভ্যাকসিন ট্র্যাকার 'VaccineLedger'

ভারতের তথ্য প্রযুক্তি সংস্থা মহীন্দ্রা যুক্ত হল StaTwig এর সঙ্গে গ্লোবাল ভ্যাকসিন ট্র্যাকার 'VaccineLedger' চালু করার জন্য। এই প্ল্যাটফর্মের মাধ্যমে নাগরিকরা টীকাকরণ কেন্দ্রের সন্ধান পাবেন।

অর্থ মন্ত্রকের অধীনে এল পাবলিক এন্টারপ্রাইজ দপ্তর

রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ অনুমতি প্রদান করল 'Government of India (Allocation of Business) Three Hundred and Sixty First Amendment Rules, 2021 এ। যার ফলস্বরূপ পাবলিক এন্টারপ্রাইজ দপ্তর অর্থ মন্ত্রকের অধীনস্থ হল। ইহা ষষ্ঠ দপ্তর যা অর্থ মন্ত্রকের অধীনে এল। পূর্বে পাবলিক এন্টারপ্রাইজ দপ্তর ভারী শিল্প মন্ত্রকের অধীনে ছিল।

২০২৫ সালের মধ্যে ভারতে স্থাপিত হবে ২৪টি ইন্টিগ্রেটেড চেকপোস্ট

সেন্টার ফর সোশ্যাল অ্যান্ড ইকনমিক প্রোগ্রেস আয়োজিত সেমিনারে স্বরাষ্ট্র মন্ত্রকের অধীনস্থ থাকা ল্যান্ডপোর্ট অথরিটি অফ ইন্ডিয়ার চেয়ারম্যান আদিত্য মিশ্র ঘোষণা করলেন ২০২৫ সালের মধ্যে ভারতে স্থাপিত হবে ২৪টি ইন্টিগ্রেটেড চেক পোস্ট। স্থল সীমানার উদ্দেশ্যে এই ইন্টিগ্রেটেড চেকপোস্টগুলি স্থাপন করা হবে।

Bathmophobia - Fear of stairs or steep slopes

মিজোরামে আবিষ্কৃত হল সাপের প্রজাতি

মিজোরাম বিশ্ববিদ্যালয়ের গবেষক দল মিজোরামের রাজধানী আইজলের নিকট গ্রাম থেকে আবিষ্কার করল সাপের নতুন প্রজাতি। মিজোরামের স্থানীয় যোদ্ধা ভানুয়ালিয়ানার নামানুসারে এই নতুন প্রজাতির সাপের নাম রাখা হল Staliczkia vanhnuailianai।

বিশ্বের উচ্চতম স্যান্ডক্যাসল

বিশ্বের উচ্চতম স্যান্ডক্যাসল নির্মিত হল ডেনমার্কের ব্লোকাসে। স্যান্ডক্যাসলটি ৬৯ ফুট লম্বা। এই স্যান্ডক্যাসলটি নির্মাণ করল ডাচ নকশাকারী উইলফ্রেড স্টিগজার।

অ্যামাজন ইন্ডিয়ার প্রথম ডিজিটাল কেন্দ্র

গুজরাটের সুরাটে ক্রশি বাজারে স্থাপন করা হল অ্যামাজন ইন্ডিয়ার প্রথম ডিজিটাল কেন্দ্র। ২০২৫ সালের মধ্যে ১০ মিলিয়ন ভারতীয় ক্ষুদ্র, ছোট এবং মাঝারি শিল্পোদ্যোগকে ডিজিটাইজ করার উদ্দেশ্যে এটি স্থাপন করা হল।

ভারতের প্রথম প্রাইভেট এলএনজি সুবিধাযুক্ত প্ল্যান্ট

মহারাষ্ট্রের নাগপুরে কেন্দ্রীয় সড়ক পরিবহণ এবং হাইওয়েজ মন্ত্রী উদ্বোধন করলেন ভারতের প্রথম প্রাইভেট এলএনজি সুবিধাযুক্ত প্ল্যান্ট। এই প্ল্যান্টটি স্থাপন করল বৈদ্যনাথ আয়ুর্বেদিক গ্রুপ।

দিল্লিতে স্থাপিত হল 'বঙ্গবন্ধু চেয়ার'

ইন্ডিয়ান কাউন্সিল ফর কালচারাল রিলেশনের তরফ থেকে প্রথমবার দিল্লি বিশ্ববিদ্যালয়ে স্থাপিত হল 'বঙ্গবন্ধু' চেয়ার। বাংলাদেশের জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানকে সম্মান জানাতে এটি স্থাপন করা হল।

ভারতের প্রথম ক্রিপ্টোগ্যামিক উদ্যান

উত্তরাখণ্ডের দেরাদুন জেলার দেওবান অঞ্চলে উদ্বোধন করা হল ভারতের প্রথম ক্রিপ্টোগ্যামিক উদ্যানের। সমাজকর্মী অনুপ নটিয়াল এই উদ্যানের উদ্বোধন করলেন। লাইকেন, ফার্ণ এবং ছত্রাকের ৫০টি প্রজাতি রয়েছে এই উদ্যানে।

ভারতের দ্বিতীয় দীর্ঘতম এক্সপ্রেসওয়ে

২০২১ এর সেপ্টেম্বরে স্থাপিত হবে ভারতের দ্বিতীয় দীর্ঘতম এক্সপ্রেসওয়ে। ছয় লেন বিশিষ্ট এই এক্সপ্রেসওয়ে উত্তরপ্রদেশের মীরাট থেকে প্রয়াগরাজ পর্যন্ত বিস্তৃত। এই এক্সপ্রেসওয়েটি ৫৯৪ কিমি দীর্ঘ।

ভারত ও নেপালের মধ্যে প্রথম ট্রেনের ট্রায়াল

১৮ জুলাই ভারতের বিহারের মধুবনী জেলার জয়নগর এবং নেপালের মহোত্তরী জেলার কুর্তার মধ্যে সফলভাবে ট্রায়াল অনুষ্ঠিত ভারত ও নেপালের মধ্যে চলাচলকারী প্রথম ট্রেনের। ৫০ কিমি দীর্ঘ এই রেলপথে ৫টি স্টেশন যথা জয়নগর, ইনারওয়া, খাজুরি, বৈদেহি এবং কুর্তা অবস্থিত। এই রেলপথ নির্মাণে ৬১৯ কোটি টাকা খরচ হয়েছে।

ভারতের একক বৃহত্তম সোলার পার্ক

১২ জুলাই এনটিপিসি রিনিউবেল এনার্জি লিমিটেডের তরফ থেকে স্থাপন করা হতে চলেছে ভারতের একক বৃহত্তম সোলার পার্ক। গুজরাটের কাবাডার কচ্ছের রান অঞ্চলে এটি স্থাপন করা হবে। ইহা ৪৭৫০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা সম্পন্ন হয়।

আন্টার্কটিকায় আবিষ্কৃত হল মসের নতুন প্রজাতি

সেন্ট্রাল ইউনিভার্সিটি অফ পাঞ্জাবের পোলার জীববিদগণ আন্টার্কটিকায় আবিষ্কার করল মসের নতুন প্রজাতি। ভারতের নামানুসারে এর নামকরণ করা হল Bryum bharatiensis।

মাকড়সার দুটি নতুন প্রজাতি আবিষ্কৃত হল অসমে

অসমের চিরাং রিজার্ভ ফরেস্টে আবিষ্কৃত হল মাকড়সার দুটি নতুন প্রজাতি। এই দুটি প্রজাতির নাম রাখা হল Gravelyia boro এবং Dexippus Kleini।

ভারতের প্রথম 'গ্রেন এটিএম'

হরিয়ানার গুরুগ্রাম জেলার ফারুকনগরে স্থাপিত হল ভারতের প্রথম 'গ্রেন এটিএম'। হরিয়ানার ডেপুটি মুখ্যমন্ত্রী তথ্য খাদ্য ও নাগরিক পরিষেবা দপ্তরের মন্ত্রী দুষ্মন্ত চৌতালা এটি ঘোষণা করলেন। এই এটিএম মেশিনটি ৫-৭ মিনিটের মধ্যে ৭০ কেজি পর্যন্ত শস্য দিতে পারবে।

মার্কিন যুক্তরাষ্ট্র, আফগানিস্তান, পাকিস্তান এবং উজবেকিস্তানের Quad গ্রুপ

মার্কিন যুক্তরাষ্ট্র, আফগানিস্তান, পাকিস্তান এবং উজবেকিস্তানের তরফ থেকে গঠন করা হল Qudrilateral diplomatic group। আফগানিস্তানের স্থানীয় শান্তি প্রক্রিয়া বজায় রাখার লক্ষ্যে এটি গঠন করা হল।

ভারতের প্রথম পড ট্যাক্সি পরিষেবা

উত্তরপ্রদেশের চালু হল ভারতের প্রথম পড ট্যাক্সি পরিষেবা। নয়ডা ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট থেকে ফিল্ম সিটি পর্যন্ত এই পরিষেবা চালু হল। ১৪.৫ কিমি দীর্ঘ পথের জন্য মোট খরচ ৮.৬২ কোটি টাকা।

বিশ্বের বৃহত্তম ভাসমান সোলার প্যানেল ফার্মের উন্মোচন

সিঙ্গাপুরের তরফ থেকে উন্মোচন করা হল বিশ্বের বৃহত্তম ভাসমান সোলার ফার্মের। ইহা ৪৫ হেক্টর অঞ্চলের উপর স্থাপন করা হয়েছে।

ভারতের প্রথম ইন্ট্রিগ্রেটেড কার্বন ব্ল্যাক কমপ্লেক্স

কর্ণাটকের বেল্লারিতে স্থাপিত হল ভারতের প্রথম ইনট্রিগ্রেটেড কার্বন ব্ল্যাক কমপ্লেক্স। এপিলসন কার্বন প্রাইভেট লিমিটেডের তরফ থেকে এটি স্থাপন করা হল।

পুরস্কার ও সম্মান

❖ শতাব্দীর শ্রেষ্ঠ মানবতাবাদী জামসেদজী টাটা :

সম্প্রতি Hurun Report এবং EdelGive Foundation-এর বিচারে শতাব্দীর শ্রেষ্ঠ মানবতাবাদী হিসাবে নির্বাচিত হয়েছেন বিশ্ব মানবতাবাদী জামসেদজি টাটা। ১৯০১-১৯৯৯ সাল পর্যন্ত সময়কালের বিচারে তাঁকে এই সম্মান প্রদান করা হয়েছে। উপরোক্ত সময়ে তিনি মোট ১০২.৪ বিলিয়ন মার্কিন ডলার অর্থ বিভিন্ন ক্ষেত্রে দান করেছেন। উপরোক্ত দুই সংস্থার বিচারে ৫০ জন বিশ্বমানবতাবাদীর তালিকায় ভারতের অপর শিল্পপতি আজিম প্রেমজী (১২তম স্থান) জায়গা করে নিয়েছেন। এই তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছেন বিল গেটস অ্যান্ড মেলিন্দা ফ্রেঞ্চ গেটস (৭৪.৬ বিলিয়ন মার্কিন ডলার)।

❖ আউটস্ট্যান্ডিং সিভিল ইঞ্জিনিয়ারিং অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড — ২০২০ :

সম্প্রতি 'জাপান সোসাইটি অফ সিভিল ইঞ্জিনিয়ার্স' কর্তৃক প্রদত্ত ২০২০ সালের আউটস্ট্যান্ডিং সিভিল ইঞ্জিনিয়ারিং অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ডে ভূষিত হল দিল্লি মেট্রো। দিল্লি মেট্রোর ফেজ-১, ফেজ-২ এবং ফেজ-৩ প্রোজেক্ট বাস্তবায়িত করার স্বীকৃতি স্বরূপ দিল্লি মেট্রোকে এই সম্মানে ভূষিত করা হল।

❖ ACI's রোল অফ এক্সিলেন্স অনার — ২০২০ :

এয়ারপোর্ট কাউন্সিল ইন্টারন্যাশনাল কর্তৃক প্রদত্ত ২০২০ সালের রোল অফ এক্সিলেন্স অনার-এ পুরস্কৃত হল কোচিন ইন্টারন্যাশনাল এয়ারপোর্ট লিমিটেড। ২০২০ সালে এয়ারপোর্ট সার্ভিস কোয়ালিটির অর্থাৎ যাত্রী স্বাচ্ছন্দের মান বিচার করে এই পুরস্কার প্রদান করা হয়েছে।

❖ ডায়না অ্যাওয়ার্ড — ২০২১ :

সম্প্রতি ২০২১ সালের ডায়না অ্যাওয়ার্ডে ভূষিত হলেন ভারতের যে তিন ছাত্র-ছাত্রী তাঁরা হলেন– জামিয়া মিলিয়া ইসলামিয়ার ছাত্র কাইফ আলি, ওয়ারউইক ইউনিভার্সিটির ছাত্রী সানা মিত্তর এবং লেডি শ্রীরাম কলেজের ছাত্রী দেবাংশী রঞ্জন। সম্প্রতি করোনা সংক্রমণজনিত পরিস্থিতিতে অসামান্য অবদানের স্বীকৃতি স্বরূপ তাঁদেরকে এই সম্মানে ভূষিত করা হয়েছে।

❖ ফুকুয়োকা প্রাইজ — ২০২১ :

সম্প্রতি ভারতের বিশিষ্ট সাংবাদিক পি সাইনাথ ২০২১ সালের ফুকুয়োকা প্রাইজের 'গ্র্যান্ড প্রাইজ' বিভাগে পুরস্কৃত হয়েছেন। পি সাইনাথ একজন বিশিষ্ট সাংবাদিক এবং 'পিপলস আর্কাইভ অফ রুরাল ইন্ডিয়া'র প্রতিষ্ঠাতা। জাপানের ফুকুয়োকা সিটি এবং ফুকুয়োকা সিটি ইন্টারন্যাশনাল ফাউন্ডেশন কর্তৃক যৌথভাবে এই পুরস্কার প্রদান করা হয়। সাধারণত তিনটি বিভাগে এই পুরস্কার প্রদান করা হয়ে থাকে। এবছর 'অ্যাকাডেমিক প্রাইজ' বিভাগে পুরস্কৃত হয়েছেন জাপানের অধ্যাপক কিসিমোতো মিও এবং 'আর্টস অ্যান্ড কালচার' বিভাগে পুরস্কৃত হয়েছেন থাইল্যান্ডের বিশিষ্ট চলচ্চিত্র নির্মাতা প্রাবদা ইউন। পুরস্কার মূল্যের বিচারে 'অ্যাকাডেমিক প্রাইজ' এবং 'আর্টস অ্যান্ড কালচার' বিভাগের পুরস্কার প্রাপককে ৩ মিলিয়ন জাপানি ইয়েন, 'গ্র্যান্ড প্রাইজ' বিভাগে পুরস্কার প্রাপককে ৫ মিলিয়ন জাপানি ইয়েন প্রদান করা হয়।

❖ ওয়ার্ল্ড'স মোস্ট ইনোভেটিভ ইনভেস্টমেন্ট প্রোমোশন এজেন্সি — ২০২১ :

সম্প্রতি ভারতের 'ইনভেস্ট ইন্ডিয়া' নামক সংস্থাটি ২০২১ সালের ওয়ার্ল্ড মোস্ট ইনোভেটিভ ইনভেস্টমেন্ট প্রোমোশন এজেন্সি সম্মানে ভূষিত হল। এই পুরস্কারটি 'OCO Global' কর্তৃক প্রদান করা হয়ে থাকে। প্রসঙ্গত উল্লেখ্য, ইনভেস্ট ইন্ডিয়া সংস্থাটি কেন্দ্রীয় শিল্প-বাণিজ্য মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা, যেটি ২০০৯ সালে প্রতিষ্ঠিত হয়েছিল।

❖ দ্য অর্ডার অফ পোলার স্টার :

সম্প্রতি ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়া লিমিটেডের চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর আর কে সাবারওয়াল মঙ্গোলিয়ার শ্রেষ্ঠ অসামরিক সম্মান 'দ্য অর্ডার অফ পোলার স্টার'-এ ভূষিত হলেন। মঙ্গোলিয়ায় তৈল শোধনাগার শিল্পে ভারত ও মঙ্গোলিয়ার মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক বৃদ্ধি ও পরিকাঠামো উন্নয়নের ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতি স্বরূপ তাঁকে এই সম্মানে ভূষিত করা হল।

❖ কুভেম্পু রাষ্ট্রীয় পুরস্কার — ২০২০ :

সম্প্রতি ২০২০ সালের কুভেম্পু রাষ্ট্রীয় পুরস্কারে ভূষিত হলেন ওড়িশার বিশিষ্ট ঔপন্যাসিক ডক্টর রাজেন্দ্র কিশোর পন্ডা। বিশিষ্ট কন্নড় কবি ডক্টর এইচ এস শিবপ্রকাশের নেতৃত্বাধীন তিন সদস্যের এক বিশেষজ্ঞ কমিটি এবারের কুভেম্পু রাষ্ট্রীয় পুরস্কারের জন্য ডক্টর রাজেন্দ্র কিশোর পন্ডার নাম নির্বাচিত করেছিল। তিনি এযাবৎ ১৬টি কাব্যগ্রন্থ ও একাধিক উপন্যাস রচনা করেছেন। সাহিত্য ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য তিনি ১৯৮৫ সালে সাহিত্য অ্যাকাডেমি অ্যাওয়ার্ড, ২০১০ সালে গঙ্গাধর ন্যাশনাল অ্যাওয়ার্ডে ভূষিত হয়েছেন। প্রসঙ্গত উল্লেখ্য, প্রতিবছর ভারতের সংবিধান স্বীকৃত ২২টি ভাষায় সাহিত্য সৃষ্টিকারী সাহিত্যিকদের মধ্যে থেকে শ্রেষ্ঠ সাহিত্যিককে এই পুরস্কার প্রদান করে থাকে রাষ্ট্রকবি কুভেম্পু ট্রাস্ট। এই পুরস্কারের সম্মান স্বরূপ প্রাপককে একটি শংসাপত্র, একটি রৌপ্য মেডেল এবং নগদ পাঁচ লক্ষ টাকা প্রদান করা হয়।

❖ বেস্ট বায়োগ্রাফিকাল ফিল্ম অ্যাওয়ার্ড — ২০২১ :

সম্প্রতি কানাডার টরেন্টোতে অনুষ্ঠিত ২০২১ সালের 'টরেন্টো ইন্টারন্যাশনাল ওমেন ফিল্ম ফেস্টিভ্যালে বেস্ট বায়োগ্রাফিকাল ফিল্ম

Belonephobia - Fear of pins and needles

Gulf of Mannar Marine National Park (1980) Tamil Nadu

অ্যাওয়ার্ডে ভূষিত হল শঙ্কর মাধবনের জীবন সম্বলিত ডকুমেন্টারি 'ডিকোডিং শঙ্কর'। এটির পরিচালক হলেন দীপ্তি পিল্লাই শিবান। প্রসঙ্গত উল্লেখ্য এই ডকুমেন্টারি পূর্বে ইন্দো-ফ্রেঞ্চ ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভ্যালে স্পেশাল জুরি অ্যাওয়ার্ড বিভাগে পুরস্কৃত হয়েছিল।

❖ ইকুয়েটর প্রাইজ — ২০২১ :

পরিবেশ রক্ষা, জীববৈচিত্র্যের ভারসাম্য, জলবায়ু পরিবর্তনের মোকাবিলায় স্থানীয় প্রকৃতিভিত্তিক সমাধানের জন্য (১) স্নেহকুঞ্জ ট্রাস্ট, (২) আধিমালাই পাঝাঙগুদিনিয়ার প্রেডিউসার কোম্পানি লিমিটেড নামক দুটি ভারতীয় সংস্থা ইউএনডিপি ইকুয়েটর প্রাইজ - ২০২১ জয়লাভ করল। পুরস্কারের অর্থমূল্য হিসাবে প্রত্যেকে ১০ হাজার মার্কিন ডলার পেয়েছে। প্রথম সংস্থাটি মূলত দেশের কার্বন প্রোজেক্ট পাইলটিংয়ের উপর গবেষণা করছে এবং দ্বিতীয় সংস্থাটি নীলগিরি এলাকায় জীবমণ্ডল সংরক্ষণে সক্রিয় ভূমিকা পালন করছে।

❖ হাম্বলড রিসার্চ অ্যাওয়ার্ড :

প্রখ্যাত অর্থনীতিবিদ কৌশিক বসু হাম্বলড রিসার্চ অ্যাওয়ার্ড ফর ইকনমিস্ট সম্মানে ভূষিত হলেন তাঁর বিখ্যাত গেম থিওরি ও মোরাল ফিলোজফি সংক্রান্ত গবেষণার জন্য। উল্লেখ্য, ২০০৮ সালের 'পদ্মভূষণ' সম্মানে সম্মানিত এই বাঙালি অর্থনীতিবিদ ওয়ার্ল্ড ব্যাঙ্কের মুখ্য অর্থনৈতিক উপদেষ্টা ও ভারত সরকারের অর্থনৈতিক উপদেষ্টা হিসাবে দায়িত্ব পালন করেছেন।

❖ কান চলচ্চিত্র উৎসব — ২০২১ :

গতবছর করোনা আবহের মধ্যে বন্ধ ছিল কান চলচ্চিত্র উৎসব। ২০১৯ সালে শেষবারের মত 'পাল্ম দ'-র পুরস্কার জেতে বং জুন হো-র ছবি 'প্যারাসাইট'। হংকংয়ের 'অল দ্য ক্রাজ ইন দ্য ওয়ার্ল্ড' সেরা স্বল্প দৈর্ঘ্যের ছবি হিসেবে নির্বাচিত হয়। ফ্রান্সের এই চলচ্চিত্র উৎসব সারা বিশ্বের সিনেমা প্রেমীদের কাছে অস্কারের থেকে কোনো অংশে কম নয়। ১৩-১৭ জুলাই অনুষ্ঠিত হল এই বছরের ৭৪তম কান চলচ্চিত্র উৎসব। এই বছরে জুরি বোর্ডের সদস্যদের মধ্যে ছিলেন লেখিকা তথা পরিচালক জেসিকা হাউসনার, অভিনেত্রী তথা পরিচালক মেলানি লঁরা, লেখিকা তথা পরিচালক ক্রেবার মেন্ডোন্সা, ফিলহো, অভিনেতা তাহর রহিম, পরিচালক মাতি ডিয়োপ, সঙ্গীতশিল্পী মাইল্যান, ফার্মার এবং অভিনেত্রী তথা পরিচালক ম্যাগি জাইলেনহাল। বোর্ডের শীর্ষে ছিলেন স্পাইক লি। এক ঝলকে দেখে নেওয়া যাক এবছর কান চলচ্চিত্র উৎসবে বিজয়ীদের তালিকা—

১। ঐতিহাসিক 'পল্ম দ'র এর পুরস্কার জিতে নিলেন ফরাসি পরিচালক জুলিয়া ডুকুরনাও-এর ছবি 'টিটান'।

২। বিশেষ জুরি পুরস্কার পান ইজরায়েলের নাদাভ লাপিদ ('আহেদ'স নি' ছবির জন্য)। পাশপাশি তাইল্যান্ডের আপিচাপং বীরা সেতাকুল (মেমোরিয়া ছবির জন্য)।

৩। সেরা অভিনেতা - কালেব লন্দ্রি জোন্স (নিএম' ছবির জন্য)।

৪। সেরা পরিচালক ('অ্যানেতে' ছবির জন্য) লিওস কারাক্স (ফ্রান্স)।

৫। সেরা অভিনেত্রী - নরওয়ে থেকে রেনাত রাইনস্ব ('ওয়ার্স্ট পার্সন অন দ্য ওয়ার্ল্ড' ছবির জন্য)।

৬। 'গ্রাঁ পি - কম্পার্টমেন্ট নম্বর ৬' সিনেমার জন্য ইয়ুহো কুয়োসমানেন (ফিনল্যান্ড) এবং আশগার ফরহাদি 'আ হিরো' সিনেমার জন্য (ইরান)।

❖ আইএসএসএফ শুটিং ওয়ার্ল্ড কাপ ২০২১

'আইএসএসএফ শুটিং ওয়ার্ল্ড কাপ ২০২১' (রাইফেল, পিস্তল, শর্টগান) অনুষ্ঠিত হল ক্রোয়েশিয়ার ওসিকে শহরে গত ২২ জুন থেকে ৩ জুলাই পর্যন্ত। টোকিও অলিম্পিকের আগে এটিই ছিল ফাইনাল 'আইএসএসএফ ওয়ার্ল্ড কাপ'। পদক প্রাপ্তির তালিকায় ১৮টি পদক পেয়ে শীর্ষস্থান দখল করেছে রাশিয়া। ইতালি ও জার্মানি যথাক্রমে দ্বিতীয় ও তৃতীয় স্থান পেয়েছে। উভয় দেশই ১০টি করে পদক জিতেছে। ৪টি পদক জিতে দশম স্থানে আছে ভারত (১টি সোনা, ১টি রুপো ও ২টি ব্রোঞ্জ)। ভারতীয় বিজয়ীদের নাম তালিকার আকারে দেওয়া হল—

বিজেতা	মেডেল	ক্যাটাগরি
রাহি শার্নোবাত	সোনা	ওমেন ২৫ মিটার পিস্তল
সৌরভ চৌধুরি	ব্রোঞ্জ	মেনস ১০ মিটার এয়ার পিস্তল
মনু ভাকর ও সৌরভ চৌধুরি	রুপো	মিক্সড টিম-১০ মিটার এয়ার পিস্তল
মনু ভাকর, রাহি শার্নোবাত এবং জসস্বী দেশওয়াল	ব্রোঞ্জ	ওমেন্স টিম ইভেন্ট -মিটার এয়ার

❖ ৫৪ বছরের ইতিহাসে বিশেষ সম্মান বঙ্গতনয়ার

বিজ্ঞানের আন্তর্জাতিক মঞ্চে বড় স্বীকৃতি আরো এক বাঙালির। 'ইন্টারন্যাশনাল অ্যাকাডেমি অফ কোয়ান্টাম মলিকিউলার সায়েন্স' (আইএকিউএমএস) এর দেওয়া বিজ্ঞান সম্মান পেলেন শ্রীরামপুরের দেবশ্রী ঘোষ। কোয়ান্টাম রসায়নবিদ্যায় তাঁর উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতি হিসেবে এই পুরস্কার। ৫৪ বছরের ইতিহাসে এই প্রথম কোনো ভারতীয় পেলেন এই বিরল সম্মান। যেখানে এই পুরস্কারপ্রাকদের তালিকায় রয়েছে বহু নোবেলজয়ীদের নাম। দেবশ্রী ঘোষ কলকাতার ঐতিহ্যবাহী বিজ্ঞান প্রতিষ্ঠান 'ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন ফর কাল্টিভেশন অফ সায়েন্স' (আইএসিএস) এর 'স্কুল অফ কেমিক্যাল সায়েন্স'-এর অ্যাসোসিয়েট প্রফেসর পদে কর্মরত আছেন।

❖ জাতীয় সিলভার স্কচ পুরস্কার :

কাচের জেলা জাতীয় সিলভার স্কচ পুরস্কার লাভ করল। দক্ষিণ আসামে বরাক ভ্যালিতে অবস্থিত কাচের জেলা স্বাস্থ্যের উপর ভিত্তি করে

Bibliophobia - Fear of books

Guru Ghasidas (Sanjay) National Park (1981) Chhattisgarh

তৈরি 'পুষ্টি নির্ভর' প্রোজেক্ট কার্যকরী করে ভারত-বাংলাদেশ বর্ডারে অবস্থিত দিনস্থপুর বাগিচা নামক একটি গ্রামে। কোভিড মহামারি পরিস্থিতিতে এই গ্রামের প্রতিটি মানুষ খাদ্যে স্বনির্ভর হয়ে প্রয়োজন অতিরিক্ত সবজি, ফল ও ভেষজ গাছ বাজারে বিক্রির মাধ্যমে আয় করে।

❖ কমনওয়েলথ পয়েন্টস অফ লাইট অ্যাওয়ার্ড :

সম্প্রতি ভারতের হায়দরাবাদের বিশিষ্ট খাদ্য কর্মী সৈয়দ ওস্মান আজাহার মাকসাসি কমনওয়েলথ পয়েন্টস অফ লাইট অ্যাওয়ার্ডে ভূষিত হলেন। তার প্রতিষ্ঠিত সানি ওয়েলফেয়ার ফাউন্ডেশনের '# Hunger Has-Noreligion'-এর মাধ্যমে তিনি প্রত্যেকদিন ১৫০০ জন ক্ষুধার্থ মানুষের মুখে খাওয়ার তুলে দেওয়ার ব্যবস্থা করেছেন।

❖ স্মার্ট সিটি পুরস্কার — ২০২০ :

ভারত সরকারের ঘোষণা অনুযায়ী স্মার্ট সিটি পুরস্কারের বিজয়ী হল প্রথম উত্তরপ্রদেশ, দ্বিতীয় মধ্যপ্রদেশ ও তৃতীয় তামিলনাড়ু। এছাড়াও জেলাভিত্তিক স্মার্ট সিটি পুরস্কারে বিজয়ী হল– প্রথম স্থান সুরাট (গুজরাট), দ্বিতীয় স্থান ইন্দোর (মধ্যপ্রদেশ)।

ন্যাশনাল আইসিটি অ্যাওয়ার্ডস ফর স্কুল টিচার্স — ২০১৮-২০১৯

সম্প্রতি ন্যাশনাল কাউন্সিল অফ এডুকেশনাল রিসার্চ অ্যান্ড ট্রেনিং-এর অধীনস্থ সম্পূর্ণ বিধিবদ্ধ সংস্থা দ্য সেন্ট্রাল ইনস্টিটিউট অফ এডুকেশনাল টেকনোলজি কর্তৃক প্রদত্ত ২০১৮-২০১৯ সালের 'ন্যাশনাল আইসিটি অ্যাওয়ার্ডস ফর স্কুল টিচার্স'-এ ভূষিত করা হল নানান স্কুল শিক্ষকদের। নীচে এবারের পুরস্কার প্রাপকদের নাম দেওয়া হল—

ন্যাশনাল আইসিটি অ্যাওয়ার্ডস ফর স্কুল টিচার্স — ২০১৮

শিক্ষক/শিক্ষিকার নাম	রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল/প্রতিষ্ঠান/স্ব-শাসিত সংস্থা
এস গনেশ, মনোহর শুভ্রমনিয়ান কে বি দয়ানন্দ	তামিলনাড়ু
নাগনাথ শঙ্কর বিভূতি, উমেশ রঘুনাথ খোসে, আনন্দ বালাজি আনিম্বাড়	মহারাষ্ট্র
ডক্টর রবিকুমার কোলা, এ লক্ষ্মীনাথম	তেলেঙ্গানা
প্রমিলা কুমারী সাহু	এনভিএস
মমতা নারুলা, এম এস শ্যামকৃষ্ণ প্রীতি শর্মা	সিবিএসই
ওমপ্রকাশ মিশ্র	ওড়িশা
বিজয় কুমার	পাঞ্জাব
এইচ এইচ শর্মা, সি কে ললিতভাই	গুজরাট
ডক্টর ওয়াই কে কোঠারি	মধ্যপ্রদেশ
উদয় সিং বেনিয়াল	রাজস্থান
সুধীর সুরেশ পাই	গোয়া
পুনম উর্মালিয়া	ছত্তিশগড়
সঙ্গীতা পাঞ্চাল	দিল্লি

ন্যাশনাল আইসিটি অ্যাওয়ার্ডস ফর স্কুল টিচার্স — ২০১৯

শিক্ষক/শিক্ষিকার নাম	রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল/প্রতিষ্ঠান/স্ব-শাসিত সংস্থা
সেন্থিল সেলভান, টি মহাদেবন আর এলাভারাসান	তামিলনাড়ু
নীরু মিত্তল, নবীন গুপ্ত, অ্যাম্নি কুমার	সিবিএসই
মৃণাল এন গঞ্জালে, প্রকাশ লোটন চাবন সাফি আজিজ শেখ	মহারাষ্ট্র
কৃষ্ণকুমার প্যাটেল, সুনীতা গুপ্ত	এনভিএস
নিরুপমা কুমারী, শ্বেতা শর্মা	ঝাড়খণ্ড
নীলেশ রায়া পাই	গোয়া
এন কে এন লিগারি, এম এম প্রজাপতি	গুজরাট
কে কে দত্ত	আসাম
সুকন্যা দে	আইসিএসই
মঞ্জুলা কিরিমঞ্জেশ্বেরা	অন্ধ্রপ্রদেশ
গোপাল ভিরানালা	তেলেঙ্গানা
সুরেশকুমার ওলা	রাজস্থান
এম এস কুমারস্বামী	কেভিএস
কে রেবতি	পুদুচেরি
আদাল আরাসান	আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ

★★★

Botanophobia - Fear of plants

Gir National Park (1975) Gujarat

সপ্তম Indian Ocean Naval Symposium

২৮ জুন থেকে ১ জুলাই লা রিইউনিয়নে অনুষ্ঠিত হল সপ্তম Indian Ocean Naval Symposium। এই সিম্পোসিয়াম আয়োজকের দায়িত্বে ছিল ফ্রেঞ্চ নৌ বাহিনী এবং ২৯ জুন Indian Ocean Naval Symposium এর চেয়ারম্যানশিপ পরবর্তী দু'বছরের জন্য অর্জন করল। ভারতীয় নৌবাহিনীর প্রধান অ্যাডমিরাল করমবীর সিং ভার্চুয়ালি অংশগ্রহণ করেছিলেন এই সিম্পোসিয়ামে।

ভারত ও ইতালির নৌমহড়া

৪-৫ জুলাই থিরেনিয়াম সাগরে অনুষ্ঠিত ভারত ও ইতালির নৌমহড়া। ভারতের তরফ থেকে নৌমহড়ায় অংশগ্রহণ করেছিল INS Tabor এবং ইতালির তরফ থেকে অংশগ্রহণ করেছিল ইতালির সামনের সারির ফ্রিগেট আইটিএস অ্যান্টোনিও মার্সেগ্লিয়া।

TTX-2021 Exercise Shield'

১৪-১৫ জুলাই ভারত, শ্রীলঙ্কা এবং মালদ্বীপের প্রতিরক্ষা আধিকারিকরা ভার্চুয়ালি অংশগ্রহণ করলেন Trilateral Tabletop Exercise 2021 (TTX-2021) Exercise Shield' এ। সামুদ্রিক সুরক্ষার জন্য এটি আয়োজন করা হয়েছিল। এটির আয়োজন করেছিল মুম্বাইয়ের মেরিটাইম ওয়ারফেয়ার সেন্টার।

ভারতীয় নৌবাহিনী পেল প্রথম ব্যাচের MH-60R হেলিকপ্টার

মার্কিন যুক্তরাষ্ট্রের নৌবাহিনীর তরফ থেকে ভারতীয় নৌবাহিনী পেল প্রথম ব্যাচের ২টি MH-60R হেলিকপ্টার। ভারতের তরফ থেকে মার্কিন যুক্তরাষ্ট্রকে ২৪টি MH-60R হেলিকপ্টারের বরাত দেওয়া হয়েছে যার মূল্য ২.৪ বিলিয়ন মার্কিন ডলার।

ভারতীয় নৌবাহিনী ও উপকূলরক্ষী বাহিনীর ২৫টি স্বদেশীয় এসআরজিসি সিস্টেম

অর্ডিন্যান্স ফ্যাক্টরি তিরুচিরাপল্লির তরফ থেকে ভারতীয় নৌবাহিনী এবং উপকূলরক্ষী বাহিনীকে হস্তান্তরকরণ করা হল স্বদেশীয় ১২.৭ এমএম স্টেবিলাইস রিমোট কন্ট্রোল গান সিস্টেম।

ইনডেক্স/রিপোর্ট/স্টাডি/র‍্যাঙ্কিং

World Investment Report 2021

ইউনাইটেড নেশনস কনফারেন্স অন ট্রেড অ্যান্ড ডেভেলপমেন্ট দ্বারা প্রকাশিত World Investment Report 2021 অনুযায়ী প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগের অর্ন্তপ্রবাহে প্রথম স্থানে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে চীন এবং হংকং। ভারত রয়েছে পঞ্চম স্থানে।

র‍্যাঙ্ক	দেশ	মূল্য (বিলিয়ন মার্কিন ডলার)
১.	মার্কিন যুক্তরাষ্ট্র	১৫৬
২.	চীন	১৪৯
৩.	হংকং	১১৯
৫.	ভারত	৬৪

অন্যদিকে, প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগের বর্হিপ্রবাহে প্রথম স্থানে রয়েছে চীন। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে লুক্সেমবার্গ এবং জাপান। ভারত রয়েছে ১৮তম স্থানে।

র‍্যাঙ্ক	দেশ	মূল্য (বিলিয়ন মার্কিন ডলার)
১.	চীন	১৩৩
২.	লুক্সেমবার্গ	১২৭
৩.	জাপান	১১৬
১৮.	ভারত	১২

আইবিপিএস স্কিমের মাধ্যমে চাকরি সৃষ্টি

আইবিপিএস বা ইন্ডিয়া বিজনেস প্রসেস আউটসোর্সিং প্রোমোশন স্কিমের মাধ্যমে চাকরি সৃষ্টিতে প্রথম স্থানে রয়েছে অন্ধ্রপ্রদেশ যারা ১২২৩৪টি নতুন চাকরি সৃষ্টি করেছে। দ্বিতীয় স্থানে রয়েছে তামিলনাড়ু যারা ৯৪০১টি নতুন চাকরি সৃষ্টি করেছে।

Inward Investment Statistics for 2020-21

ব্রিটিশ যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক বাণিজ্য দপ্তর কর্তৃক প্রকাশিত Inward Investment Statistics for 2020-21 অনুযায়ী ব্রিটিশ যুক্তরাষ্ট্রে প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগের বৃহত্তম উৎস হল মার্কিন যুক্তরাষ্ট্র। দ্বিতীয় স্থানে রয়েছে ভারত।

State of Economy Report

রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া কর্তৃক প্রকাশিত State of Economy Report অনুযায়ী কেন্দ্রীয় ব্যাঙ্ক কর্তৃক রাষ্ট্রকে সরবরাহ করা সারপ্লাসে প্রথম স্থানে রয়েছে তুর্কি। দ্বিতীয় স্থানে রয়েছে ভারত এবং তৃতীয় স্থানে রয়েছে মালয়েশিয়া।

র‍্যাঙ্ক	দেশ	সারপ্লাস সরবরাহ (২০২১ সালের জিডিপি এর % অনুযায়ী)
১.	তুর্কি	০.৫০%
২.	ভারত	০.৪৪%
৩.	মালয়েশিয়া	০.২৬%

Ease of Living Index-2020

সেন্টার ফর সায়েন্স অ্যান্ড এনভায়রনমেন্ট কর্তৃক প্রকাশিত 'Ease of Living Index-2020' অনুযায়ী ভারতে বসবাসযোগ্য শহরগুলির মধ্যে প্রথম স্থানে রয়েছে কর্ণাটকের রাজধানী বেঙ্গালুরু। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে তামিলনাড়ুর রাজধানী চেন্নাই ও হিমাচল

Anthropophobia - Fear of people or society

Dachigam National Park (1981) Jammu & Kashmir

❖ পি ভি এস এল এন মূর্তি — NEDFi-এর সিএমডি :

১ জুলাই ইস্টার্ন ডেভেলপমেন্ট ফিনান্স কর্পোরেশন লিমিটেড (NEDFi)-এর সিএমডি হিসাবে নিযুক্ত হলেন পি ভি এস এল এন মূর্তি। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী বি পাল মুক্তির স্থলাভিষিক্ত হলেন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে এসবিআই-এর চিফ স্ট্র্যাটেজি অফিসার ছিলেন।

❖ এয়ার মার্শাল বিবেকরাম চৌধুরী— IAF-এর ডেপুটি প্রধান :

১ জুলাই ইন্ডিয়ান এয়ার ফোর্সের ডেপুটি প্রধান হিসাবে নিযুক্ত হলেন এয়ার মার্শাল বিবেক রাম চৌধুরী। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী এয়ার মার্শাল হরজিৎ সিং অরোরা'র স্থলাভিষিক্ত হলেন।

❖ পুষ্কর সিং ধামি — উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী :

৪ জুলাই উত্তরাখণ্ডের ১১তম মুখ্যমন্ত্রী হিসাবে দায়িত্বভার গ্রহণ করলেন পুষ্কর সিং ধামি। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী তিরথ সিং রাওয়াতের স্থলাভিষিক্ত হলেন। তিনি উত্তরাখণ্ড রাজ্যের সর্বকনিষ্ঠ মুখ্যমন্ত্রী হিসাবে এই পদের দায়িত্ব গ্রহণ করেছেন। তিনি ২০১২ সালে উত্তরাখণ্ড বিধানসভার সদস্য হিসাবে প্রথমবার নির্বাচিত হয়েছিলেন।

❖ কল্যাণ নারায়ণ ভট্টাচার্য — ত্রিপুরার লোকায়ুক্ত :

৫ জুলাই ত্রিপুরার নতুন তথা তৃতীয় লোকায়ুক্ত হিসাবে নিযুক্ত হলেন বিশিষ্ট আইনজীবী কল্যাণ নারায়ণ ভট্টাচার্য। প্রসঙ্গত উল্লেখ্য, ত্রিপুরার প্রথম লোকায়ুক্ত হিসাবে নিযুক্ত হয়েছিলেন প্রদীপ কুমার সরকার।

❖ সতীশ অগ্নিহোত্রী — NHSRCL-এর এমডি :

৫ জুলাই ন্যাশনাল হাইস্পিড রেল কর্পোরেশন লিমিটেড-এর ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন সতীশ অগ্নিহোত্রী। এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে তিনি রেল বিকাশ নিগম লিমিটেডের সিএমডি হিসাবে দীর্ঘদিন দায়িত্ব পালন করেছেন।

❖ ভারতের বিভিন্ন রাজ্যে নবনিযুক্ত রাজ্যপালগণ :

৬ জুলাই রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ ৮টি রাজ্যের নতুন রাজ্যপালদের নিযুক্ত করলেন। সেই নবনিযুক্ত রাজ্যপালগণ হলেন–

রাজ্যের নাম	নবনিযুক্ত রাজ্যপাল	পূর্ববর্তী রাজ্যপাল
গোয়া	পি এস শ্রীধরন পিল্লাই	ভগত সিং কোশারি
ত্রিপুরা	সত্যদেও নারায়ণ আর্য	রমেশ বাইস
ঝাড়খণ্ড	রমেশ বাইস	দ্রৌপদী মুর্মু
কর্ণাটক	থাওয়ারচাঁদ গেহলট	বাজুভাই বালা
হরিয়ানা	বান্দারু দত্তাত্রেয়	সত্যদেও নারায়ণ আর্য
মিজোরাম	ডক্টর হরিবাবু কম্ভামপাতি	পি এস শ্রীধরন পিল্লাই
মধ্যপ্রদেশ	এম সি প্যাটেল	আনন্দীবেন প্যাটেল
হিমাচলপ্রদেশ	রাজেন্দ্র বিশ্বনাথ আর্লেকর	বান্দারু দত্তাত্রেয়

❖ সুখবীর সিং সাঁধু — উত্তরাখণ্ডের মুখ্য সচিব :

৭ জুলাই উত্তরাখণ্ডের মুখ্য সচিব হিসাবে নিযুক্ত হলেন সুখবীর সিং সাঁধু। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী ওম প্রকাশের স্থলাভিষিক্ত হলেন। ১৯৮৮ সালের ব্যাচের উত্তরাখণ্ড ক্যাডারের আইএএস অফিসার সুখবীর সিং সাঁধু এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে ন্যাশনাল হাইওয়ে অথরিটির চেয়ারম্যান ছিলেন।

❖ এন বেণুধর রেড্ডি — অল ইন্ডিয়া রেডিও'র ডিরেক্টর জেনারেল :

৮ জুলাই অল ইন্ডিয়া রেডিও'র ডিরেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন এ বেণুধর রেড্ডি। ১৯৮৮ সালের ব্যাচের এই ইন্ডিয়ান ইনফর্মেশন সার্ভিস অফিসার এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে ওই সংস্থার নিউজ সার্ভিসে ডিভিশনের প্রিন্সিপাল ডিজি ছিলেন।

❖ শ্যাম শ্রীনিবাসন — ফেডেরাল ব্যাঙ্কের এমডি এবং সিইও :

৯ জুলাই ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কে ফেডেরাল ব্যাঙ্কের এমডি এবং সিইও হিসাবে শ্যাম শ্রীনিবাসনকে পুনর্নিযুক্ত করল। তাঁর এই পদের কার্যকালের মেয়াদ ২৩ সেপ্টেম্বর ২০২১ থেকে ২২ সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত কার্যকরী থাকবে।

❖ সঞ্জয় গুপ্তা — গুগল ইন্ডিয়ার চেয়ারম্যান :

১৮ জুলাই ইন্টারনেট অ্যান্ড মোবাইল অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়া (IAMAI) কর্তৃক গুগল ইন্ডিয়ার চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন সঞ্জয় গুপ্তা। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী অমিত আগরওয়ালের স্থলাভিষিক্ত হলেন। সঞ্জয় গুপ্তা এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে ওই সংস্থার ভাইস প্রেসিডেন্ট ছিলেন। প্রসঙ্গত উল্লেখ্য, এদিন IAMAI কর্তৃক ফেসবুক ইন্ডিয়া'র ভাইস চেয়ারম্যান হিসাবে অজিত মোহন নিযুক্ত হলেন।

❖ মোক্তার আব্বাস নকভি — রাজ্যসভার ডেপুটি দলনেতা :

২১ জুলাই রাজ্যসভার ডেপুটি দলনেতা হিসাবে নিযুক্ত হলেন কেন্দ্রীয় সংখ্যালঘু বিষয়ক মন্ত্রী মোক্তার আব্বাস নকভি। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী পীযূষ গোয়েলের স্থলাভিষিক্ত হলেন।

Catagelophobia - Fear of being ridiculed

Hemis National Park (1981) Jammu & Kashmir

❖ আরামানি গিরিধর — NHAI-এর চেয়ারম্যান :

২২ জুলাই ন্যাশনাল হাইওয়েজ অথরিটি অফ ইন্ডিয়ার চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন আরামানি গিরিধর। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী সুখবীর সিং সাঁধুর স্থলাভিষিক্ত হলেন, যিনি সম্প্রতি উত্তরাখণ্ডের মুখ্যসচিব হিসাবে নিযুক্ত হয়েছেন। আরামানি গিরিধর বর্তমানে কেন্দ্রীয় জাতীয় সড়ক ও পরিবহণ মন্ত্রকের সচিব হিসাবেও কর্মরত আছেন।

❖ সি বিজয়কুমার — HCL গ্রুপের ম্যানেজিং ডিরেক্টর :

২৪ জুলাই HCL Group এর ম্যানেজিং ডিরেক্টর এবং এইচসিএল টেকনোলজিজ লিমিটেডের ডিরেক্টর পদ থেকে ইস্তফা দিলেন শিব নাদার। উপরোক্ত সমস্ত পদের দায়িত্বে এলেন সি বিজয়কুমার। তবে শিব কুমার নাদার সংস্থার পরিচালন বোর্ডের স্ট্যাটেজিক অ্যাডভাইজার হিসাবে নিযুক্ত থাকবেন।

ভারতবর্ষের বর্তমান কেন্দ্রীয় মন্ত্রীসভা (৭.৭.২০২১ অনুযায়ী)

নাম	দফতর
পূর্ণমন্ত্রী	
নরেন্দ্র মোদী	প্রধানমন্ত্রী ও অন্যান্য যেসব মন্ত্রকের দায়িত্বে: কর্মচারী, গণঅভিযোগ ও পেনশন; আণবিক শক্তি দপ্তর; মহাকাশ দপ্তর; গুরুত্বপূর্ণ যাবতীয় নীতি সম্পর্কিত এবং অন্যান্য মন্ত্রকের দায়িত্বভার, যা কোনও মন্ত্রীকে দেওয়া হয়নি
রাজনাথ সিং	প্রতিরক্ষা মন্ত্রী
অমিত শাহ	স্বরাষ্ট্র মন্ত্রী; এবং সমবায় মন্ত্রী
নীতিন জয়রাম গড়করি	সড়ক পরিবহণ ও মহাসড়ক মন্ত্রী
নির্মলা সীতারমন	অর্থ এবং কর্পোরেট বিষয়ক মন্ত্রী
নরেন্দ্র সিং তোমর	কৃষি ও কৃষককল্যাণ মন্ত্রী
ডঃ সুব্রহ্মনিয়ম জয়শঙ্কর	বিদেশ মন্ত্রী
অর্জুন মুন্ডা	আদিবাসী বিষয়ক মন্ত্রী
স্মৃতি জুবিন ইরানি	মহিলা ও শিশু কল্যাণ মন্ত্রী
পীযূষ গোয়েল	বাণিজ্য ও শিল্প মন্ত্রী; উপভোক্তা বিষয়ক, খাদ্য ও গণবণ্টন মন্ত্রী; এবং বস্ত্র মন্ত্রী
ধর্মেন্দ্র প্রধান	শিক্ষা; এবং দক্ষতা উন্নয়ন ও শিল্পোদ্যোগ মন্ত্রী
প্রহ্লাদ যোশী	সংসদীয় বিষয়ক মন্ত্রী; কয়লা মন্ত্রী; খনি মন্ত্রী
নারায়ণ তাতু রানে	অতিক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্পোদ্যোগ মন্ত্রী
সর্বানন্দ সোনোয়াল	বন্দর, জাহাজ চলাচল ও অভ্যন্তরীণ জলপথ মন্ত্রী; আয়ুষ মন্ত্রী
মুখতার আব্বাস নাকভি	সংখ্যালঘু বিষয়ক মন্ত্রী
ডঃ বীরেন্দ্র কুমার	সামাজিক ন্যায়বিচার ও ক্ষমতায়ন মন্ত্রী
গিরিরাজ সিং	গ্রামোন্নয়ন এবং পঞ্চায়েতি রাজ মন্ত্রী
জ্যোতিরাদিত্য এম সিন্ধিয়া	অসামরিক বিমান পরিবহণ মন্ত্রী
রামচন্দ্র প্রসাদ সিংহ	ইস্পাত মন্ত্রী
অশ্বিনী বৈষ্ণব	রেলমন্ত্রী; যোগাযোগ; এবং বৈদ্যুতিন ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী
পশুপতি কুমার পারস	খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প মন্ত্রী
গজেন্দ্র সিং শেখাওয়াত	জলশক্তি মন্ত্রী
কিরেন রিজিজু	আইন ও ন্যায়বিচার মন্ত্রী
রাজ কুমার সিংহ	বিদ্যুৎ; নতুন ও পুনর্নবীকরণ যোগ্য জ্বালানি মন্ত্রী
হরদীপ সিং পুরী	পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস; এবং আবাসন ও শহরাঞ্চল বিষয়ক মন্ত্রী
মনসুখ মণ্ডভিয়া	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ; এবং রসায়ন ও সার মন্ত্রী
ভূপেন্দ্র যাদব	পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন; এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রী
মহেন্দ্রনাথ পাণ্ডে	ভারী শিল্প মন্ত্রী
পুরুষোত্তম রূপালা	মৎস্য চাষ, পশুপালন ও ডেয়ারি মন্ত্রী
জি কিষাণ রেড্ডি	সংস্কৃতি মন্ত্রী; পর্যটন মন্ত্রী; উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রী
অনুরাগ সিং ঠাকুর	তথ্য ও সম্প্রচার মন্ত্রী; যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী
প্রতিমন্ত্রী (স্বাধীন দায়িত্বপ্রাপ্ত)	
রাও ইন্দরজিৎ সিং	পরিসংখ্যান ও কর্মসূচি রূপায়ণ প্রতিমন্ত্রী (স্বাধীন দায়িত্বপ্রাপ্ত); পরিকল্পনা প্রতিমন্ত্রী (স্বাধীন দায়িত্বপ্রাপ্ত); কর্পোরেট বিষয়ক প্রতিমন্ত্রী
ডঃ জিতেন্দ্র সিং	বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী (স্বাধীন দায়িত্বপ্রাপ্ত); ভূবিজ্ঞান প্রতিমন্ত্রী (স্বাধীন দায়িত্বপ্রাপ্ত); প্রধানমন্ত্রীর দপ্তরের প্রতিমন্ত্রী; কর্মচারী, গণঅভিযোগ ও পেনশন প্রতিমন্ত্রী; আণবিক শক্তি প্রতিমন্ত্রী; মহাকাশ প্রতিমন্ত্রী
প্রতিমন্ত্রী	
শ্রীপাদ যশো নায়েক	বন্দর, জাহাজ পরিবহণ ও অভ্যন্তরীণ জলপথ প্রতিমন্ত্রী; পর্যটন প্রতিমন্ত্রী

Catoptrophobia - Fear of mirrors

Kishtwar National Park (1981) Jammu & Kashmir

নাম	দফতর	নাম	দফতর
● ফগ্গন সিং কুলস্তে	ইস্পাত প্রতিমন্ত্রী; এবং গ্রামোন্নয়ন প্রতিমন্ত্রী	● রামেশ্বর তেলি	পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস প্রতিমন্ত্রী; এবং শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী
● প্রহ্লাদ সিং প্যাটেল	জল শক্তি প্রতিমন্ত্রী; খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প প্রতিমন্ত্রী	● কৈলাশ চৌধুরি	কৃষি ও কৃষক কল্যাণ প্রতিমন্ত্রী
		● অন্নপূর্ণা দেবী	শিক্ষা প্রতিমন্ত্রী
● অশ্বিনী কুমার চৌবে	গ্রাহক বিষয়ক, খাদ্য ও গণবণ্টন প্রতিমন্ত্রী; পরিবেশ, বন ও জলবায়ু বিষয়ক প্রতিমন্ত্রী	● এ নারায়ণস্বামী	সামাজিক ন্যায়বিচার ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী
		● কৌশল কিশোর	আবাসন ও শহরাঞ্চল বিষয়ক দপ্তরের প্রতিমন্ত্রী
● অর্জুন রাম মেঘওয়াল	সংসদীয় বিষয়ক প্রতিমন্ত্রী; সংস্কৃতি প্রতিমন্ত্রী	● অজয় ভট্ট	প্রতিরক্ষা প্রতিমন্ত্রী; পর্যটন প্রতিমন্ত্রী
● জেনারেল ভি কে সিং (অবসরপ্রাপ্ত)	সড়ক পরিবহণ ও জাতীয় মহা-সড়ক প্রতিমন্ত্রী; অসামরিক বিমান পরিবহণ প্রতিমন্ত্রী	● বি এল বর্মা	উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন প্রতিমন্ত্রী; সমবায় প্রতিমন্ত্রী
		● অজয় কুমার	স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী
● কৃষাণ পাল	শক্তি প্রতিমন্ত্রী; ভারী শিল্প প্রতিমন্ত্রী	● দেবুসিন চৌহান	যোগাযোগ প্রতিমন্ত্রী
● দানভে রাওসাহেব দাদারাও	রেল প্রতিমন্ত্রী; কয়লা প্রতিমন্ত্রী; এবং খনি প্রতিমন্ত্রী	● ভগবন্ত খুবা	নতুন ও পুনর্নবীকরণযোগ শক্তি প্রতিমন্ত্রী; সার ও রসায়ন প্রতিমন্ত্রী
● রামদাস আথওয়ালে	সামাজিক ন্যায়বিচার ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী	● সুশ্রী প্রতিমা ভৌমিক	সামাজিক ন্যায়বিচার ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী
● সাধ্বী নিরঞ্জন জ্যোতি	গ্রাহক বিষয়ক, খাদ্য ও গণবণ্টন প্রতিমন্ত্রী; গ্রামোন্নয়ন প্রতিমন্ত্রী	● কপিল মোরেশ্বর পাটিল	পঞ্চায়েতি রাজ প্রতিমন্ত্রী
		● ডাঃ সুভাষ সরকার	শিক্ষা প্রতিমন্ত্রী
● সঞ্জীব কুমার বালিয়ান	মৎস্য চাষ, পশুপালন ও ডেয়ারি প্রতিমন্ত্রী	● ডাঃ ভগবত কিশানরাও করদ	অর্থ প্রতিমন্ত্রী
● নিত্যানন্দ রাই	স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী	● ডঃ রাজকুমার রঞ্জন সিং	বিদেশ প্রতিমন্ত্রী; এবং শিক্ষা প্রতিমন্ত্রী
● পঙ্কজ চৌধুরী	অর্থ প্রতিমন্ত্রী	● ডঃ ভারতী প্রবীণ পাওয়ার	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের প্রতিমন্ত্রী
● অনুপ্রিয়া সিং প্যাটেল	বাণিজ্য ও শিল্প প্রতিমন্ত্রী		
● ডঃ সত্য পাল সিং বাঘেল	আইন ও ন্যায়বিচার প্রতিমন্ত্রী	● বিশ্বেশ্বর টুডু	আদিবাসী বিষয়ক প্রতিমন্ত্রী; জল শক্তি প্রতিমন্ত্রী
● রাজীব চন্দ্রশেখর	দক্ষতা উন্নয়ন ও শিল্পোদ্যোগ প্রতিমন্ত্রী; এবং বৈদ্যুতিন ও তথ্য প্রযুক্তি প্রতিমন্ত্রী	● শান্তনু ঠাকুর	বন্দর, জাহাজ পরিবহণ ও অভ্যন্তরীণ জলপথ প্রতিমন্ত্রী
● সুশ্রী শোভা করনদলাজে	কৃষি ও কৃষক কল্যাণ প্রতিমন্ত্রী		
● ভানু প্রতাপ সিং বর্মা	অতিক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্পোদ্যোগ প্রতিমন্ত্রী	● ডাঃ মুঞ্জাপারা মহেন্দ্র ভাই	মহিলা ও শিশু কল্যাণ প্রতিমন্ত্রী; আয়ুষ প্রতিমন্ত্রী
● দর্শনা বিক্রম জারদোশ	বস্ত্র প্রতিমন্ত্রী; এবং রেল প্রতিমন্ত্রী	● জন বার্লা	আদিবাসী বিষয়ক প্রতিমন্ত্রী
● ভি মুরলীধরন	বিদেশ ও সংসদ বিষয়ক প্রতিমন্ত্রী	● ডঃ এল মুরুগান	মৎস্য চাষ, পশুপালন ও ডেয়ারি প্রতিমন্ত্রী; তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী
● মীনাক্ষী লেখি	বিদেশ প্রতিমন্ত্রী; সংস্কৃতি প্রতিমন্ত্রী		
● সোম প্রকাশ	বাণিজ্য ও শিল্প প্রতিমন্ত্রী	● নিশীথ প্রামাণিক	স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী; যুব বিষয়ক ও ক্রীড়া প্রতিমন্ত্রী
● রেণুকা সিং সারুতা	উপজাতি বিষয়ক প্রতিমন্ত্রী		

Chionophobia - Fear of snow

সাম্প্রতিককালের আন্তর্জাতিক নতুন নিয়োগ

○ বন্দনা আগরওয়াল – IFSCA-র এক্সপার্ট কমিটির চেয়ারম্যান:

২৬ জুন 'ইন্টারন্যাশনাল ফিনান্সিয়াল সার্ভিসেস সেন্টার অথরিটি' (IFSCA) বন্দনা আগরওয়ালের নেতৃত্বে এক এক্সপার্ট কমিটি গঠন করল। এই কমিটি গুজরাট ইন্টারন্যাশনাল ফিনান্স টেক (GIFT) এবং ইন্টারন্যাশনাল ফিনান্সিয়াল সার্ভিসেস সেন্টার্স (IFSC)-এর মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক গড়ে তোলার ক্ষেত্রে পর্যালোচনা করবে।

○ স্টিফান লফভেন — সুইডেনের প্রধানমন্ত্রী :

৯ জুলাই সুইডেনের প্রধানমন্ত্রী হিসাবে পুনর্নিযুক্ত হলেন স্টিফান লফভেন। তিনি ২০১৪ সালের ৩ অক্টোবর সুইডেনের প্রধানমন্ত্রী হিসাবে প্রথমবার নির্বাচিত হয়েছিলেন। এছাড়াও পূর্বে ২০০২-২০১৪ পর্যন্ত সেদেশের বিরোধী দলনেতার দায়িত্ব পালন করেছেন।

○ জেফ আল্লারডাইস — আইসিসি'র সিইও :

১০ জুলাই আইসিসি'র কার্যকরী চিফ এগজিকিউটিভ অফিসার হিসাবে নিযুক্ত হলেন জেফ আল্লারডাইস। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী মনু সাহনির স্থলাভিষিক্ত হলেন।

○ ড্যারেন স্যামী — Fun 88-এর বিপণন দূত :

১০ জুলাই অনলাইন গেমিং অপারেটর Fun 88-এর বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন ওয়েস্ট ইন্ডিজের কিংবদন্তী ক্রিকেটার ড্যারেন স্যামী। তিনি এই পদে নিযুক্ত হওয়ার সুবাদে সংস্থা কর্তৃক গৃহীত '# Lagishart'-এর কর্মসূচীর প্রচারাভিযানে অংশগ্রহণ করবেন।

○ পবন সিং — টোকিও অলিম্পিকে ভারতীয় জুরি :

১১ জুলাই টোকিও অলিম্পিকে প্রথম ভারতীয় জুরি হিসাবে নিযুক্ত হলেন পবন সিং। তিনি বর্তমানে ন্যাশনাল রাইফেল অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়া'র জয়েন্ট সেক্রেটারি জেনারেল হিসাবে নিযুক্ত আছেন। তিনি একজন প্রাক্তন রাইফেল শুটার ছিলেন।

○ যোশেফ ল্যাম্বার্ট — হাইতির রাষ্ট্রপতি :

১১ জুলাই হাইতির অন্তর্বর্তীকালীন রাষ্ট্রপতি হিসাবে নিযুক্ত হলেন যোশেফ ল্যাম্বার্ট। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী জোভেনেল মোসি'র স্থলাভিষিক্ত হলেন। তিনি এই পদে ২০২২ সালের ৭ ফেব্রুয়ারি পর্যন্ত নিযুক্ত থাকবেন।

○ বিনয় প্রকাশ — ট্যুইটার ইন্ডিয়ার রেসিডেন্ট গ্রিভেন্স অফিসার:

১২ জুলাই ট্যুইটার ইন্ডিয়ার রেসিডেন্ট গ্রিভেন্স অফিসার হিসাবে নিযুক্ত হলেন বিনয় প্রকাশ। ট্যুইটার ব্যবহারকারীরা তাদের ইমেল আইডি ব্যবহার করে সরাসরি এনার সঙ্গে যোগাযোগ করতে পারবেন। প্রসঙ্গত উল্লেখ্য, সংস্থা কর্তৃক ভারতে গ্রিভেন্স অফিসার হিসাবে নিযুক্ত হয়েছেন জেরেমি কেসেল।

○ শের বাহাদুর দেউবা — নেপালের প্রধানমন্ত্রী :

১৩ জুলাই নেপালের প্রধানমন্ত্রী হিসাবে পঞ্চমবারের জন্য পুনর্নির্বাচিত হলেন শের বাহাদুর দেউবা। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী কে পি শর্মা ওলির স্থলাভিষিক্ত হলেন। তিনি পূর্বে অর্থাৎ ১৯৯৫-১৯৯৭, ২০০১-২০০২, ২০০৪-২০০৫, ২০১৭-২০১৮ পর্যন্ত প্রধানমন্ত্রী হিসাবে দায়িত্ব পালন করেছেন।

○ এন এস শ্রীনিবাস মূর্তি —ভারতে নিযুক্ত ভিয়েতনামের কনস্যুল জেনারেল :

১৪ জুলাই ভিয়েতনামের পররাষ্ট্রমন্ত্রী কর্তৃক ভারতে ভিয়েতনামের সাম্মানিক কনস্যুল জেনারেল হিসাবে নিযুক্ত হলেন ভারতের এন এস শ্রীনিবাস মূর্তি। তিনি প্রথম ভারতীয় হিসাবে এই পদে নিযুক্ত হলেন।

○ বি কে সিন্‌হা — টোকিও অলিম্পিকে ভারতের প্রেস অ্যাটাচি :

১৯ জুলাই ইন্ডিয়ান অলিম্পিক অ্যাসোসিয়েশন কর্তৃক টোকিও অলিম্পিকের ভারতের প্রেস অ্যাটাচি হিসাবে নিযুক্ত হলেন অবসরপ্রাপ্ত আইপিএস অফিসার বি কে সিন্‌হা। তিনি হরিয়ানা পুলিশের প্রাক্তন ডিজিপি যিনি কর্মক্ষেত্রে অসামান্য অবদানের জন্য রাষ্ট্রপতি কর্তৃক পুলিশ মেডেলে ভূষিত হয়েছেন।

○ ক্লিওপাস ল্যামিনি — এসওয়াতিনির প্রধানমন্ত্রী :

২০ জুলাই এসওয়াতিনির প্রধানমন্ত্রী হিসাবে নিযুক্ত হলেন ক্লিওপাস ল্যামিনি। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী অ্যামব্রোস মান্দভুলো ল্যামিনীর স্থলাভিষিক্ত হলেন। প্রসঙ্গত উল্লেখ্য, এসওয়াতিনি হল আফ্রিকার একটি উল্লেখযোগ্য দেশ যেটি সোয়াজিল্যান্ড নামে পরিচিত।

○ অ্যারিয়েল হেনরি — হাইতির প্রধানমন্ত্রী :

২০ জুলাই হাইতির প্রধানমন্ত্রী হিসাবে নিযুক্ত হলেন অ্যারিয়েল হেনরি। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী ক্লাউড যোশেফে'র স্থলাভিষিক্ত হলেন। অ্যারিয়েল হেনরি ২২ জানুয়ারি-১১ সেপ্টেম্বর, ২০১৫ তারিখ পর্যন্ত সেদেশের টেরিটোরিয়াল কমিউনিটিজ বিষয়ক মন্ত্রী হিসাবে দায়িত্ব পালন করেছেন।

○ রেশমি রঞ্জন দাস — ইউএন ট্যাক্স কমিটির সদস্য :

২৩ জুলাই ইউনাইটেড নেশনস ট্যাক্স কমিটির সদস্য হিসাবে নিযুক্ত হলেন ভারতের রেশমি রঞ্জন দাস। তিনি বর্তমানে কেন্দ্রীয় অর্থ মন্ত্রকের যুগ্ম সচিব হিসাবেও কর্মরত আছেন। এই কমিটির সদস্য সংখ্যা হল পঁচিশ।

○ জোশ পেড্রো ক্যাস্টিলো টেরোনেস — পেরুর প্রেসিডেন্ট :

২৮ জুলাই পেরুর প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হলেন জোশ পেড্রো ক্যাস্টিলো টেরোনেস। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী ফ্রান্সিসকো সাদাস্টির স্থলাভিষিক্ত হলেন। তিনি পেশায় একজন স্কুল শিক্ষক ছিলেন। এবারের নির্বাচনে তিনি ৫০.১৩% ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন।

Chromophobia - Fear of colors

সাম্প্রতিককালের প্রয়াণ

নাম	জন্ম, মৃত্যু, মৃত্যুস্থান ও মৃত্যুকালীন বয়স	পরিচিতি
পারাস্সালা বি পোন্নাম্মাল	জন্ম : ২৯ নভেম্বর, ১৯২৪ মৃত্যু : ২২ জুন, ২০২১ মৃত্যুস্থান : কেরল মৃত্যুকালীন বয়স : ৯৬ বছর	তিনি ভারতের জনপ্রিয় কর্ণাটকী সংগীতশিল্পী ছিলেন। ২০০৬ সালের ২৩ সেপ্টেম্বর তিরুবনন্তপুরমের নবরাত্রি মন্ডপে ৩০০ বছরের ঐতিহ্য ভেঙে সংগীত পরিবেশন করেছিলেন। সংগীত ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য ২০০৯ সালে 'সংগীত নাটক অ্যাকাডেমি অ্যাওয়ার্ড', ২০১৬ সালে 'এম জি রাধাকৃষ্ণণ অ্যাওয়ার্ড', ২০১৭ সালে 'পদ্মশ্রী' সম্মানে ভূষিত হয়েছিলেন।
জন ডেভিড ম্যাকাফি	জন্ম : ১৮ সেপ্টেম্বর, ১৯৪৫ মৃত্যু : ২৩ জুন, ২০২১ মৃত্যুস্থান : স্পেন মৃত্যুকালীন বয়স : ৭৫ বছর	তিনি ইন্দো-মার্কিন কম্পিউটার প্রোগ্রামার ও সফটওয়ার নির্মাতা ছিলেন। ম্যাকাফি অ্যান্টি ভাইরাস প্রোগ্রাম আবিষ্কার করে তিনি সর্বাধিক জনপ্রিয়তা অর্জন করেছেন। ১৯৬৮-৭০ সাল পর্যন্ত নাসার মহাকাশ বিদ্যা প্রতিষ্ঠানে প্রোগ্রামার হিসাবে কর্মরত ছিলেন।
তৃতীয় বেনিগ্নো অ্যাকুইনো	জন্ম : ৮ ফেব্রুয়ারি, ১৯৬০ মৃত্যু : ২৪ জুন, ২০২১ মৃত্যুস্থান : ফিলিপিন্স মৃত্যুকালীন বয়স : ৬১ বছর	তিনি ফিলিপিন্সের বিশিষ্ট রাজনীতিবিদ, সাবেক কংগ্রেস সদস্য ও সিনেটর ছিলেন। তিনি ২০১০-২০১৬ পর্যন্ত ফিলিপিন্সের ১৫তম রাষ্ট্রপতি হিসাবে দায়িত্ব পালন করেছেন। এছাড়া ২০০৭-২০১০ পর্যন্ত সিনেটর হিসাবে নিযুক্ত ছিলেন।
শিব শঙ্করন নায়ার	জন্ম : ১৪ মে, ১৯৩২ মৃত্যু : ২৪ জুন, ২০২১ মৃত্যুস্থান : কেরল মৃত্যুকালীন বয়স : ৮৯ বছর	তিনি ভারতের একজন বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক ও সিনেমাটোগ্রাফার ছিলেন। তিনি কেরলের প্রথম পেশাদারি প্রেস ফটোগ্রাফার হিসাবে অধিক পরিচিত। তাঁর পরিচালিত প্রথম চলচ্চিত্র হল– 'স্বপ্নম', যেটি ১৯৭২ সালে রিলিজ করেছিল।
মীরহাজার খোসো	জন্ম : ৩০ সেপ্টেম্বর, ১৯২৯ মৃত্যু : ২৬ জুন, ২০২১ মৃত্যুস্থান : পাকিস্তান মৃত্যুকালীন বয়স : ৯২ বছর	তিনি পাকিস্তানের প্রাক্তন তত্ত্বাবধায়ক প্রধানমন্ত্রী ছিলেন। রাজা পারভেজ আসরফ পদত্যাগ করার পর ২৫ মার্চ থেকে ৫ জুন ২০১৩ পর্যন্ত তিনি সে দেশের তত্ত্বাবধায়ক প্রধানমন্ত্রীর দায়িত্ব পালন করেছেন। তিনি পেশায় একজন বিচারপতি ছিলেন।
কে ভি সম্পত কুমার	জন্ম : ১৯৫৭ সাল মৃত্যু : ৩০ জুন, ২০২১ মৃত্যুস্থান : কর্ণাটক মৃত্যুকালীন বয়স : ৬৪ বছর	তিনি ভারতের একমাত্র সংস্কৃত ভাষায় প্রকাশিত দৈনিক সংবাদপত্র 'সুধর্মা'র এডিটর ছিলেন। ১৯৯০ সালে তিনি তাঁর পিতার মৃত্যুর পর 'সুধর্মা' সংবাদপত্রের সম্পাদক হিসাবে দায়িত্বভার গ্রহণ করেছিলেন। কর্মক্ষেত্রে অসামান্য অবদানের জন্য তিনি ২০২০ সালে 'পদ্মশ্রী' সম্মানে ভূষিত হন।
কেশব দত্ত	জন্ম : ২৯ ডিসেম্বর, ১৯২৫ মৃত্যু : ৭ জুলাই, ২০২১ মৃত্যুস্থান : কলকাতা মৃত্যুকালীন বয়স : ৯৫ বছর	তিনি অলিম্পিক পদক জয়ী হকি খেলোয়াড়। ১৯৪৮ সালের অলিম্পিক ও ১৯৫২ সালের অলিম্পিকে হকিতে সোনা জয়ী দলের সদস্য ছিলেন তিনি।
দিলীপ কুমার	জন্ম : ১১ ডিসেম্বর, ১৯২২ মৃত্যু : ৭ জুলাই, ২০২১ মৃত্যুস্থান : মুম্বাই, মহারাষ্ট্র মৃত্যুকালীন বয়স : ৯৮ বছর	তিনি ভারতীয় চলচ্চিত্র জগতের কিংবদন্তী অভিনেতা। দিলীপ কুমারের আসল নাম মহম্মদ ইউসুফ খান। মুঘল-ই-আজম, দেবদাস, রাম আউর শ্যাম, মধুমতী, গঙ্গা যমুনা– এর মতো কালজয়ী কিছু চলচ্চিত্রে অভিনয় প্রতিভার স্বাক্ষর রেখেছেন। ফিল্ম ফেয়ারে সেরা অভিনেতা (৮ বার), পদ্মভূষণ (১৯৯১), পদ্মবিভূষণ (২০১৫), নিশান-ই ইমতিয়াজ (১৯৯৮) প্রভৃতি পুরস্কারে ভূষিত হয়েছেন।
বীরভদ্র সিং	জন্ম : ২৩ জুন, ১৯৩৪ মৃত্যু : ৮ জুলাই, ২০২১ মৃত্যুস্থান : সিমলা মৃত্যুকালীন বয়স : ৮৭ বছর	তিনি কংগ্রেস রাজনীতিবিদ ছিলেন। সবচেয়ে বেশি সময়ের জন্য হিমাচল প্রদেশের মুখ্যমন্ত্রীর দায়িত্ব পালন, কংগ্রেস সরকারে একাধিক কেন্দ্রীয় মন্ত্রীত্বের দায়িত্ব পালন, এমএলএ হিসাবে জয়ী নয়বার, লোকসভার সদস্য হিসাবে জয়ী পাঁচবার।

Chronomentrophobia - Fear of clocks

Panna National Park (1981) Madhya Pradesh

নাম	*জন্ম, মৃত্যু, মৃত্যুস্থান ও মৃত্যুকালীন বয়স	পরিচিতি
ডঃ পি কে ওয়ারিয়র	জন্ম : ৮ জুন, ১৯২১ মৃত্যু : ১০ জুলাই, ২০২১ মৃত্যুস্থান : কোটাক্কাল, কেরল মৃত্যুকালীন বয়স: ১০০ বছর	আয়ুর্বেদ চিকিৎসাকে তিনিই প্রথম মানুষের মধ্যে জনপ্রিয় করে তোলেন। আয়ুর্বেদ চিকিৎসার বৈজ্ঞানিক ভিত্তি তাঁর মাধ্যমেই দেশে থেকে বিদেশে ছড়িয়ে পড়ে। ১৯৯৯ সালে পদ্মশ্রী, ২০১০ সালে পদ্মভূষণ সম্মানে তাঁকে ভূষিত করে ভারত সরকার।
যশপাল শর্মা	জন্ম : ১১ আগস্ট ১৯৫৪ মৃত্যু : ১৩ জুলাই, ২০২১ মৃত্যুস্থান : নিউ দিল্লি মৃত্যুকালীন বয়স : ৬৬ বছর	১৯৮৩ সালের বিশ্বকাপ জয়ী ক্রিকেট দলের সদস্য যশপাল শর্মা হৃদরোগে আক্রান্ত হয়ে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। ভারতের হয়ে ৩৭টি টেস্ট খেলেন এই মিডিল অর্ডার ব্যাটসম্যান। ২টি শতরান এবং ৯টি অর্ধশতরান করেছেন আন্তর্জাতিক ক্রিকেটে।
সুরেখা সিক্রি	জন্ম : ১৯ এপ্রিল, ১৯৪৫ মৃত্যু : ১৬ জুলাই, ২০২১ মৃত্যুস্থান : মুম্বাই, মহারাষ্ট্র মৃত্যুকালীন বয়স : ৭৬ বছর	১৯৮৮ সালে 'তামাস', ১৯৯৫ সালে 'মাম্মো', ২০১৮ সালে 'বাধাই হো' সিনেমার জন্য তিনি তিনবার জাতীয় পুরস্কার লাভ করেন। মূলত পার্শ্বচরিত্রে অভিনেত্রী হিসাবে সিনেমা জগতে সুনাম অর্জন করেন। এছাড়া ছোট পর্দাতে 'বালিকা বধু', 'সিআইডি', 'শহর' প্রভৃতি ধারাবাহিকে অভিনয়ের ছাপ রেখেছেন।
গৌতম বেনেগাল	জন্ম : ১৯৬৫ সাল মৃত্যু : ১৬ জুলাই, ২০২১ মৃত্যুস্থান : কলকাতা মৃত্যুকালীন বয়স : ৫৬ বছর	বিনোদ জগতে লেখক, কার্টুনিস্ট, চলচ্চিত্র পরিচালক হিসাবে গৌতম বেনেগাল সুপরিচিত ছিলেন। 'দ্য প্রিন্স অ্যান্ড দ্য কার্ডন অফ স্টোনা' ছবির জন্য ২০১০ সালে তিনি জাতীয় পুরস্কার পান। 'কেলভিনেটর পেঙ্গুইন', 'হ্যান্ডিপ্লাস্ট', 'বয়' ছবির জন্য তিনি যথেষ্ট সুনাম অর্জন করেছিলেন।

খেলাধুলোর খবরাখবর

ক্রিকেট

❖ মধ্যপ্রদেশের অলরাউন্ডার আংশুলা রাও প্রথম মহিলা ক্রিকেটার যাকে ডোপিং করার অপরাধে চার বছরের জন্য সাসপেন্ড করল ভারতীয় ক্রিকেট দল।

❖ **ওপেনার শেফালি ভার্মা ভারতীয় মহিলা ক্রিকেটার হিসাবে (১৭ বছর ১৫০ দিন) সবথেকে কম বয়সে সকল ফর্ম্যাটে ক্রিকেট খেলার কৃতিত্ব অর্জন করল।**

❖ ভারতের দ্বিতীয় ও বিশ্বের তৃতীয় সর্ববৃহৎ ক্রিকেট স্টেডিয়াম তৈরি হচ্ছে জয়পুরে। উল্লেখ্য, বিশ্বের সর্ববৃহৎ ক্রিকেট স্টেডিয়াম গুজরাটের নরেন্দ্র মোদী স্টেডিয়াম ও দ্বিতীয় সর্ববৃহৎ স্টেডিয়াম অস্ট্রেলিয়ার মেলবোর্ন ক্রিকেট স্টেডিয়াম।

❖ ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ড (বিসিসিআই) নতুন ক্রিকেটার উদ্ভাবন ও ঘরোয়া ক্রিকেটকে সমৃদ্ধ করতে ভারতকে ৭টি জোনে ভাগ করেছে। যার পূর্বাঞ্চলের দায়িত্বে আছে অভিষেক ডালমিয়া।

ফুটবল

❖ ২০২২ সালের মহিলা এশিয়া কাপ ফুটবল আয়োজিত হবে ভারতের মুম্বাই ও পুণে শহরে।

কোপা আমেরিকা কাপ জিতল আর্জেন্টিনা

২০২১ কোপা আমেরিকা কাপ জয়লাভ করল আর্জেন্টিনা। ফাইনালে ১-০ গোলে ব্রাজিলকে পরাজিত করে। ফাইনালে একমাত্র গোলটি করেন ডি মারিয়া। ৪৭তম এই কোপা আমেরিকা কাপে—

● **এক নজরে কোপা আমেরিকা কাপ - ২০২১ :**

✓ চ্যাম্পিয়ন — আর্জেন্টিনা।
✓ রানার্স আপ — ব্রাজিল।
✓ আয়োজক দেশ — ব্রাজিল।
✓ খেলার তারিখ — ১৩ জুন থেকে ১০ জুলাই।
✓ মোট দল — ১০।
✓ মোট ম্যাচ — ২৮টি।
✓ মোট গোল — ৬৫টি।
✓ সর্বোচ্চ গোলদাতা (গোল্ডেন বুট) — লিওনেল মেসি (আর্জেন্টিনা) ও লুইস ডিয়াস (কলম্বিয়া) উভয়ই ৪টি করে গোল করেছেন।
✓ সেরা খেলোয়াড় (গোল্ডেন বল) — লিওনেল মেসি (আর্জেন্টিনা)।
✓ সেরা গোলরক্ষক (গোল্ডেন গ্লাভস)– ইমানুয়েল মার্তেঞ্জ (আর্জেন্টিনা)।
✓ ফাইনালে সেরা খেলোয়াড় — অ্যাঞ্জেল ডি মারিয়া (আর্জেন্টিনা)।
✓ ফেয়ার প্লে পুরস্কার — ব্রাজিল।

ইউরো কাপ — ২০২০

ইতালি ইংল্যান্ডকে পরাজিত করে ২০২০ সালের ইউরো কাপ জয়লাভ করল। ফাইনালে নির্ধারিত সময়ে ১-১ গোলের পর পেনাল্টি সুটে ৩-২ ফলাফলে ইতালি জয়লাভ করল।

● **এক নজরে ইউরো কাপ—**

✓ চ্যাম্পিয়ন — ইতালি।
✓ রানার্স আপ — ইংল্যান্ড।
✓ আয়োজক দেশ — ইউরোপের ১১টি দেশ।
✓ খেলার তারিখ — ১১ জুন থেকে ১১ জুলাই।
✓ মোট দল — ২৪।
✓ মোট ম্যাচ — ৫১টি।
✓ মোট গোল — ১৪২টি
✓ সর্বোচ্চ গোলদাতা (গোল্ডেন বুট)– ক্রিশ্চিয়ানো রোনাল্ডো (পর্তুগাল) ও প্যাট্রিক সিক (চেক প্রজাতন্ত্র) উভয়ই ৫টি করে গোল করেছেন।
✓ সেরা খেলোয়াড় (গোল্ডেন বল) — জানলুইজি দন্নারুম্মা (ইতালি)।
✓ সেরা কনিষ্ঠ খেলোয়াড় — পেদ্রি (স্পেন)।

❖ ফুটবলার শিবাজী ব্যানার্জিকে মরণোত্তর মোহনবাগানরত্ন পুরস্কারে ভূষিত করা হল।

❖ ভারতীয় ডিফেন্ডার সন্দেশ ঝিঙ্গান ২০২০-২১ সেশনে সেরা AIFF Men's ফুটবলার হিসাবে ভূষিত করা হল।

রেসলিং

❖ হাঙ্গেরিতে আয়োজিত বিশ্ব ক্যাডেট রেসলিং চ্যাম্পিয়নশিপ প্রতিযোগিতায় ভারতের পিয়া মালিক মহিলাদের ৭৩ কেজি কুস্তি বিভাগে বেলারুশের প্রতিদ্বন্দ্বীকে ৫-০তে হারিয়ে স্বর্ণপদক জয়লাভ করলেন।

তিরন্দাজি

❖ ভারতীয় তিরন্দাজ অভিষেক ভার্মা প্যারিসে আয়োজিত বিশ্ব তিরন্দাজি প্রতিযোগিতায় (২৬ জুন, ২০২১) আমেরিকান তিরন্দাজকে হারিয়ে স্বর্ণপদক জয়লাভ করলেন। একইসঙ্গে ভারতীয় মহিলা তিরন্দাজ দিপীকা কুমারী স্বর্ণপদক জয়লাভ করলেন।

কার রেসিং

❖ ব্রিটিশ গ্র্যান্ডপ্রিক্স-২০২১ জয়লাভ করলেন লুইস হ্যামিলটন।

২০২১ এ আয়োজিত অন্যান্য এফ-১ রেসে জয়ী

❖ বাহরিন এফ-১ গ্র্যান্ডপ্রিক্স– লুইস হ্যামিলটন।
❖ ইমিলিয়া রোমাংনা গ্র্যান্ডপ্রিক্স– ম্যাক্স ভারস্টাপেন।
❖ পর্তুগিজ গ্র্যান্ডপ্রিক্স– লুইস হ্যামিলটন।

Chronophobia - Fear of Time

Sanjay National Park (1981) Madhya Pradesh

- স্প্যানিশ গ্রান্ডপ্রিক্স– লুইস হ্যামিলটন।
- মোনাকো গ্রান্ডপ্রিক্স– ম্যাক্স ভারস্টাপেন।
- আজারবাইজান গ্র্যান্ডপ্রিক্স– সের্গিও পেরেজ।
- ফরাসি গ্র্যান্ডপ্রিক্স– ম্যাক্স ভারস্টাপেন।
- স্টেরিয়ান গ্রান্ডপ্রিক্স– ম্যাক্স ভারস্টাপেন।
- অস্ট্রিয়ান গ্রান্ডপ্রিক্স– ম্যাক্স ভারস্টাপেন।

শুটিং

- ক্রোয়েশিয়াতে আয়োজিত আইএসএসএফ বিশ্ব শুটিং চ্যাম্পিয়নশিপ -২০২১ ২৫ মিটার পিস্তল মহিলা বিভাগে ভারতের রাহি স্বর্ণবত স্বর্ণপদক জয়লাভ করলেন।

ব্যাডমিন্টন

- ২০২৬ ওয়ার্ল্ড ব্যাডমিন্টন প্রতিযোগিতার আয়োজক দেশ হল ভারত।

বিবিধ

- ২০২১ খেলো ইন্ডিয়া ইয়ুথ গেম আয়োজিত হবে হরিয়ানাতে। ২০২১ নভেম্বর-ডিসেম্বরে আয়োজিত হবার কথা থাকলেও কোভিড-১৯ এর কারণে ২০২২ এর ফেব্রুয়ারিতে এটি আয়োজিত হবে।
- আইপিএল ২০২১-এ বাকি ৩১টি ম্যাচ সম্পন্ন হবে সংযুক্ত আরব আমিরশাহীর দুবাইতে। শুরু ১৯ সেপ্টেম্বর এবং ফাইনাল ম্যাচ হবে ১৫ অক্টোবর।

টোকিও অলিম্পিক গেমস — ২০২০

- ভারতীয় বক্সার মেরি কম ও ভারতীয় পুরুষ হকি টিমের অধিনায়ক মনপ্রীত সিং দুজনে টোকিও অলিম্পিকের উদ্বোধনী অনুষ্ঠানে ভারতীয় পতাকা বহনে সম্মান পেলেন।
- এ আর রহমানের সুরে ও অনন্যা বিড়লার কণ্ঠে 'হিন্দুস্থানি ওয়ে' গানটি টোকিও অলিম্পিকে ভারতীয় অংশগ্রহণকারীদের উদ্বুদ্ধ করবে।
- ২৩ জুলাই টোকিও অলিম্পিক উদ্বোধনী অনুষ্ঠানে অর্থনীতিতে নোবেল পুরস্কার বিজয়ী বাংলাদেশের মহম্মদ ইউনিসকে 'his extensive work in sport for development' এর জন্য অলিম্পিক লরেল পুরস্কারে ভূষিত করা হল।

৩২তম টোকিও অলিম্পিক গেমস-২০২০

- ✓ আয়োজক দেশ– জাপান।
- ✓ আয়োজক শহর– টোকিও (মোট ৪২টি স্থানে)।
- ✓ মোট বিভাগ– ৩৩টি।
- ✓ মোট ইভেন্ট– ৩৩৯টি।
- ✓ মোট যোগ্যতা অর্জনকারী ভারতীয় প্রতিযোগী– ১২৭ জন, যারা মোট ১৮টি বিভাগে অংশগ্রহণ করবে।
- ✓ ম্যাসকট– Miraitowa, এর অর্থ (A Cheerful and remarkable athletic) জাপানি ভাষায় Mirai কথার অর্থ ভবিষ্যৎ এবং towa কথার অর্থ অনন্ত।
- ✓ টোকিও অলিম্পিকের থিম– United by emotions।
- ✓ টোকিও অলিম্পিক অনুষ্ঠিত হবে ২৩ জুলাই থেকে ৮ আগস্ট মোট ১৬ দিন।
- ✓ টোকিও অলিম্পিক উদ্বোধন করলেন জাপানের রাজা নারুহিতো।
- ✓ পরবর্তী অলিম্পিক-২০২৪ আয়োজক দেশ হল ফ্রান্স (প্যারিস)।
- ✓ ২০২৮ আয়োজক দেশ হল আমেরিকা (লস অ্যাঞ্জেল ও ক্যালিফোর্নিয়া)।
- ✓ ২০৩২ আয়োজক দেশ হল অস্ট্রেলিয়া (ব্রিসব্রেন)।

অলিম্পিক সংক্রান্ত বিভিন্ন তথ্য

- ✓ প্রাচীন অলিম্পিকের শুরু ৭৭৬ BC গ্রিসে ও শেষ ৩৯৩ AD.
- ✓ আধুনিক অলিম্পিকের শুরু ৬ এপ্রিল, ১৮৯৬ গ্রিসের এথেন্সে।
- ✓ আধুনিক অলিম্পিকের জনক ফ্রান্সের পিয়রে ডি কুবের্তিন।
- ✓ অলিম্পিকের হেডকোয়ার্টার– সুইৎজারল্যান্ডের লউসেন্স শহরে।
- ✓ অলিম্পিকের প্রতীক ৫টি বিভিন্ন রঙের রিং দিয়ে তৈরি নীল রং- ইউরোপ মহাদেশ, কালো রং- আফ্রিকা মহাদেশ, হলুদ রং- এশিয়া মহাদেশ, সবুজ রং- অস্ট্রেলিয়া ও লাল রং- আমেরিকা মহাদেশকে চিহ্নিত করে। এটি ১৯২০ বেলজিয়াম অলিম্পিকে প্রকাশ পায়।
- ✓ অলিম্পিকের মোটো– Citius, Altius, Fortius যার অর্থ তেজ, উঁচু, মজবুত।
- ✓ অলিম্পিক মশাল প্রথম প্রজ্বলিত হয় ১৯২৮ আমস্টারডাম অলিম্পিকে।
- ✓ ১৯০০ সালের অলিম্পিকে প্রথম মহিলা প্রতিযোগী যোগদান করে। চার বছর অন্তর আয়োজিত এই অলিম্পিক তিনবার বাতিল ঘোষণা করা হয়। ১৯১৬ সালে প্রথম বিশ্বযুদ্ধের কারণে এবং ১৯৪০ এবং ১৯৪৪ সালে দ্বিতীয় বিশ্বযুদ্ধের কারণে।
- ✓ এ পর্যন্ত সর্বোচ্চ মেডেল বিজয়ীর নাম– মাইকেল ফেলেপ আমেরিকান সাঁতারু মোট ২৮টি মেডেল, যার মধ্যে ২৩টি স্বর্ণ পদক।
- ✓ টোকিও অলিম্পিকের আগে পর্যন্ত ভারতীয়দের মধ্যে মোট পদক প্রাপ্তি ২৮টি যার মধ্যে ৯টি স্বর্ণ পদক, ৭টি রৌপ্য পদক ও ১২টি ব্রোঞ্জ পদক।
- ✓ একক বিভাগে দু'টি অলিম্পিক পদক বিজয়ী ভারতীয় কুস্তিগীর সুশিল কুমার (২০০৮ ও ২০১২)।
- ✓ প্রথমবার জাপানের টোকিওতে অলিম্পিক আয়োজিত হয় ১৯৬৪ সালে।

Claustrophobia - Fear of confined spaces

উইম্বলডন টেনিস প্রতিযোগিতা — ২০২১

২৮ জুন থেকে ১১ জুলাই লন্ডনের অল ইংল্যান্ড লন টেনিস এবং ক্রোকেট ক্লাবে অনুষ্ঠিত হয়ে গেল ১৩৪তম উইম্বলডন টেনিস প্রতিযোগিতা। নীচে এবারের প্রতিযোগিতার সম্পূর্ণ ফলাফল দেওয়া হল—

খেলার বিভাগ	বিজয়ী	পরাজিত	ফলাফল
○ পুরুষদের সিঙ্গলস	নোভাক জকোভিচ (সার্বিয়া)	মট্টিও বেরেটেন্নি (ইতালি)	৬-৭(৪-৭), ৬-৪, ৬-৪, ৬-৩
○ মহিলাদের সিঙ্গলস	আসলিয়াগ বার্টি (অস্ট্রেলিয়া)	ক্যারোলিনা হার্ডডিকোভা (চেক প্রজাতন্ত্র)	৬-৩, ৬-৭(৪-৭), ৬-৩
○ পুরুষদের ডাবলস	নিকোলা মেকটিক এবং মেট প্যাভিক (ক্রোয়েশিয়া)	মার্সেল জি ফুজল (স্পেন) এবং এইচ জীবালস (আর্জেন্টিনা)	৬-৪, ৭-৬(৭-৫), ২-৬, ৭-৫
○ মহিলাদের ডাবলস	হিস সু-উই (তাইওয়ান) এবং এলিস মার্টেন্স (বেলজিয়াম)	ভেরোনিকা ই কুদেরমেটোভা এবং এলিনা এস ভেসনিনা (রাশিয়া)	৩-৬, ৭-৫, ৯-৭
○ মিক্সড ডাবলস	নীল স্কুপস্কি (ব্রিটেন) এবং মারিয়া ক্রাউচেক (আমেরিকা)	জো স্যালসবারি এবং হ্যারিয়েট ডার্ট (ব্রিটেন)	৬-২, ৭-৬(৭-১)

- উইম্বলডন টেনিস প্রতিযোগিতা–২০২১ জুনিয়র পুরুষ বিভাগে জয়লাভ করলেন ভারতীয় বংশোদ্ভূত সমীর ব্যানার্জি। বর্তমানে আমেরিকার নাগরিক।

প্রশ্নোত্তরে সাম্প্রতিকী

১।	কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রক ভারতের উপকূলরক্ষী বাহিনীর জন্য দু'টি পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ ভেসেল তৈরি করার জন্য সম্প্রতি কোন সংস্থার সঙ্গে যৌথ মউ স্বাক্ষর করেছে?	গোয়া শিপইয়ার্ড লিমিটেড।
২।	ওড়িশা সরকার মহিলা স্ব-সহায়ক দলের মাধ্যমে সেরাজ্যের গৃহজাত খাদ্যের পুষ্টিগুণ সমৃদ্ধির জন্য কোন সংস্থার সঙ্গে যৌথ মউ স্বাক্ষর করেছে?	UNWFP.
৩।	টাটা পাওয়ার এবং টাটা মোটর্স কোথায় যৌথভাবে ভারতের বৃহত্তম সোলার কারপোর্ট তৈরি করতে চলেছে?	পুণে, মহারাষ্ট্র।
৪।	সম্প্রতি কোন রাজ্য সরকার কোভিডে ক্ষতিগ্রস্ত পরিবারের আত্মীয়-স্বজনকে আর্থিক সাহায্য দানের জন্য 'মুখ্যমন্ত্রী কোভিড-১৯ পরিবার আর্থিক সহায়তা যোজনা' চালু করেছে?	দিল্লি সরকার।
৫।	SBM Bank এবং Paisabazar.com যৌথভাবে গ্রাহকদের জন্য কোন ধরনের ক্রেডিট কার্ড চালু করেছে?	Step up Credit Card.
৬।	সম্প্রতি প্রয়াত ফিলিপিন্সের প্রাক্তন রাষ্ট্রপতির নাম কী, যিনি ২০১০-২০১৬ পর্যন্ত ফিলিপিন্সের ১৫তম রাষ্ট্রপতি হিসাবে দায়িত্ব পালন করেছেন?	বেনিগনো অ্যাকুইনো-III.
৭।	সম্প্রতি আরবিআই কর্তৃক প্রকাশিত 'State of Economy Report' অনুযায়ী কোন দেশের কেন্দ্রীয় ব্যাঙ্কের মোট উদ্বৃত্ত থেকে কেন্দ্রীয় সরকারকে উদ্বৃত্ত স্থানান্তর করার নিরিখে কোন দেশ প্রথম স্থানে রয়েছে, যে তালিকায় ভারত রয়েছে দ্বিতীয় স্থানে?	তুরস্ক।
৮।	২৩ জুন কেন্দ্রীয় ক্রীড়ামন্ত্রী কিরেন রিজিজু আসন্ন টোকিও অলিম্পিকে ভারতের থিম সং হিসাবে কোন সংগীতকে মান্যতা প্রদান করলেন?	'লক্ষ্য তেরা সামনে হ্যায়'।
৯।	সম্প্রতি কোন ডিজিটাল পেমেন্টস কোম্পানি গ্রাহকদের জন্য ভারতের মধ্যে প্রথম Wallet Auto Top-up feature using UPI পরিষেবা চালু করেছে?	ফোন পে।
১০।	সম্প্রতি কে, ম্যাগমা ফিনকর্প গ্রুপের সিইও হিসাবে দায়িত্বভার গ্রহণ করলেন?	বিজয় দেশওয়াল।
১১।	সম্প্রতি কোন রাষ্ট্রায়ত্ত বেসরকারি ব্যাঙ্ক 'ERGO General Insurance' এবং 'Borderless Softtech-এর শেয়ার ১৯০৬.৪৩ কোটি টাকার বিনিময়ে অধিগ্রহণ করল?	HDFC Bank.
১২।	সম্প্রতি ভারতের কোন মহিলা ক্রিকেটার প্রথম মহিলা ক্রিকেটার হিসাবে একটি টেস্ট ম্যাচে তিনটি ছক্কা মারার কৃতিত্ব অর্জন করেছেন?	শেফালি ভার্মা।
১৩।	ভারতের রাসায়নিক সার উৎপাদনকারী সংস্থা ইফকো 'INAES' এবং 'Cooperar'-এর সহযোগিতায় কোথায় ন্যানোইউরিয়া প্ল্যান্ট গড়ে তুলতে চলেছে?	আর্জেন্টিনা।
১৪।	সম্প্রতি প্রকাশিত 'What is Consciousness' এবং 'What is Para Consciousness' গ্রন্থ দু'টির রচয়িতার নাম কী?	ডক্টর বিপিন গুপ্তা।
১৫।	কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রক কর্ণাটকের উপকূলীয় অঞ্চলের পরিকাঠামো উন্নয়নের দেখাশোনা করার জন্য সম্প্রতি কোন অথরিটি গঠন করতে চলেছে?	কর্ণাটক কোস্টাল জোন ম্যানেজমেন্ট অথরিটি।
১৬।	সম্প্রতি প্রকাশিত রাসকিন বন্ডের লেখা গ্রন্থের নাম কী?	'It's a Wonderful Life'.
১৭।	২৩ জুন সারা বিশ্বজুড়ে কোন দিবস পালিত হল যার এবছরের থিম হল– 'Innovating the Future Public Service: New Government Models for a New Era to Reach the SDGs (Sustainable Development Goals)'?	ইউএন পাবলিক সার্ভিস ডে।
১৮।	২১ জুন সারা বিশ্বজুড়ে কোন দিবস পালিত হল?	ওয়ার্ল্ড হিউম্যানিস্ট ডে।
১৯।	সম্প্রতি ভারতের বায়ুসেনা বাহিনী ভারতের নৌবাহিনী এবং মার্কিন নৌবাহিনীর মধ্যে যৌথভাবে কোথায় প্যাসেজ এক্সারসাইজ অনুষ্ঠিত হয়ে গেল?	ভারত মহাসাগরীয় অঞ্চলে।
২০।	২৬ জুন সারা বিশ্বজুড়ে পালিত হয়ে যাওয়া 'International Day Against Drug Abuse and Illicit Trafficking'-এর এবছরের থিম কী?	'Share facts on Drugs, Save Lives'.

Coulrophobia - Fear of clowns

Keoladeo Ghana National Park (1981) Rajasthan

২১।	সম্প্রতি ভারতের প্রথম কোন রাজ্য জলাতঙ্কমুক্ত রাজ্য হিসাবে স্বীকৃতি লাভ করল?	গোয়া।
২২।	সম্প্রতি প্রকাশিত 'The Startup Wife' গ্রন্থের রচয়িতার নাম কী?	তহমিমা আনম।
২৩।	সম্প্রতি UNODC কর্তৃক প্রকাশিত World Drug Report- 2021 অনুযায়ী ২০২০ সালে বিশ্বব্যাপী কত মানুষ ড্রাগ ব্যবহার করেছেন?	২৭৫ মিলিয়ন মানুষ।
২৪।	২২ জুন প্রয়াত ভারতের বিশিষ্ট কর্ণাটকী সংগীতশিল্পীর নাম কী যিনি ২০১৭ সালে 'পদ্মশ্রী' সম্মানে ভূষিত হয়েছেন?	পারাস্সালা বি পুন্নাম্মেল।
২৫।	সম্প্রতি 'Quacquarelli Symonds' কর্তৃক প্রদত্ত QS Executive MBA Ranking-2021 -এর তালিকায় ভারতের কোন প্রতিষ্ঠান ভারতের মধ্যে প্রথম তথা সমগ্র তালিকায় ৩৯তম স্থানে রয়েছে?	ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট ব্যাঙ্গালোর।
২৬।	লাইফ ইন্সিয়োরেন্স কর্পোরেশন গ্রুপ বিজনেস অপারেশনের জন্য যে আইটি প্লাটফর্ম চালু করেছে তার নাম কী?	e-PGS.
২৭।	ভারতের বৃহত্তম রাষ্ট্রায়ত্ত সরকারি স্টেট ব্যাঙ্ক স্বাস্থ্য ক্ষেত্রের কর্মচারীদের স্বাস্থ্য সংক্রান্ত বিষয়ে ঋণ সহায়তার জন্য যে লোন পরিষেবা চালু করেছে তার নাম কী?	Aarogyam Health Care Business Loan.
২৮।	LIC, SBI Life এবং Canara Bank যৌথভাবে একসঙ্গে কোন সংস্থা থেকে তাদের শেয়ার Qualified Institutional Placement (QIP) মেথডে তুলে নিতে চলেছে?	ইন্ডিয়ান ব্যাঙ্ক।
২৯।	ইন্টারন্যাশনাল ফিন্যান্সিয়াল সার্ভিসেস সেন্টার্স অথরিটি (IFSCA) সম্প্রতি কার নেতৃত্বে এক হাইলেবেল কমিটি গঠন করেছে, যে কমিটি GIFT এবং IFSC-এর মধ্যে সম্পর্ক বৃদ্ধির ক্ষেত্রে কাজ করবে?	বন্দনা আগরওয়াল।
৩০।	সম্প্রতি কে, ন্যাশনাল ডেয়ারি ডেভেলপমেন্ট বোর্ডের চেয়ারম্যান হিসাবে পূর্ববর্তী পদাধিকারী বর্ষা যোশীর স্থলাভিষিক্ত হলেন?	মনীশ শাহ।
৩১।	সম্প্রতি ডিআরডিও ওডিশার চাঁদিপুর থেকে পারমাণবিক শক্তি সমর্থ যে ক্রুজ মিসাইলের সফল উৎক্ষেপণ করল তার নাম কী?	'Nirbhay'.
৩২।	সম্প্রতি 'Human Report and Edel Give Foundation' কর্তৃক প্রকাশিত শতাব্দীর শ্রেষ্ঠ বিশ্বমানবতাবাদীদের তালিকায় কোন ব্যক্তি রয়েছেন, যিনি ১৯০১-১৯৯৯ সালের মধ্যে মোট ১০২.৪ বিলিয়ন মার্কিন ডলার দান করেছেন?	জামসেদজি টাটা।
৩৩।	সম্প্রতি ভারতের কোন স্থানে বিশ্বের প্রথম জেনেটিক্যালি মডিফায়েড রাবার প্ল্যান্ট গড়ে উঠতে চলেছে?	গুয়াহাটি, অসম।
৩৪।	২৫ জুন সারা বিশ্বজুড়ে কোন দিবস পালিত হল যার এবছরের থিম হল 'Embracing life with vitilgo'?	ভিটিলিগো অ্যাওয়ারনেস ডে।
৩৫।	সম্প্রতি কে, হিমাচল প্রদেশ হাইকোর্টের কার্যকরী প্রধান বিচারপতি হিসাবে পূর্ববর্তী পদাধিকারী লিঙ্গাপ্পা নারায়ণ স্বামীর স্থলাভিষিক্ত হলেন?	রবি বিজয়কুমার মালিমাথ।
৩৬।	২৯ জুন সারা দেশজুড়ে কোন দিবস পালিত হল, যার এবছরের থিম– 'Sustainable Development Goals (SDGs)-2 : End Hunger, Achieve Food Security and Improved Nutirtion and Promote Sustainable Agriculture'?	ন্যাশনাল স্ট্যাটিসটিক্স ডে।
৩৭।	ওয়ার্ল্ড ব্যাঙ্ক অন্ধ্রপ্রদেশে 'Supporting Andhra's Learning Transformation (SALT) Programme-এর জন্য সম্প্রতি কত টাকা ঋণ হিসাবে প্রদান করেছে?	১৮৬০ কোটি টাকা।
৩৮।	সম্প্রতি কোন বেসরকারি ব্যাঙ্ক গ্রাহকদের জন্য 'Pay your Contact' নামক মোবাইল অ্যাপ পরিষেবা চালু করল?	কোটাক মাহিন্দ্রা ব্যাঙ্ক।

Cryophobia - fear of ice or cold

৩৯।	২৯ জুন সারা বিশ্বজুড়ে কোন দিবস পালিত হল যেটি ২০১৬ সালে প্রথম পালন করা শুরু হয়েছিল?	ইন্টারন্যাশনাল ডে অফ দ্য ট্রপিকস।
৪০।	সম্প্রতি ভারতের কোন মেট্রো রেল JSCE কর্তৃক প্রদত্ত ২০২০ সালের 'আউটস্ট্যান্ডিং সিভিল ইঞ্জিনিয়ারিং অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ডে ভূষিত হল?	দিল্লি মেট্রো রেল।
৪১।	২৩ জুন প্রয়াত ইন্দো-মার্কিন কম্পিউটার প্রোগ্রামারের নাম কী, যিনি ম্যাকাফি নামক অ্যান্টি ভাইরাসের আবিষ্কর্তা ছিলেন?	জন ডেভিড ম্যাকাফি।
৪২।	সম্প্রতি কে, সেন্ট্রাল ভিজিল্যান্স কমিশনার হিসাবে পূর্ববর্তী পদাধিকারী সঞ্জয় কোঠারির স্থলাভিষিক্ত হলেন?	সুরেশ এন প্যাটেল।
৪৩।	২৬ জুন প্রয়াত পাকিস্তানের বিশিষ্ট রাজনীতিবিদের নাম কী, যিনি ২৫ মার্চ - ৫ জুন ২০১৩ পর্যন্ত পাকিস্তানের তত্ত্বাবধায়ক প্রধানমন্ত্রী হিসাবে দায়িত্ব পালন করেছেন?	মীর হাজার খোসো।
৪৪।	কেন্দ্রীয় কর্মচারী, জন অভিযোগ এবং পেনশন মন্ত্রক ব্যুরোক্রেটিক রিফর্মসের বিষয়ে পর্যালোচনা করার জন্য কার নেতৃত্বে তিন সদস্যের টাস্কফোর্স গঠন করল?	সরোজিনী দামোদরন শিবু লাল।
৪৫।	২৪ জুন প্রয়াত বিশিষ্ট মালয়ালম চলচ্চিত্র পরিচালক এবং সিনেমাটোগ্রাফারের নাম কী, যিনি কেরলের প্রথম পেশাদারি প্রেস ফটোগ্রাফার হিসাবে জনপ্রিয় হয়ে আছেন?	শিবশঙ্করণ নায়ার।
৪৬।	HDFC Bank এবং HDFC Securities Ltd. সম্প্রতি কোন সংস্থার ৭.৪% শেয়ার অধিগ্রহণ করল?	Ventuas Infotech Pvt. Ltd.
৪৭।	সম্প্রতি কোন রাজ্য সরকার 'Jan Sahayak-Aapka Sahayak' মোবাইল অ্যাপ এবং 'DSM AC Scheme' চালু করেছে?	হরিয়ানা।
৪৮।	১৮ জুন ভারতের নৌবাহিনী এবং দক্ষিণ কোরিয়ার নৌবাহিনীর মধ্যে অনুষ্ঠিত যৌথ নৌমহড়া কোথায় অনুষ্ঠিত হয়ে গেল, যেখানে ভারতের 'INS KILTAN' অংশগ্রহণ করেছিল?	পূর্ব-চীন সাগর।
৪৯।	জম্মু ও কাশ্মীর প্রশাসন মহিলা উদ্যোগপতিদের ক্ষমতায়নে সাহায্য করার জন্য সম্প্রতি কোন স্কিম চালু করেছে?	'HAUSLA-Inspiring her growth'.
৫০।	ভারত ও জাপানের মধ্যে স্বতঃস্ফূর্ত আধুনিকতার সম্পর্কের প্রতীক হিসাবে কোথায় 'Zen Garden' এবং 'Kaizen Academy' গড়ে উঠেছে?	আহমেদাবাদ ম্যানেজমেন্ট অ্যাসোসিয়েশন, গুজরাট।
৫১।	১ জুলাই সারা দেশ জুড়ে পালিত হওয়া ন্যাশনাল ডক্টরস ডে'র এবছরের থিম কী?	'Save the Saviours'
৫২।	সম্প্রতি প্রকাশিত 'Mercer's 2021 Coast of Living City Ranking' অনুযায়ী বিশ্বের সবচেয়ে ব্যয়বহুল শহর কোনটি, যে তালিকায় মুম্বাই রয়েছে ৭৮তম স্থানে?	আশাগবাত, তুর্কমেনিস্তান।
৫৩।	১ জুলাই সারা দেশজুড়ে কোন দিবস পালিত হল, যার এবছরের থিম হল— 'Remembering the glorious existance and envisioning the future'?	ন্যাশনাল চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস ডে।
৫৪।	সম্প্রতি 'স্টার্টআপব্লিঙ্ক' কর্তৃক প্রকাশিত 'Global Startup Ecosystem Index 2021' অনুযায়ী প্রথম স্থানে কোন দেশ রয়েছে যে তালিকায় ভারত ২০তম স্থানে রয়েছে?	মার্কিন যুক্তরাষ্ট্র।
৫৫।	সম্প্রতি প্রকাশিত 'Fiercely Female : The Dutee Chand Story' গ্রন্থটির রচয়িতার নাম কী?	সন্দীপ মিশ্র।
৫৬।	উজ্জীবন স্মল ফিনান্স ব্যাঙ্ক স্যালারি প্রাপক ব্যাক্তিদের ব্যক্তিগত ঋণ প্রদানের জন্য সম্প্রতি কোন সংস্থার সঙ্গে যৌথ মউ স্বাক্ষর করেছে?	Loan Tap Financial Technologies Pvt. Ltd.
৫৭।	৩০ জুন প্রয়াত ভারতের একমাত্র সংস্কৃত ভাষায় প্রকাশিত দৈনিক সংবাদপত্র 'সুধর্মা'র প্রাক্তন এডিটরের নাম কী?	কে ভি সম্পত কুমার।
৫৮।	কেন্দ্রীয় সরকারের নিয়োগ সংক্রান্ত কমিটি নীতি আয়োগের সিইও হিসাবে কার কার্যকালের মেয়াদ এক বছর বৃদ্ধি করল?	অমিতাভ কান্ট।

Kanger Valley National Park (1982) Chhattisgarh

৫৯।	২০২১ সালের পুরুষদের আইসিসি টি-২০ ওয়ার্ল্ড কাপ প্রতিযোগিতায় ভারত থেকে সরিয়ে কোথায় নিয়ে যাওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে, যা চলতি বছরের ১৭ অক্টোবর থেকে ১৪ নভেম্বর পর্যন্ত অনুষ্ঠিত হবে?	ওমান।
৬০।	ইউএস কোম্পানি মাইক্রোসফট কবে থেকে 'Windows 11' নামক অপারেটিং সিস্টেম চালু করল?	২৪ জুন, ২০২১।
৬১।	আমাজন ওয়েব সার্ভিসেস সম্প্রতি কোন এনক্রিপ্টেড মেসেজিং অ্যাপকে অধিগ্রহণ করতে চলেছে?	Wickr.
৬২।	৩০ জুন বিশ্বজুড়ে কোন দিবস পালিত হল?	ইন্টারন্যাশনাল অ্যাস্টেরয়েড ডে।
৬৩।	সম্প্রতি দিল্লির কোন কোন ছাত্রছাত্রী ২০২১ সালের ডায়না অ্যাওয়ার্ডে ভূষিত হয়েছেন যারা কোভিডে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন?	কাইফ আলি, সানা মিত্তর এবং দেবাংশী রঞ্জন।
৬৪।	ঝাড়খণ্ড স্টেট ক্রিকেট অ্যাসোসিয়েশন বোকারো শহরে এক আন্তর্জাতিক মানের ক্রিকেট স্টেডিয়াম গড়ে তোলার জন্য কোন সংস্থার সঙ্গে মউ স্বাক্ষর করেছে?	SAIL-BSL.
৬৫।	ভারতের রাষ্ট্রায়ত্ত বেসরকারি আইসিআইসিআই ব্যাঙ্ক ডাক্তারদের জন্য সম্প্রতি যে নতুন ব্যাঙ্কিং সলিউশন চালু করেছে তার নাম কী?	Salute Doctors.
৬৬।	সম্প্রতি ITU কর্তৃক প্রকাশিত 'গ্লোবাল সাইবার সিকিউরিটি ইনডেক্স-২০২০' অনুযায়ী ভারত কততম স্থানে রয়েছে যে তালিকায় প্রথম স্থানে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র?	১০তম স্থানে।
৬৭।	৩ জুলাই সারা বিশ্বজুড়ে কোন দিবস পালিত হল?	ইন্টারন্যাশনাল প্লাস্টিক ব্যাগ ফ্রি ডে।
৬৮।	সম্প্রতি কেন্দ্রীয় ভারী শিল্প এবং পাবলিক এন্টারপ্রাইজেস মন্ত্রী কোথায় এশিয়ার দীর্ঘতম তথা বিশ্বের পঞ্চম দীর্ঘতম 'NATRYA High Speed Track'-এর উদ্বোধন করলেন যার মোট দৈর্ঘ্য হল ১১.৩ কিলোমিটার?	ইন্দোর, মধ্যপ্রদেশ।
৬৯।	সম্প্রতি প্রকাশিত Nathuram Godse: The True Story of Gandhi's Assassin' নামক গ্রন্থের রচয়িতার নাম কী?	ধাবল কুলকার্নি।
৭০।	কেন্দ্রীয় যুবকল্যাণ ও ক্রীড়া মন্ত্রক কোন ক্রীড়া ফেডারেশনকে 'ন্যাশনাল স্পোর্টস ফেডারেশনে'র তকমা প্রদান করল?	'WAKO India Kickboxing Federation'.
৭১।	সম্প্রতি কে, IFUNA -এর চেয়ারম্যান হিসাবে পূর্ববর্তী পদাধিকারী মুকুল সাংমার স্থলাভিষিক্ত হলেন?	শম্ভুনাথ শ্রীবাস্তব।
৭২।	নাবার্ড, ওড়িশায় পানীয় জল ও রাস্তার পুনর্গঠনের বিভিন্ন প্রোজেক্ট বাস্তবায়িত করার জন্য ওড়িশা সরকারকে কত টাকা ঋণ হিসাবে প্রদান করেছে?	৩৮৮ কোটি টাকা।
৭৩।	সম্প্রতি প্রকাশিত 'The Struggle within : A Memoir of the Emergency' গ্রন্থটির রচয়িতার নাম কী?	অশোক চক্রবর্তী।
৭৪।	১ জুলাই সারা বিশ্বজুড়ে কোন দিবস পালিত হল?	ওয়ার্ল্ড স্পোর্টস জার্নালিস্ট ডে।
৭৫।	সম্প্রতি কোথায় ভারতের প্রথম ইউপিআই বেসড ক্যাশলেস পার্কিং পরিষেবা চালু হল?	কাশ্মীর গেট মেট্রো স্টেশন।
৭৬।	ন্যাশনাল পেমেন্টস কর্পোরেশন অফ ইন্ডিয়া কার সঙ্গে যৌথ সহযোগিতায় 'Financial Literacy Textbook for Class-6' পরিষেবা চালু করেছে?	CBSE.
৭৭।	সম্প্রতি কে, উত্তরাখণ্ডের মুখ্য সচিব হিসাবে পূর্ববর্তী পদাধিকারী ওমপ্রকাশের স্থলাভিষিক্ত হলেন?	সুখবীর সিং সাঁধু।

Cynophobia - Fear of dogs

Marine National Park (1982) Gujarat

৭৮।	সম্প্রতি কোথায় ভারতের দ্বিতীয় বৃহত্তম ক্রিকেট স্টেডিয়াম গড়ে উঠতে চলেছে যেখানে দর্শক ক্যাপাসিটি ৭৫০০০ জন এবং যেটির তৈরিতে আনুমানিক খরচ ধরা হয়েছে ২৯০ কোটি টাকা?	জয়পুর, রাজস্থান।
৭৯।	সম্প্রতি সার্বিয়ায় অনুষ্ঠিত সিলভার লেক ওপেন চেস টুর্নামেন্টে ভারতের কোন দাবাড়ু সার্বিয়ার ব্রাঙ্কো দামালজোনোভিচকে পরাজিত করে চ্যাম্পিয়ন হলেন?	নিহাল সারিন।
৮০।	ডিজিটাল পেমেন্টস প্লাটফর্ম পেটিএম কোন সংস্থার সহযোগিতায় গ্রাহকদের জন্য 'Instant Small Loan Service – Postpaid Mini' চালু করেছে?	আদিত্য বিড়লা ফিন্যান্স লিমিটেড।
৮১।	কেন্দ্রীয় সরকার ন্যাশনাল মিনারেল ডেভেলপমেন্ট কর্পোরেশনের ৪ শতাংশ (১১,৭২,২৪,২৩৪ ইক্যুইটি শেয়ার) শেয়ার বিক্রি করার জন্য প্রতি ইক্যুইটির মূল্য কত টাকা নির্ধারণ করেছে?	১৬৫ টাকা।
৮২।	ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন সম্প্রতি কোন দেশ থেকে ৩ মিলিয়ন টন ক্রুড অয়েল কেনার জন্য যৌথ মউ স্বাক্ষর করেছে?	গুয়ানা।
৮৩।	সম্প্রতি কে, 'খাদি প্রাকৃতিক পেইন্ট'-এর বিপণন দুত হিসাবে নিযুক্ত হলেন, যিনি এমএসএমই, জাতীয় ও সড়ক পরিবহণ মন্ত্রী হিসাবে নিযুক্ত আছেন?	নীতিন গড়করি।
৮৪।	সম্প্রতি কোন ওড়িয়া কবি ২০২০ সালের কুভেম্পু রাষ্ট্রীয় পুরস্কারে ভূষিত হলেন, যিনি ১৯৮৫ সালে সাহিত্য অ্যাকাডেমি পুরস্কারে ভূষিত হয়েছেন?	ডক্টর রাজেন্দ্র কিশোর পন্ডা।
৮৫।	সম্প্রতি কে, উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী হিসাবে পূর্ববর্তী পদাধিকারী তিরথ সিং রাওয়াতের স্থলাভিষিক্ত হলেন?	পুষ্কর সিং ধামি।
৮৬।	রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ কাকে ত্রিপুরার রাজ্যপাল হিসাবে নিযুক্ত করলেন, যিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী রমেশ বাইশ-এর স্থলাভিষিক্ত হলেন?	সত্যদেও নারায়ণ আর্য।
৮৭।	সম্প্রতি কে, অস্ট্রিয়ান গ্রাঁপি ফর্মুলা ওয়ান কার রেসিং প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হলেন, যিনি একজন রেডবুল ড্রাইভার?	ম্যাক্স ভারস্টাপেন (বেলজিয়াম)।
৮৮।	সম্প্রতি কে, কর্ণাটকের রাজ্যপাল হিসাবে পূর্ববর্তী পদাধিকারী বাজুভাই বালা'র স্থলাভিষিক্ত হলেন?	থাওয়ারচাঁদ গেহলট।
৮৯।	২২ জুন – ৩ জুলাই ২০২১ তারিখে ক্রোয়েশিয়ায় অনুষ্ঠিত ISSF শুটিং ওয়ার্ল্ড কাপ প্রতিযোগিতায় ভারত মোট কতগুলি মেডেল জয়লাভ করেছে?	৪টি (সোনা-১, রুপো-১, ব্রোঞ্জ-২)।
৯০।	সম্প্রতি কে, মধ্যপ্রদেশের রাজ্যপাল হিসাবে পূর্ববর্তী পদাধিকারী আনন্দীবেন প্যাটেলের স্থলাভিষিক্ত হলেন?	এম সি প্যাটেল।
৯১।	সম্প্রতি মেজর জেনারেল রাজপাল পুনিয়া এবং দামিনী পুনিয়া'র লেখা ও সদ্য প্রকাশিত গ্রন্থের নাম?	'Operation Khukri'.
৯২।	সম্প্রতি ভারতের কোন আন্তর্জাতিক বিমানবন্দর 'ACI, DG's Roll of Excellence' সম্মানে ভূষিত হল?	KIAB Airport.
৯৩।	১ জুলাই সারা বিশ্বজুড়ে কোন দিবস পালিত হল, যার এবছরের মোটো হল– 'Create Change Together'?	ইন্টারন্যাশনাল ফ্রুট ডে।
৯৪।	ভারতের রাষ্ট্রায়ত্ত বেসরকারি HDFC ব্যাঙ্ক ডাক্তারদের প্রতি শ্রদ্ধা ও সম্মান জানাতে সম্প্রতি কোন সার্ভিস চালু করেছে?	'Salaam dil say'.
৯৫।	সম্প্রতি প্রকাশিত 'The Fourth Lion : Essay for Gopalkrishna Gandhi' গ্রন্থটির রচয়িতা কারা?	বেণুমাধব গোবিন্দ এবং শ্রীনাথ রাঘবন।
৯৬।	নাবার্ড সম্প্রতি গোয়ার রুরাল ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট ফান্ড (RIDF)-এ কত টাকা বরাদ্দ করেছে?	২৮৯১.১৫ লক্ষ টাকা।

Dendrophobia - Fear of trees

Periyar National Park (1982) Kerala

৯৭।	৭ জুলাই প্রয়াত হাইতির প্রাক্তন প্রেসিডেন্টের নাম কী, যিনি রাষ্ট্রপতি থাকা অবস্থাতেই গুপ্ত ঘাতকের হাতে প্রাণ দেন?	জোভেনেল মোসি।
৯৮।	বাজাজ অ্যালায়েন্স তাদের পলিসি প্রোডাক্ট বিতরণ করার জন্য সম্প্রতি কোন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের সঙ্গে চুক্তি স্বাক্ষর করেছে?	ব্যাঙ্ক অফ ইন্ডিয়া।
৯৯।	৮ জুলাই প্রয়াত হিমাচল প্রদেশের বিশিষ্ট কংগ্রেস দলনেতা ও রাজনীতিবিদের নাম কী, যিনি দীর্ঘদিন হিমাচল প্রদেশের মুখ্যমন্ত্রী হিসাবে দায়িত্ব পালন করেছেন?	বীরভদ্র সিং।
১০০।	সম্প্রতি ভারতের কোন বিশিষ্ট অর্থনীতিবিদ হাম্বলড রিসার্চ অ্যাওয়ার্ড ফর ইকনমিক্স ফর ২০২১ এ ভূষিত হলেন?	কৌশিক বসু।
১০১।	সম্প্রতি কে, সুইডেনের প্রধানমন্ত্রী হিসাবে পুনর্নির্বাচিত হলেন, যিনি ২০১৪ সালের ৩ অক্টোবর সুইডেনের প্রধানমন্ত্রী হিসাবে প্রথমবার নির্বাচিত হয়েছিলেন?	স্টিফান লফভেন।
১০২।	সম্প্রতি কে, নর্থ-ইস্টার্ন ডেভেলপমেন্ট ফিনান্স কর্পোরেশনের সিএমডি হিসাবে পূর্ববর্তী পদাধিকারী বি পাল মুক্তির স্থলাভিষিক্ত হলেন?	পি ভি এস এল এন মূর্তি।
১০৩।	সম্প্রতি ফিকির প্রকাশিত এক রিপোর্ট অনুযায়ী ২০২৫ সাল নাগাদ ভারতে ই-কমার্স ইন্ডাস্ট্রি'র ব্যবসায়িক মূল্য কততে পৌঁছাবে বলে আশা প্রকাশ করা হয়েছে?	১৮৮ বিলিয়ন মার্কিন ডলার।
১০৪।	এশিয়ান ফুটবল কনফেডারেশন সম্প্রতি ২০২২ সালের এএফসি ওমেন'স এশিয়া কাপ ফুটবল টুর্নামেন্টের ভেনু পরিবর্তন করে নতুন কোন কোন শহরকে নির্বাচিত করেছে?	মুম্বাই এবং পুণে।
১০৫।	সম্প্রতি কোন বিমা কোম্পানি গ্রাহক সাধারণের জন্য 'Arogya Supreme' নামক এক ইন্সিয়োরেন্স পলিসি চালু করেছে?	SBI General Insurance.
১০৬।	৭ জুলাই প্রয়াত ভারতের চলচ্চিত্র অভিনেতার নাম কী, যিনি ১৯৯৪ সালে দাদাসাহেব ফালকে পুরস্কারে ভূষিত হয়েছিলেন?	দিলীপ কুমার।
১০৭।	'Max Bupa Health Insurence' গ্রাহক ও তাদের কর্মচারীদের বিমা সংক্রান্ত পরিষেবা দেওয়ার জন্য সম্প্রতি কোন বেসরকারি ব্যাঙ্কের সঙ্গে যৌথ চুক্তি স্বাক্ষর করেছে?	অ্যাক্সিস ব্যাঙ্ক।
১০৮।	৭ জুলাই প্রয়াত ভারতের কিংবদন্তী হকি খেলোয়াড়ের নাম কী, যিনি ১৯৪৮ সালের লন্ডন অলিম্পিক এবং ১৯৫২ সালের হেলসিঙ্কি অলিম্পিকে সোনার মেডেল জয়ী ভারতীয় দলের সদস্য ছিলেন?	কেশব দত্ত।
১০৯।	সম্প্রতি প্রকাশিত 'Policymaker's Journal : From New Delhi to Washington DC' গ্রন্থটির রচয়িতার নাম কী?	কৌশিক বসু।
১১০।	পশ্চিমবঙ্গের ব্যবসা-বাণিজ্য ও শিল্পমন্ত্রী পার্থ চ্যাটার্জি সম্প্রতি পশ্চিমবঙ্গ বিধানসভায় মোট কত টাকার বাজেট পেশ করেছেন?	৩.০৮ লক্ষ কোটি টাকা।
১১১।	৬-৮ জুলাই ভার্চুয়াল প্লাটফর্মে অনুষ্ঠিত ইন্দো-প্যাসিফিক বিজনেস সামিটের এবারের থিম কী?	Developing a Road Map for Shared Prosperity.
১১২।	সম্প্রতি প্রকাশিত 'The Ramayana of Shri Guru Gobind Singh Ji' নামক গ্রন্থের রচয়িতার নাম কী?	বলজিৎ কাউর তুলসী।
১১৩।	মাস্টারকার্ড, মুম্বাই মেট্রোওয়ান প্রাইভেট লিমিটেড (MMOPL) এবং অ্যাক্সিস ব্যাঙ্ক যৌথভাবে মুম্বাই মেট্রোতে ভ্রমণের জন্য কেবলমাত্র মুম্বাইবাসীর জন্য যে স্মার্ট কার্ড চালু করেছে তার নাম কী?	One Mumbai Metro Card.
১১৪।	ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক, ফেডেরাল ব্যাঙ্কের এমডি এবং সিইও হিসাবে কার কার্যকালের মেয়াদ পরবর্তী তিন বছর বৃদ্ধি করার সুপারিশ করল?	শ্যাম শ্রীনিবাসন।

Dentophobia - Fear of dentists

১১৫।	সমস্ত ব্যাঙ্ক কর্তৃক ইস্যু করা ডেবিট এবং ক্রেডিট কার্ডের আওতায় 'Personal Accident Insurenc Cover' নিয়ে আসার ফলে গ্রাহক কত টাকা পর্যন্ত বিমা সহায়তা পেতে পারে?	৫০ হাজার - ১০ লক্ষ টাকা পর্যন্ত।
১১৬।	সম্প্রতি কে, টোকিও অলিম্পিকে প্রথম ভারতীয় জুরি হিসাবে নিযুক্ত হয়েছেন, যিনি একজন প্রাক্তন রাইফেল শুটার ছিলেন?	পবন সিং।
১১৭।	সম্প্রতি কে, আইসিসি'র কার্যকরী সিইও হিসাবে পূর্ববর্তী পদাধিকারী মনু সাহনির স্থলাভিষিক্ত হলেন?	জেফ আল্লারডাইস।
১১৮।	সম্প্রতি ওয়েস্ট ইন্ডিজের কোন কিংবদন্তী ক্রিকেটার 'Fun 88' এর বিপণন দূত হিসাবে নিযুক্ত হলেন?	ড্যারেন স্বামী।
১১৯।	সম্প্রতি কে, ন্যাশনাল হাই-স্পিড রেল কর্পোরেশন লিমিটেডের এমডি হিসাবে পূর্ববর্তী পদাধিকারী অচল খের এর স্থলাভিষিক্ত হলেন?	সতীশ অগ্নিহোত্রী।
১২০।	সম্প্রতি সার্বিয়ায় অনুষ্ঠিত সার্বিয়া ওপেন চেস চ্যাম্পিয়নশিপে ভারতের কোন দাবাড়ু চ্যাম্পিয়ন হলেন?	নিহাল সারিন।
১২১।	সম্প্রতি প্রকাশিত 'The Art of Conjuring Alternate Realities. How Information Warfare Shapes Your World' গ্রন্থটির রচয়িতার নাম কী?	শিবম শঙ্কর সিং এবং আনন্দ ভেঙ্কটনারায়ণান।
১২২।	অন্ধ্রপ্রদেশ সরকার মহিলাদের স্বয়ংসম্পূর্ণ করার জন্য সম্প্রতি কোন স্কিম চালু করেছে?	**YSR Cheyuta Scheme.**
১২৩।	কেন্দ্রীয় জাতীয় সড়ক ও পরিবহণ মন্ত্রী নীতিন গড়করি কোথায় ভারতের প্রথম প্রাইভেট LNG Facility প্ল্যান্টের আনুষ্ঠানিক উদ্বোধন করলেন?	নাগপুর।
১২৪।	অসমের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা করোনাজনিত কারণে বিধবা হওয়া মহিলাদের আর্থিক সাহায্য দানের জন্য কোন স্কিম চালু করেছে?	**'Chief Minister's COVID-19 Widows Support Scheme'.**
১২৫।	ইন্ডিয়ান কাউন্সিল ফর কালচারাল রিলেশনস (ICCR) সম্প্রতি কোন বিশ্ববিদ্যালয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের সম্মানে 'বঙ্গবন্ধু চেয়ার' নামে এক পৃথক সাম্মানিক আসন তৈরি করেছে?	দিল্লি ইউনিভার্সিটি।
১২৬।	সম্প্রতি প্রকাশিত 'The Long Game : How the Chinese Negotiate with India' গ্রন্থটির রচয়িতা কে?	বিজয় গোখলে।
১২৭।	১৩ জুলাই প্রয়াত ভারতের কিংবদন্তী ক্রিকেটারের নাম কী, যিনি ১৯৮৩ সালে বিশ্বকাপ জয়ী ভারতীয় দলের সদস্য ছিলেন?	যশপাল শর্মা।
১২৮।	২০২১ সালের উইম্বলডন টেনিস প্রতিযোগিতায় পুরুষদের সিঙ্গলসে কে, ইটালির মাত্তেও বেরিট্টিনিকে পরাজিত করে চ্যাম্পিয়ন হলেন?	নোভাক জকোভিচ (সার্বিয়া)।
১২৯।	সম্প্রতি ভারতের দ্বিতীয় দীর্ঘতম এক্সপ্রেসওয়ে কোথায় অবস্থিত যার মোট দৈর্ঘ্য ৫৯৪ কিলো মিটার?	মীরাট - প্রয়াগরাজ (উত্তরপ্রদেশ)।
১৩০।	২০২১ সালের উইম্বলডন টেনিস প্রতিযোগিতায় মহিলাদের সিঙ্গলসে কে, চেক প্রজাতন্ত্রের ক্যারোলিনা প্লিসকোভাকে পরাজিত করে চ্যাম্পিয়ন হলেন?	অ্যাসলেগ বার্টি (অস্ট্রেলিয়া)।
১৩১।	সম্প্রতি কোথায় ভারতে প্রথম ক্রিপ্টোগেমিক গার্ডেন গড়ে উঠল যেখানে প্রায় ৫০টি প্রজাতির লাইকেন, ফার্ন, ছত্রাক রয়েছে?	দেরাদুন, উত্তরাখণ্ড।
১৩২।	সম্প্রতি কোন ফুটবল দল '২০২০ উয়েফা ইউরোপিয়ান ফুটবল চ্যাম্পিয়নশিপে' জয়লাভ করল ফাইনালে যারা ইংল্যান্ডকে পরাজিত করেছে?	ইটালি জাতীয় ফুটবল দল।
১৩৩।	সম্প্রতি প্রয়াত কেরলের বিশিষ্ট আয়ুর্বেদ চিকিৎসকদের নাম কী, যিনি ১৯৯৯ সালে 'পদ্মশ্রী', ২০১০ সালে 'পদ্মভূষণ' সম্মানে ভূষিত হয়েছেন?	ডক্টর পি কে ওয়ারিয়র।

Valley of Flowers National Park (1982) Uttarakhand

১৩৪।	৫-১২ জুলাই ক্রোয়েশিয়ায় অনুষ্ঠিত ২০২১ সালের ক্রোয়েশিয়া গ্র্যান্ড চেস ট্যুর-এ কোন দাবাড়ু ভারতের বিশ্বনাথন আনন্দকে পরাজিত করে চ্যাম্পিয়ন হলেন?	ম্যাক্সিম ভাচিয়ার ল্যাগরেভ (ফ্রান্স)।
১৩৫।	সম্প্রতি প্রকাশিত 'A New Cold War : Henry Kissingar and the Rise of China' গ্রন্থটির রচয়িতা কারা?	সঞ্জয় বারু এবং রাহুল শর্মা।
১৩৬।	সম্প্রতি অনুষ্ঠিত ২০২১ সালের কোপা আমেরিকা ফুটবল টুর্নামেন্টে ব্রাজিলকে ১-০ গোলে পরাজিত করে কোন দল চ্যাম্পিয়ন হল?	আর্জেন্টিনা।
১৩৭।	১১ জুলাই সারা বিশ্বজুড়ে কোন দিবস পালিত হল, যে দিনটি ১৯৯০ সালে প্রথম পালন করা শুরু হয়েছিল?	ওয়ার্ল্ড পপুলেশন ডে।
১৩৮।	১৫ জুলাই সারা বিশ্বজুড়ে কোন দিবস পালিত হল, যার এবছরের থিম হল— 'Reimagining Youth Skills Post-Pandemic'?	ওয়ার্ল্ড ইউথ স্কিলস ডে।
১৩৯।	সম্প্রতি কে, ইন্ডিয়ান এয়ার ফোর্সের ডেপুটি প্রধান হিসাবে পূর্ববর্তী পদাধিকারী এয়ার মার্শাল হরজিৎ সিং অরোরা'র স্থলাভিষিক্ত হলেন?	এয়ার মার্শাল বিবেক রাম চৌধুরী।
১৪০।	সম্প্রতি কোন মালয়ালম সাংবাদিক, নাট্যকার, ঔপন্যাসিক ২০২১ সালের বাহারিন কেরালিয়া সমাজম'জ লিটারেরি অ্যাওয়ার্ডে ভূষিত হলেন?	ও এন এন পিল্লাই।
১৪১।	১৪ জুলাই প্রয়াত পাকিস্তানের বিশিষ্ট রাজনীতিবিদের নাম কী, যিনি ২০১৩-২০১৮ পর্যন্ত পাকিস্তানের রাষ্ট্রপতি হিসাবে দায়িত্ব পালন করেছেন?	মামনন নাসেইন।
১৪২।	সম্প্রতি কে, ত্রিপুরার তৃতীয় লোকায়ুক্ত হিসাবে নিযুক্ত হলেন যিনি একজন বিশিষ্ট আইনজীবী?	কল্যাণ নারায়ণ ভট্টাচার্য।
১৪৩।	চীনের CNNC সম্প্রতি বিশ্বের প্রথম যে কমার্শিয়াল 'Small Modular Reactor (SMR) তৈরি করতে শুরু করেছে তার নাম কী?	Linglong One.
১৪৪।	সম্প্রতি কে, ট্যুইটার ইন্ডিয়ার রেসিডেন্ট গ্রিভেন্স অফিসার হিসাবে নিযুক্ত হয়েছেন তার নাম কী?	বিনয় প্রকাশ।
১৪৫।	সম্প্রতি প্রকাশিত 'Urdu Poets and Writer-Gems of Decan' নামক গ্রন্থটির রচয়িতার নাম কী?	জে এস ইফতিকার।
১৪৬।	সম্প্রতি কে, অল ইন্ডিয়া রেডিও'র ডিরেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন, যিনি পূর্বে ওই সংস্থার নিউজ সার্ভিসেস ডিভিশনের প্রিন্সিপাল ডিজি ছিলেন?	এন বেনুধর রেড্ডি।
১৪৭।	সম্প্রতি ভারতের প্রথম কোন সরকারি স্কুল স্যাটেলাইট তৈরি করতে সক্ষম হয়েছে?	গভর্নমেন্ট বয়েজ হাইস্কুল, মলেশ্বরম, কর্ণাটক।
১৪৮।	কেন্দ্রীয় উপজাতি বিষয়ক মন্ত্রী সারা দেশের উপজাতি মানুষদের কোভিড-১৯ ভ্যাকসিনেশন সংক্রান্ত বিষয়ে জনসচেতনতা গড়ে তোলার জন্য সম্প্রতি কোন প্রচারাভিযান চালু করেছেন?	'COVID Teeka Sang Surakshit Van, Dhan aur Uddyan'.
১৪৯।	রিলায়েন্স রিটেল লিমিটেড সম্প্রতি JustDial Ltd. এর ৪০.৯৫% শেয়ার কত টাকার বিনিময়ে অধিগ্রহণ করল?	৩৪৯৭ কোটি টাকা।
১৫০।	২০ জুলাই সারা বিশ্বজুড়ে কোন দিবস পালিত হল?	ওয়ার্ল্ড চেস ডে।

ব্যাঙ্ক ও অর্থনীতি বিষয়ক গুরুত্বপূর্ণ তথ্যাবলি

❖ **21 জুন, 2021*:**

- এমএসএমই ক্ষেত্রকে সাহায্য করার উদ্দেশ্যে ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া এবং ন্যাশনাল স্মল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন চুক্তিবদ্ধ হল। এনএসআইসি ব্যাঙ্ক ক্রেডিট ফেসিলিটেশন স্কিমের আওতায় এই মউ স্বাক্ষর করা হল।

❖ **22 জুন, 2021 :**

- এসবিআই জেনারেল ইন্সিয়োরেন্স সংস্থাটি আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্কের সঙ্গে ব্যাঙ্ক অ্যাশিয়োরেন্স চুক্তি করল। নন-লাইফ ইন্সিয়োরেন্স প্রোডাক্টের ব্যবসার উদ্দেশ্যে উক্ত সংস্থাদ্বয় কর্পোরেট এজেন্সি এগ্রিমেন্ট করল।

❖ **23 জুন, 2021 :**

- অনলাইন শপিং-এর জন্য কার্ডলেস ইএমআই ব্যবস্থার মেয়াদ বাড়াল আইসিআইসিআই ব্যাঙ্ক। মোবাইল ফোন এবং প্যান কার্ড ব্যবহার করে গ্রাহকরা উক্ত ব্যবস্থার মাধ্যমে 5 লক্ষ টাকা পর্যন্ত শপিং করতে পারবেন।

❖ **24 জুন, 2021 :**

- পয়সা বাজার.কম এবং এসবিএম ব্যাঙ্ক যৌথভাবে তাদের নিও ল্যান্ডিং প্ল্যাটফর্মে স্টেপ কার্ড ক্রেডিট কার্ড ব্যবস্থা চালু করল। গ্রাহকরা তাদের ফিক্সড ডিপোজিট দেখিয়ে এই কার্ড নিতে পারবেন।

❖ **25 জুন, 2021 :**

- ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের স্টেট অফ দ্য ইকোনমি রিপোর্ট অনুযায়ী জুন 2021 সময়কাল অব্দি সেন্ট্রাল ব্যাঙ্কের সারপ্লাস ট্রান্সফার শেয়ারের নিরিখে ভারত দ্বিতীয় স্থান অধিকার করেছে, এক্ষেত্রে শীর্ষে রয়েছে তুর্কি। 2020-21 অর্থবর্ষে আরবিআই দেশের মোট জিডিপির 0.44% কেন্দ্রীয় সরকারকে ট্রান্সফার করেছে তুর্কি যেখানে ট্রান্সফার করেছে 0.50%। আগের বছর আরবিআই জিডিপির 0.29% শেয়ার ট্রান্সফার করে চতুর্থ স্থানে ছিল।

❖ **26 জুন, 2021 :**

- প্রিমিয়াম কাস্টমারদের জন্য এসবিআই কার্ড এবং ফ্যাব ইন্ডিয়া সংস্থায় যৌথভাবে একটি কন্টাক্টলেস কো-ব্র্যান্ডেড ক্রেডিট কার্ড চালু করল।

❖ **27 জুন, 2021 :**

- বিআইএস-এর সাম্প্রতিক তথ্য অনুযায়ী 2020-21 অর্থবর্ষে ভারতের ব্যাঙ্ক ক্রেডিট/জিডিপি রেশিও বেড়ে হয়েছে 56.75%, পাঁচ বছরের সময়কালে যার মাত্রা সর্বাধিক। 2020-21 অর্থবর্ষে ভারতের বকেয়া ব্যাঙ্ক ক্রেডিটের পরিমাণ হয়েছে 1.52 ট্রিলিয়ন মার্কিন ডলার।

❖ **28 জুন, 2021 :**

- অতিমারীতে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত এমএসএমই-কে সাপোর্ট করার উদ্দেশ্যে সিডবি এবং গ্লোবাল অ্যালায়েন্স ফর মাস এন্টারপ্রেনারশিপ সংস্থাদ্বয় চুক্তিবদ্ধ হল।

❖ **29 জুন, 2021 :**

- আর্সেলর মিত্তাল নিপ্পন স্টিল সংস্থাটি আইসিআইসিআই ব্যাঙ্কের সহযোগিতায় চালু করল ভারতের প্রথম পেপারলেস বিল ডিসকাউন্টিং ট্রানজাকশন। এই ব্যবস্থায় ডিজিটাল লেটার অফ ক্রেডিটও ইস্যু করা হবে।

❖ **30 জুন, 2021 :**

- অন্ধ্রপ্রদেশে SALT (সাপোর্টিং অন্ধ্রস লার্নিং ট্রান্সফরমেশন) প্রোগ্রামকে প্রমোট করার উদ্দেশ্যে ভারতকে 1860 কোটি টাকার একটি ফান্ড অনুমোদন করল বিশ্ব ব্যাঙ্ক।

❖ **1 জুলাই, 2021 :**

- এমএসএমই সংস্থা ও পরিযায়ী শ্রমিকদের আর্থিক অবস্থার উন্নতিকল্পে মাস্টারকার্ড সংস্থাটি। ইন্সট্যামজতে একটি স্ট্র্যাটেজিক ইকুইটি ইনভেস্টমেন্ট করেছে। এই ব্যবস্থাটি এমএসএমই সংস্থাগুলোকে ডিজিটাইজ হতে সাহায্য করবে।

❖ **2 জুলাই, 2021 :**

- এমএসএমই ক্ষেত্রকে নানাভাবে সাহায্য করার উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকার মহারাষ্ট্রে ইন্ডিয়ান ব্যাঙ্কের নাগপুর শাখায় "এমএসএমই প্রেরণা" নামক একটি সহায়তামূলক প্রোগ্রাম চালু করল।

❖ **3 জুলাই, 2021 :**

- দুগ্ধ প্রক্রিয়াকরণ ব্যবসার স্বার্থে গবাদি পশুদের শনাক্তকরণের উদ্দেশ্যে Dvara ই-ডেয়ারি সংস্থাটি ইফকো টোকিও জেনারেল ইন্সিয়োরেন্স সংস্থার সহযোগিতায় আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স সম্বলিত ডিজিটাল আইডেন্টিটি ট্যাগ চালু করল যার নাম "সুরভী ই ট্যাগ"।

❖ **4 জুলাই, 2021 :**

- ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের সাম্প্রতিক তথ্য অনুযায়ী 2020-21 অর্থবর্ষে ভারতের শিল্পক্ষেত্রে ক্রেডিট গ্রোথ ঋণাত্মক।

❖ **5 জুলাই, 2021 :**

- ডিজিটাল ফিনান্সিয়াল সার্ভিস-এর পোর্টফোলিও গঠনের উদ্দেশ্যে অ্যাক্সিস ব্যাঙ্ক এবং আমাজন ওয়েব সার্ভিসেস একটি মাল্টি ইয়ার এগ্রিমেন্ট চুক্তি স্বাক্ষর করল।

❖ **6 জুলাই, 2021 :**

- ভারতের ইনফরমাল ওয়ার্কিং গ্রুপকে সাহায্য করার উদ্দেশ্যে বিশ্ব ব্যাঙ্ক 500 মিলিয়ন মার্কিন ডলার ঋণের অনুমাদেন দিল।

❖ **7 জুলাই, 2021 :**

- ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের সাম্প্রতিক তথ্য অনুযায়ী 2020-21 অর্থবর্ষে ভারতের ফরেক্স রিজার্ভ বেড়ে হয়েছে 99.2 বিলিয়ন মার্কিন ডলার যার পরিমাণ আগের বছর ছিল 64.9 বিলিয়ন মার্কিন ডলার। কারেন্ট অ্যাকাউন্ট সারপ্লাস এর মাত্রা জিডিপির 0.9%।

Ecophobia - Fear of the home

❖ 8 জুলাই, 2021 :

- সম্প্রতি ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের নির্দেশ অনুযায়ী ইন্টারেস্ট ইকুয়ালাইজেশন স্কিম ফর প্রি অ্যান্ড পোস্ট শিপমেন্ট রুপি এক্সপোর্ট ক্রেডিট-এর সময়সীমা আরো তিনমাস বাড়ালো, অর্থাৎ 30 সেপ্টেম্বর 2021 পর্যন্ত ধার্য করল।

❖ 9 জুলাই, 2021 :

- ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের 23তম ফিনান্সিয়াল স্টেবিলিটি রিপোর্ট অনুযায়ী বাণিজ্যিক ব্যাঙ্কগুলির গ্রস নন পারফর্মিং অ্যাসেটের মাত্রা 2022 সালের মার্চ মাস অবধি 9.8% বাড়বে, যা আগের বছর 7.48% বেড়েছিল।

❖ 10 জুলাই, 2021 :

- ওড়িশায় বিশুদ্ধ পানীয় জল সরবরাহ এবং সড়ক উন্নয়ন প্রকল্পের জন্য নাবার্ড 388 কোটি টাকার অনুদান দিল।

❖ 11 জুলাই, 2021 :

- আদিত্য বিড়লা ফিন্যান্স এবং পেটিএম সংস্থায় গ্রাহকদের সুবিধার্থে 'পকেট মিনি' নামক একটি ইনস্ট্যান্ট লোন পরিষেবা চালু করল। এটি পেটিএম-এর 'বায় নাউ পে লেটার' পরিষেবারই অংশ। এই ব্যবস্থায় গ্রাহকরা 250-60000 টাকা পর্যন্ত ইনস্ট্যান্ট লোনের সুবিধা পাবেন যেখানে 0% সুদের হার, 30 দিন রিপেমেন্ট পিরিয়ড এবং এক্ষেত্রে কোনো বার্ষিক ফি লাগছে না।

❖ 12 জুলাই, 2021 :

- কার্ড ইস্যুইং ব্যাঙ্কগুলি যাতে তাদের গ্রাহকদের রেকারিং পেমেন্টের সুবিধা দিতে পারেন তার জন্য মাস্টারকার্ড ও রেজোরপে সংস্থাদ্বয় চুক্তিবদ্ধ হয়ে একটি রেকারিং পেমেন্ট ইন্টারফেস চালু করল যার নাম ম্যান্ডেট এইচকিউ। এটি এপিআই ভিত্তিক একটি প্লাগ না প্লে সলিউশন।

❖ 13 জুলাই, 2021 :

- গোয়া ডেন্টাল কলেজ অ্যান্ড হাসপাতাল স্থাপনের উদ্দেশ্যে নাবার্ড 2891 কোটি টাকার ঋণ অনুমোদন করল। সংশ্লিষ্ট ঋণটি পাশ করেছে আর এইডিএফ।

❖ 14 জুলাই, 2021 :

- গ্রাহকদের সুবিধার্থে ক্রেডিট নিও ব্যাঙ্ক, ফ্রেও এইচবিডি ফিনান্সিয়াল সার্ভিস সংস্থার সহযোগিতায় দুটি ক্রেডিট প্রোডাক্ট চালু করল, যথা, ক্রেডিট এবং হাই-টিকিট পার্সোনাল লোন।

❖ 15 জুলাই, 2021 :

- ইন্সিয়োরেন্স ব্যবসার প্রসারের উদ্দেশ্যে অ্যাক্সিস ব্যাঙ্ক এবং ম্যাক্স বুপা হেলথ ইন্সিয়োরেন্স সংস্থাদ্বয় একটি ব্যাঙ্ক অ্যাশিওরেন্স চুক্তি স্বাক্ষর করল।

❖ 16 জুলাই, 2021 :

- এসবিআই জেনারেল ইন্সিয়োরেন্স সংস্থাটি 'আরোগ্যে সুপ্রিম' নামক একটি হেলথ ইন্সিয়োরেন্স প্ল্যান চালু করল। এক্ষেত্রে সাম ইন্সিয়োর্ড 5 কোটি টাকা, পলিসি টেনিওর 1-3 বছর। এটি তিনটি ক্যাটাগরিতে পাওয়া যাবে, যথা, প্রো, প্লাস, প্রিমিয়াম।

❖ 17 জুলাই, 2021 :

- সমস্ত ব্যাঙ্কগুলোকে ইন্টারব্যাঙ্ক বেঞ্চমার্কের ক্ষেত্রে লন্ডন ইন্টারব্যাঙ্ক অফার্ড রেট (লিবর) এর পরিবর্তে অন্য কোনো 'অল্টারনেট রেফারেন্স রেট (এআর আর)' একনভার্ট করার নির্দেশ দিল, এই কনভার্সন 31 ডিসেম্বর, 2021-এর মধ্যেই সম্পন্ন করতে হবে।

❖ 18 জুলাই, 2021 :

- মুম্বাইতে যাত্রীদের ক্যাশলেস ও কন্টাকলেস পরিবহণের সুযোগে দিতে মাস্টারকার্ড, মুম্বাই মেট্রো এবং অ্যাক্সিস ব্যাঙ্ক সম্মিলিতভাবে একটি 'ওয়ান মুম্বাই মেট্রো কার্ড' চালু করল।

❖ 19 জুলাই, 2021 :

- সম্প্রতি আরবিআই একটি 10 বছরের গভর্নমেন্ট সিকিউরিটি লঞ্চ করল যেখানে বার্ষিক কাট-অফ ইল্ড-এর মাত্রা 6.10%, আগের বছর যা ছিল 5.85%।
- ন্যাশনাল ব্যবস্থা পেমেন্ট কর্পোরেশনের আন্তর্জাতিক শাখা, এনপিসিআই ইন্টারন্যাশনাল পেমেন্টস ভুটানের রয়েল মনিটারি অথরিটির সঙ্গে চুক্তিবদ্ধ হয়ে ভূতনে লঞ্চ করল QR ভিত্তিক পেমেন্ট পরিষেবা।

❖ 20 জুলাই, 2021 :

- সেনেগালের কল্পতরু পাওয়ার ট্রান্সমিশন প্রজেক্টের জন্য 35.26 মিলিয়ন ঋণ অনুমোদন করল এক্সিম ব্যাঙ্ক।
- গভর্নমেন্ট সিকিউরিটিতে বিনিয়াগে বাড়ানোর উদ্দেশ্যে আরবিআই রিটেল ডাইরেক্ট স্কিম চালু করল ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক।

★★★

একনজরে ব্যাঙ্ক ও অর্থনীতি

ব্যাঙ্কিং

১। এমএসএমই ক্ষেত্রকে সাহায্যের উদ্দেশ্যে কোন ব্যাঙ্ক NSIC -এর সঙ্গে চুক্তিবদ্ধ হল? — **ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া।**

২। এসবিআই জেনারেল ইন্সিয়োরেন্স সংস্থাটি কোন ব্যাঙ্কের সঙ্গে ব্যাঙ্ক অ্যাশিওরেন্স চুক্তি করল? —**আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক।**

৩। অনলাইন শপিং-র জন্য কার্ডলেস ইএমআই ব্যাবস্থার মেয়াদ বাড়ালা কোন ব্যাঙ্ক? —**আইসিআইসিআই ব্যাঙ্ক।**

৪। আর্সেলর মিত্তাল নিপ্পন স্টিল সংস্থাটি কোন ব্যাঙ্কের সহযোগিতায় চালু করল ভারতের প্রথম পেপারলেস বিল ডিসকাউন্টিং ট্রানজাকশ? —**আইসিআইসিআই ব্যাঙ্ক।**

৫। ডিজিটাল ফিনান্সিয়াল সার্ভিস-এর পোর্টফোলিও গঠনের উদ্দেশ্যে কোন ব্যাঙ্ক আমাজন ওয়েব সার্ভিসেস সংস্থার সঙ্গে একটি মাল্টি ইয়ার এগ্রিমেন্ট চুক্তি স্বাক্ষর করলা? —**অ্যাক্সিস ব্যাঙ্ক।**

৭। ইন্সিয়োরেন্স ব্যবসার প্রসারের উদ্দেশ্যে কোন ব্যাঙ্ক ম্যাক্স বুপা হেলথ ইন্সিয়োরেন্স সংস্থার সঙ্গে একটি ব্যাঙ্ক অ্যাশিওরেন্স চুক্তি স্বাক্ষর করল? —**অ্যাক্সিস ব্যাঙ্ক।**

৮। সমস্ত ব্যাঙ্কগুলোকে লন্ডন ইন্টারব্যাঙ্ক অফার্ড রেটের পরিবর্তে অন্য কোন রেট-এ কনভার্ট করার নির্দেশ দিল আরবিআই? —**'অল্টারনেট রেফারেন্স রেট (এআরআর)'।**

৯। প্রায়োরিটি সেক্টর লেন্ডিং-এর উন্নতিকল্পে নাবার্ডের সঙ্গে চুক্তিবদ্ধ হলা কোন ব্যাঙ্ক? —**ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র।**

১০। ব্যাঙ্কিং সলিউশন-এর জন্য বিজি অ্যাকাউন্টিং সফটওয়্যার সংস্থা কোন ব্যাঙ্কের সঙ্গে চুক্তিবদ্ধ হলা? —**আইসিআইসিআই ব্যাঙ্ক।**

অর্থনীতি

১। ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের স্টেট অফ দ্য ইকোনমি রিপার্টে অনুযায়ী জুন ২০২১ সময়কাল অব্দি সেন্ট্রাল ব্যাঙ্কের সারপ্লাস ট্রান্সফার শেয়ারের নিরিখে ভারত কত তম অধিকার করেছে? —**দ্বিতীয়।**

২। বিআইএস-র তথ্য অনুযায়ী 2020-21 অর্থবর্ষে ভারতের ব্যাঙ্ক ক্রেডিট/জিডিপি রেশিও বেড়ে কত হয়েছে? — **56.075%.**

৩। অন্ধ্রপ্রদেশে SALT (সাপোর্টিং অন্ধ্রস লার্নিং ট্রান্সফরমেশন) প্রোগ্রামকে প্রমোট করার উদ্দেশ্যে ভারতকে কত কোটি টাকার একটি ফান্ড অনুমোদন করল বিশ্ব ব্যাঙ্ক? —**1860 কোটি টাকা।**

৪। ভারতের ইনফরমাল ওয়ার্কিং গ্রুপকে সাহায্য করার উদ্দেশ্যে বিশ্ব ব্যাঙ্ক কত ঋণের অনুমাদেন দিল? — **500 মিলিয়ন মার্কিন ডলার।**

৫। আরবিআই-এর তথ্য অনুযায়ী 2020-21 অর্থবর্ষে ভারতের ফরেক্স রিজার্ভ বেড়ে কত হয়েছে? —**99.2 বিলিয়ন মার্কিন ডলার।**

৬। ওড়িশায় বিশুদ্ধ পানীয় জল সরবরাহ এবং সড়ক উন্নয়ন প্রকল্পের জন্য নাবার্ড কত টাকার অনুদান দিল? —**388 কোটি টাকা।**

৭। গোয়া ডেন্টাল কলেজ অ্যান্ড হাসপাতাল স্থাপনের উদ্দেশ্যে নাবার্ড কত টাকার ঋণ অনুমাদেন করল? —**2891 কোটি।**

৮। মুম্বাইতে যাত্রীদের ক্যাশলেস ও কন্টাকলেস পরিবহণের সুযাগে দিতে মাস্টারকার্ড, মুম্বাই মেট্রো এবং অ্যাক্সিস ব্যাঙ্ক সম্মিলিতভাবে কী চালু করল? —**'ওয়ান মুম্বাই মেট্রো কার্ড'।**

৯। সম্প্রতি আরবিআই যে 10 বছরের গভর্নমেন্ট সিকিউরিটি লঞ্চ করল সেখানে বার্ষিক কাট-অফ ইল্ড-এর মাত্রা কত? — **6.10%।**

১০। সেনেগালের কল্পতরু পাওয়ার ট্রান্সমিশন প্রজেক্টের জন্য কত ঋণ অনুমোদন করলা এক্সিম ব্যাঙ্ক? —**35.26 মিলিয়ন মার্কিন ডলার।**

১১। গভর্নমেন্ট সিকিউরিটিতে বিনিয়াগে বাড়ানোর লক্ষ্যে কোন স্কিম চালু করল আরবিআই? —**আরবিআই রিটেল ডাইরেক্ট স্কিম।**

আর্থিক প্রতিষ্ঠান

৩। এমএসএমই ক্ষেত্রকে নানাভাবে সাহায্য করার উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকার মহারাষ্ট্রে ইন্ডিয়ান ব্যাঙ্কের নাগপুর শাখায় কোন সহায়তামূলক প্রোগ্রাম চালু করল? —**'এমএসএমই প্রেরণা'।**

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের 23তম ফিনান্সিয়াল স্টেবিলিটি রিপোর্ট অনুযায়ী বাণিজ্যিক ব্যাঙ্কগুলির গ্রস নন পারফর্মিং অ্যাসেটের মাত্রা 2022 সালের মার্চ মাস অবধি কত বাড়বে? —**9.8%।**

৪। আদিত্য বিড়লা ফিন্যান্স এবং পেটিএম সংস্থাদ্বয় গ্রাহকদের সুবিধার্থে কোন ইনস্ট্যান্ট লোন পরিষেবা চালু করল? —**'পকেট মিনি'।**

৫। ন্যাশনাল পেমেন্ট কর্পোরেশনের আন্তর্জাতিক শাখা, এনপিসিআই ইন্টারন্যাশনাল পেমেন্টস কার সঙ্গে চুক্তিবদ্ধ হয়ে ভুটানে লঞ্চ করল QR ভিত্তিক পেমেন্ট পরিষেবা ব্যবস্থা? —**ভুটানের রয়েল মনিটারি অথরিটি।**

ব্যবসা-বাণিজ্য

১। পয়সা বাজার.কম এবং এসবিএম ব্যাঙ্ক যৌথভাবে তাদের নিও লেন্ডিং প্ল্যাটফর্মে কোন ক্রেডিট কার্ড ব্যবস্থা চালু করল? —**স্টেপ কার্ড।**

৩। দুগ্ধ প্রক্রিয়াকরণ ব্যবসার স্বার্থে গবাদি পশুদের শনাক্তকরণের উদ্দেশ্যে Dvara ই-ডেয়ারি সংস্থাটি কোন সংস্থার সহযোগিতায় আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স সম্বলিত ডিজিটাল আইডেন্টিটি ট্যাগ চালু করল যার নাম 'সুরভী ই ট্যাগ'? —**ইফকো টোকিও জেনারেল ইন্সিয়োরেন্স।**

৪। সম্প্রতি ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের নির্দেশ অনুযায়ী কোন স্কিমের সময়সীমা আরো তিনমাস বাড়াল, অর্থাৎ 30 সেপ্টেম্বর 2021 পর্যন্ত ধার্য করল? —**ইন্টারেস্ট ইকুয়ালাইজেশন স্কিম ফর প্রি অ্যান্ড পোস্ট শিপমেন্ট রুপি এক্সপোর্ট ক্রেডিট।**

৬। এসবিআই জেনারেল ইন্সিয়োরেন্স সংস্থাটি কোন হেলথ ইন্সিয়োরেন্স প্ল্যান চালু করল যার সাম ইন্সিওর্ড 5 কোটি টাকা এবং পলিসি টেনিওর 1-3 বছর? —**'আরাগ্যে সুপ্রিম'।**

Entomophobia - Fear of insects

ডিপোজিট ইন্সুরেন্স অ্যান্ড ক্রেডিট গ্যারান্টি কর্পোরেশন বিষয়ক তথ্য

DICGC ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের একটি পূর্ণ অধিকৃত সাবসিডিয়ারি সংস্থা। এটি ডিপোজিট ইন্সিয়োরেন্স প্রদান করে যা ব্যাঙ্কের গ্রাহকদের ক্ষেত্রে একটি প্রোটেকশন কভার হিসেবে কাজ করে যখন ব্যাঙ্কটি দেউলিয়া হয় ও গ্রাহকদের সঞ্চিত ডিপোজিটের অর্থ ফেরত দিতে ব্যর্থ হয়।

এই এজেন্সিটি ব্যাঙ্কের সমস্ত রকমের ডিপোজিট অ্যাকাউন্টের ক্ষেত্রেই ইন্সিয়োরেন্স প্রদান করে থাকে। প্রতিটি ব্যাঙ্কের গ্রাহক প্রতি সর্বাধিক 1 লক্ষ টাকা করে ইনসিউর করা থাকে, যদি কোনো গ্রাহকের ডিপোজিটের পরিমাণ কোনো একটি ব্যাঙ্কে 5 লক্ষ টাকার বেশি হয় তাহলে উক্ত ব্যাঙ্কটি দেউলিয়া হলে DICGC মূলধন ও সুদ সমেত 5 লক্ষ টাকাই ফেরত দেবে। কোনো ব্যাঙ্ক দেউলিয়া হলে তার সমস্ত শাখার ডিপোজিটগুলিকে একত্রিত করে সর্বোচ্চ 5 লাখ টাকাই ইন্সিয়োরেন্স কভার দেওয়া হয়। কোনো গ্রাহকের মূলধন ও সুদের পরিমাণ 5 লক্ষ টাকার বেশি হলে শুধুমাত্র 5 লক্ষ টাকা বা মূলধন অ্যামাউন্ট প্রদেয় হয়। একই ওনারশিপের আওতায় বিভিন্ন ব্যাঙ্কের ডিপোজিটের ক্ষেত্রে পৃথক পৃথক কভার পাওয়া যাবে। ইন্সিয়োরেন্স কভার প্রদান করার আগে ব্যাঙ্ক গ্রাহকদের অনাদায়ী টাকা অ্যাডজাস্ট করে নিতে পারে। DICGC-র প্রিমিয়াম সম্পূর্ণরূপেই ইনসিউরড ব্যাঙ্ক বহন করে থাকে। কোনো ব্যাঙ্ক পরপর তিনবার প্রিমিয়াম প্রদানে ব্যর্থ হলে DICGC উক্ত ব্যাঙ্কের রেজিস্ট্রশন বাতিল করে দিতে পারে, কিন্তু কোনো ব্যাঙ্ক একবার রেজিস্ট্রেশনের পর এই ইন্সিয়োরেন্স স্কিম থেকে নিজেদের নাম উইথড্র করতে পারে না। ক্লেম রিসিটের দু'মাসের মধ্যেই DICGC ডিপোজিটরের ক্লেম সেটল করে দেয়।

DICGC দেশের সমস্ত বাণিজ্যিক ব্যাঙ্ক, ভারতে কার্যরত ফরেন ব্যাঙ্ক, বিদেশে কার্যরত ভারতীয় ব্যাঙ্ক, সমবায় ব্যাঙ্ক, আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্ক, লোকাল ব্যাঙ্কের গ্রাহকদের ডিপোজিট ইন্সিয়োরেন্স প্রদান করে যদি সেই ব্যাঙ্কগুলি DICGC কভারের জন্য আবেদন করে থাকে। কিন্তু DICGC সরাসরি কোনো ব্যাঙ্ক গ্রাহকদের সঙ্গে যোগাযোগ করেন, লিকুইডেটর DICGC-র কাছে ক্লেম লিস্ট পাঠায়।

ডিপোজিট ইন্সিয়োরেন্স অ্যান্ড ক্রেডিট গ্যারান্টি কর্পোরেশন অ্যাক্ট 1961 এবং ডিপোজিট ইন্সুরেন্স অ্যান্ড ক্রেডিট গ্যারান্টি কর্পোরেশন জেনারেল রেগুলেশন 1961 অনুযায়ী এই এজেন্সি কার্যকরী আছে। যখন কোনো ব্যাঙ্ক এই সংস্থায় রেজিস্টার করে তখন DICGC একটি প্রিন্টেড সার্টিফিকেট প্রদান করে। থাকে যেখানে ইন্সিয়োরেন্স কভার সংক্রান্ত সমস্ত তথ্য দেওয়াই থাকে।

○ DICGC কভার করেনা :

1. রাজ্য ও কেন্দ্রীয় সরকারের ডিপোজিট
2. বৈদেশিক গভর্নমেন্টের ডিপোজিট
3. রাজ্য সমবায় ব্যাঙ্কে গচ্ছিত স্টেটল্যান্ড ডেভেলপমেন্টের ডিপোজিট
4. ইন্টার-ব্যাঙ্ক ডিপোজিট
5. প্রাইমারি এগ্রিকালচারাল ক্রেডিট সোসাইটির ডিপোজিট
6. মেঘালয়, চণ্ডীগড়, দাদরা ও নগর হাভেলির সমবায় ব্যাঙ্কের ডিপোজিট।

○ বিশেষ তথ্য :

1. DICGC একটি অবিধিবদ্ধ সংস্থা যেটি 1978 সালের 15 জুলাই স্থাপিত হয়েছে।
2. 1962 সাল থেকে এটি ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের সাবসিডিয়ারি হিসেবে গণ্য হচ্ছে।
3. 1962 সালে ভারত বিশ্বের দ্বিতীয় দেশ হিসেবে DICGC-র সূচনা করেছিল। মার্কিন যুক্তরাষ্ট্র প্রথম এই স্কিমের সূচনা করে 1933 সালে।
4. ডিপোজিট ইন্সিয়োরেন্স কর্পোরেশন বিলটি সংসদে পেশ করা হয়েছিল 1961 সালের 21 আগস্ট।
5. উক্ত বিলটি তদানীন্তন রাষ্ট্রপতির অনুমোদন পায় 1961 সালের 7 ডিসেম্বর।
6. DICGC 1962 সালের 1 জানুয়ারি কার্যকরী হয়।

○ পটভূমি :

উনবিংশ ও বিংশ শতাব্দীতে ব্যাঙ্কের দেউলিয়া হয়ে যাওয়ার বিষয়টা একটি সাধারণ ঘটনা হয়ে উঠেছিল। 1938 সালে ট্রাভাঙ্কোর নেশন অ্যান্ড কুইলন ব্যাঙ্ক বন্ধ হয়ে যাওয়ার ঘটনাটিতে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক সচেতন হয়। তারপরেই, 1948 সালে পশ্চিমবঙ্গেও বিপুল হারে ব্যাঙ্কিং ক্রাইসিস হয়। তারপরেই আরবিআই বিষয়টিকে ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট 1949-র আওতায় এনে ডিপোজিটরদের অর্থ সুরক্ষিত করার ব্যাপারে সচেষ্ট হয়। 1960 সালে লক্ষ্মী ব্যাঙ্ক এবং পালাই সেন্ট্রাল ব্যাঙ্কের ব্যর্থতার পরে ডিপোজিট ইন্সিয়োরেন্স স্কিমের বিষয়টি ত্বরান্বিত হয়।

স্থাপনার পরে 287টি ব্যাঙ্ক DICGC-র সঙ্গে রেজিস্টার করেছিল। 1967 সালের শেষের দিকে ব্যাঙ্ক সংযুক্তিকরণের ফলে সংখ্যাটি কমে দাঁড়িয়েছিল 100। 1968 সালে DICGC অ্যাক্ট 1962-কে সংশোধন করে রাজ্যের সমস্ত সমবায় ব্যাঙ্ককে এর আওতায় আনা হয়।

○ নিয়ম :

1. যদি কোনো গ্রাহক একই ব্যাঙ্কের বিভিন্ন শাখায় বিভিন্ন ডিপোজিট অ্যাকাউন্ট খোলেন তাহলে ক্লেম সেটেলমেন্টের সময় সেই সমস্ত অ্যাকাউন্টকে একক অ্যাকাউন্ট গ্রাহ্য করে সর্বোচ্চ 5 লক্ষ টাকা ইন্সুরেন্স কভার প্রদান করা হবে।
2. যদি কোনো গ্রাহকের ভিন্ন ভিন্ন ব্যাঙ্কে ডিপোজিট অ্যাকাউন্ট থাকে, তাহলে পৃথক পৃথক কভারেজ পাওয়া যাবে।
3. যদি কোনো গ্রাহকের একই ব্যাঙ্কে সিঙ্গেল, জয়েন্ট অ্যাকাউন্ট, ফার্মের পার্টনারশিপ হিসেবে বা কোনো কোম্পানির ডিরেক্টর হিসেবে কারেন্ট অ্যাকাউন্ট, মাইনরের অভিভাবক হিসেবে অ্যাকাউন্ট, ট্রাস্টি হিসেবে অ্যাকাউন্ট থাকে তাহলেও পৃথক পৃথক কভারেজ পাওয়া যাবে। কিন্তু ওই গ্রাহকের উক্ত ব্যাঙ্কের বিভিন্ন শাখায় রক্ষিত জয়েন্ট অ্যাকাউন্টের ক্ষেত্রে অ্যাকাউন্ট হোল্ডারের অর্ডার একই থাকে তাহলে সমস্ত জয়েন্ট অ্যাকাউন্টকে একক অ্যাকাউন্ট হিসেবেই গণ্য করা হবে। যদি সেই গ্রাহকের একটি ব্যাঙ্কের বিভিন্ন শাখায় রক্ষিত জয়েন্ট অ্যাকাউন্টের অ্যাকাউন্ট হেল্ডোরের নামের অর্ডার ভিন্ন ভিন্ন হয় তাহলে প্রতিটি অ্যাকাউন্টের ক্ষেত্রেই পৃথক কভারেজ পাওয়া যাবে।

ভারতীয় ব্যাঙ্কিং ও এনআরআই অ্যাকাউন্ট

অনাবাসী ভারতীয়দের জন্য ভারতীয় ব্যাঙ্ক-এ তিনটি প্রধান অ্যাকাউন্ট-এর সুবিধা পাওয়া যায়। যথা—

1. নন-রেসিডেন্ট (এক্সটার্নাল) রুপি অ্যাকাউন্ট (NRE)
2. নন-রেসিডেন্ট অর্ডিনারি রুপি অ্যাকাউন্ট (NRO)
3. ফরেন কারেন্সি (নন-রেসিডেন্ট) অ্যাকাউন্ট (FCNR-B)।

NRE অ্যাকাউন্ট :

1. NRI এবং PIO এই ধরনের অ্যাকাউন্ট খোলার সুবিধে পাবেন।
2. এই অ্যাকাউন্ট খোলার ক্ষেত্রে বাংলাদেশ ও পাকিস্তানের নাগরিকদের ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের অগ্রিম অনুমতি নিতে হবে।
3. জয়েন্ট অ্যাকাউন্ট খোলা যাবে।
4. অনাবাসী ভারতীয়রা তাদের কোনো ভারতীয় আত্মীয়কে পাওয়ার অফ অ্যাটর্নি প্রদান করতে পারেন।
5. এক্ষেত্রে আর্থিক লেনদেনের মাধ্যম ভারতীয় টাকা।
6. সেভিংস, কারেন্ট, রেকারিং, ফিক্সড ডিপোজিট সব ধরনের অ্যাকাউন্ট খোলা যাবে।
7. এই অ্যাকাউন্ট-এ সঞ্চিত অর্থ দেশ থেকে বিদেশে লেনদেন করা যায়।
8. এই অ্যাকাউন্ট থেকে প্রাপ্ত আয় সম্পদ কর ও আয় করের আওতায় পড়ে না।
9. অন্তর্দেশীয় ঋণ প্রদানের ক্ষেত্রে কোনো রকম উর্ধ্বসীমা নেই। অথোরাইজড ডিলাররা এই প্রকার ঋণের অনুমোদন করেন। এটি কখনোই দেশের বাইরে স্থানান্তরিত করা যায় না।
10. বহির্দেশীয় ঋণের ক্ষেত্রে অথোরাইজড ডিলাররা তাদের বৈদেশিক করেসপন্ডেন্ট ব্যাঙ্ককে ঋণ প্রদানের অনুমতি দিতে পারে। সেক্ষেত্রে NRE /FCNR (B) অ্যাকাউন্ট-এ সিকিউরিটি মানি জমা রাখতে হবে।
11. এই সমস্ত অ্যাকাউন্টে সুদের হার ব্যাঙ্কিং রেগুলেশন বিভাগ দ্বারা নির্ধারিত হয়।
12. পাওয়ার অফ অ্যাটর্নি ক্ষমতা আঞ্চলিক লেনদেন ও অ্যাকাউন্ট ধারকের রেমিট্যান্সের ক্ষেত্রেই সীমাবদ্ধ।
13. একজন NRE যদি স্থায়ীভাবে দেশে ফায়ার আসেন তাহলে তার ইচ্ছানুযায়ী NRE অ্যাকাউন্টটি পরিবর্তিত হয়ে রেসিডেন্ট অ্যাকাউন্ট অথবা আরএফসি অ্যাকাউন্ট হয়ে যেতে পারে।
14. ডিপোজিটের ক্ষেত্রে ঋণ গ্রহণ করা যেতে পারে।
15. অথোরাইসড ডিলার দু সপ্তাহের জন্য সর্বোচ্চ 50000 টাকা পর্যন্ত সেভিংস অ্যাকাউন্ট OVERDRAWING-র অনুমতি দিতে পারে।
16. অ্যাকাউন্টে রক্ষিত সিকিউরিটির বিনিময়ে 1 কোটি টাকা পর্যন্ত ঋণ প্রদান করা যেতে পারে।

NRO অ্যাকাউন্ট :

1. দেশের বাইরে বসবাসকারী যেকোনো ব্যক্তি এই অ্যাকাউন্টের সুবিধা পাবেন।
2. এই অ্যাকাউন্ট খোলার ক্ষেত্রে বাংলাদেশ ও পাকিস্তানের নাগরিকদের ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের অগ্রিম অনুমতি নিতে হবে।
3. পোস্ট অফিসেও সেভিংস ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলা যাবে।
4. জয়েন্ট অ্যাকাউন্ট খোলা যাবে।
5. অনাবাসী ভারতীয়রা তাদের কোনো ভারতীয় আত্মীয়কে পাওয়ার অফ অ্যাটর্নি প্রদান করতে পারেন।
6. এক্ষেত্রে আর্থিক লেনদেনের মাধ্যম ভারতীয় টাকা।
7. সেভিংস, কারেন্ট, রেকারিং, ফিক্সড ডিপোজিট সব ধরনের অ্যাকাউন্ট খোলা যাবে।
8. প্রতি অর্থবর্ষে শুধুমাত্র ১ মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত রাশি বিদেশে চালান করা যাবে।
9. এই অ্যাকাউন্ট থেকে প্রাপ্ত আয় সম্পদ কর ও আয়করের আওতাধীন।
10. ডিপোজিটের ক্ষেত্রে ঋণ গ্রহণ করা যেতে পারে।
11. ঋণের অর্থ কোনোভাবেই চাষ, বৃক্ষরোপন, বিনিয়োগ ও পুনরায় ঋণ প্রদানের ক্ষেত্রে ব্যবহার করা যাবেনা।
12. এক্ষেত্রে বহির্দেশীয় ঋণের সুবিধা প্রযোজ্য নয়।
13. এই সমস্ত অ্যাকাউন্টে সুদের হার ব্যাঙ্কিং রেগুলেশন বিভাগ দ্বারা নির্ধারিত হয়।
14. পাওয়ার অফ অ্যাটর্নি ক্ষমতা আঞ্চলিক লেনদেন ও অ্যাকাউন্ট ধারকের রেমিট্যান্সের ক্ষেত্রেই সীমাবদ্ধ।
15. একজন NRO যদি স্থায়ীভাবে দেশে ফিরে আসেন তাহলে তার ইচ্ছানুযায়ী NRO অ্যাকাউন্টটি পরিবর্তিত হয়ে রেসিডেন্ট অ্যাকাউন্ট অথবা আরএফসি অ্যাকাউন্ট হয়ে যেতে পারে। আবার যখন একজন ভারতীয় দেশের বাইরে বসবাস করার জন্য যান তখন তার রেসিডেন্ট অ্যাকাউন্টটি NRO অ্যাকাউন্টে পরিবর্তিত হয়ে যায়।
16. বিদেশি পর্যটকরা 6 মাসের জন্য এই অ্যাকাউন্ট খুলতে পারেন।
17. 50000 টাকার বেশি স্থানীয় আদান প্রদানের ক্ষেত্রে চেক/ ডিমান্ড ড্রাফট বা পেঅর্ডার ব্যবহার করতে হবে।

ফরেন কারেন্সি (নন-রেসিডেন্ট) একাউন্ট (FCNR-B)

1. NRI এবং PIQ এই ধরনের অ্যাকাউন্ট খুলতে পারবেন।
2. জয়েন্ট অ্যাকাউন্ট খোলা যাবে।
3. অনাবাসী ভারতীয়রা তাদের কোনো ভারতীয় আত্মীয়কে পাওয়ার অফ অ্যাটর্নি প্রদান করতে পারেন।
4. সহজে পরিবর্তনশীল যেকোনো বৈদেশিক মুদ্রায় আর্থিক লেনদেন করা যাবে।
5. শুধুমাত্র টার্ম ডিপোজিট খোলা যাবে যার সময়কাল 1-5 বছর।
6. এই অ্যাকাউন্ট-এ সঞ্চিত অর্থ দেশ থেকে বিদেশে লেনদেন করা যায়।
7. এই অ্যাকাউন্টে প্রাপ্ত আয় সম্পদ কর ও আয় করের আওতায় পড়ে না।
8. অন্তর্দেশীয় ঋণ প্রদানের ক্ষেত্রে কোনো রকম উর্ধ্বসীমা নেই। অথোরাইজড ডিলাররা এই প্রকার ঋণের অনুমোদন করেন। এটি কখনোই দেশের বাইরে স্থানান্তরিত করা যায় না।
9. বহির্দেশীয় ঋণের ক্ষেত্রে অথোরাইজড ডিলাররা তাদের বৈদেশিক করেসপন্ডেন্ট ব্যাঙ্ককে ঋণ প্রদানের অনুমতি দিতে পারে। সেক্ষেত্রে NRE /FCNR (B) অ্যাকাউন্ট-এ সিকিউরিটি মানি জমা রাখতে হবে।
10. এই সমস্ত অ্যাকাউন্ট-এ সুদের হার ব্যাঙ্কিং রেগুলেশন বিভাগ দ্বারা নির্ধারিত হয়।
11. পাওয়ার অফ অ্যাটর্নি ক্ষমতা আঞ্চলিক লেনদেন ও অ্যাকাউন্ট ধারকের রেমিট্যান্সের ক্ষেত্রেই সীমাবদ্ধ।
12. একজন NRI স্থায়ীভাবে দেশে ফিরে এলে তার ইচ্ছানুযায়ী ব্যাঙ্ক FCNR-B অ্যাকাউন্টটি ম্যাচুইরিটি পর্যন্ত কার্যকরী রাখতে পারে। ম্যাচুইরিটিতে অ্যাকাউন্টটি পরিবর্তিত হয়ে রেসিডেন্ট অ্যাকাউন্ট অথবা আরএফসি অ্যাকাউন্ট হয়ে যেতে পারে।
13. নমিনেশন প্রযোজ্য। 14. অ্যাকাউন্টে রক্ষিত সিকিউরিটির বিনিময়ে 1 কোটি টাকা পর্যন্ত ঋণ প্রদান করা যেতে পারে।

Equinophobia - Fear of horses

ডব্লিউবিসিএস প্ল্যানার

স্কুল কলেজে পড়ার সময় থেকেই প্রত্যেক ছাত্রছাত্রীর স্বপ্ন থাকে WBCS অফিসার হওয়ার। এই স্বপ্নকে বাস্তব রূপায়ণের জন্য দরকার লক্ষ্য স্থির রেখে সঠিক গাইডেন্সের মাধ্যমে WBCS পরীক্ষার প্রিলি, মেইন ও ইন্টারভিউ প্রত্যেকটি স্টেজ অতিক্রম করা। এই গাইডেন্সের সঠিক দিশা নিয়ে আচিভার্সের সংখ্যায় ধারাবাহিক আলোচনা করছেন GSCE-র অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী।

ভারতের বিভিন্ন উল্লেখযোগ্য হ্রদসমূহ

রাজ্য/ কেন্দ্রশাসিত অঞ্চল	হ্রদের নাম
অন্ধ্রপ্রদেশ	কোলেরু, পুলিকট
অসম	চান্দুবি, চাপানালা, হাফলং, সোনবিল
বিহার	কানওয়ার
গুজরাট	হামিরসার, কাংকারিয়া, লাখোটা, সুরসাগর, থল, ভাস্ত্রাপুর
হিমাচল প্রদেশ	ব্রিঘু, দাশাইর এবং ধনকর, কারেরি এবং কুমার, খাজ্জিয়ার, মাচিয়াল, মণিমহেশ, নাকো, পান্ডো, প্রশর, রেণুকা, রিওয়ালসার, সেরুভালসার এবং মণিমহেশ
হরিয়ানা	বাদখাল, বিউটি, ব্লু বার্ড, ব্রহ্ম সরোবর, কারেন্ট, কর্ণ, সন্নিহিত সরোবর, সুরজকুণ্ড, তিলায়ার
জম্মু ও কাশ্মীর	ডাল, মানসবল, মনসর, উলার
কর্ণাটক	আগারা, বেল্লানদুর, বীরসন্দ্র, হেব্বল, কেম্পামবুধি, লালবাগ, মাডিওয়ালা, পুট্টেনাহল্লি, সানকি, উলসুর, দালাভি, দেভানুর, করঞ্জি, কুক্কারহল্লি, লিঙ্গামবুধি, হোয়ামানা কেরে, পম্পা সরোবর
কেরল	অষ্টমুদি, কুট্টানাড, মনছিরা, মানাকোডি কয়াল, পদিনজারেছির, পারাভুর কয়াল, পুন্নামাদা, শষ্টমকোট্টা, ভাদাক্কেচিরা, ভাঞ্চিকুলাম, ভেল্লাইয়ানি, ভেম্বানাদ
মধ্যপ্রদেশ	ভোজ ওয়েটল্যান্ড, লোয়ার লেক, মোতি, সারাং পানি, শাপুরা, তাওয়া রিজার্ভার, আপার লেক
মেঘালয়	উমিয়াম
মনিপুর	লোকটাক
মহারাষ্ট্র	গোরেবাদা, খিন্দসি, লোনার, মেহরুন, পশন, পোয়াই, রাঙ্কালা, সেলিম আলি লেক, শিবসাগর, টালাও পালি, উপবন, ভেন্না
মিজোরাম	পলক ডিল, টাম ডিল
ওড়িশা	আনশুপা, চিল্কা, কাঞ্জিয়া
পাঞ্জাব	হারিকে, কাঞ্জিল, রোপার
দিল্লি	নৈনি, সঞ্জয়, ভরদ্বাজ, ডমডমা, বাদখাল
রাজস্থান	আনা সাগর, বালসম্যান্ড, ধীবর, জইসম্যান্ড, জল মহল, মান সাগর লেক, কায়লানা, নাক্কি, পুষ্কর, রাজসমন্দ, রামগড়, তালওয়ারা, সম্বর সল্টলেক, ফতে সাগর, রংসাগর, উদয়সাগর
সিকিম	গুরুডোংমার, খেচোপালরি, লেক সংমো, লেক চোলামু
তেলেঙ্গানা	আলওয়াল চেরেভু, দুর্গম চেরেভু হিমায়ত সাগর, হুসেন সাগর, ওসমান সাগর, সাফিলগুডা, সারুরনগর, সমীরপেট
তামিলনাড়ু	বেরিজাম, চেম্বরমবক্কম, কালিভেলি, কাবেরিপক্কম, কোদাইকানাল, উটি, পেরুমল ইরি, রেড হিলস লেক, শোলাভরম, সিঙ্গানাল্লুর, ভিরানাম
উত্তরপ্রদেশ	আমাখেরা, বারুয়া সাগর তাল, বেলাসাগর, ভাদি তাল, ছান্দো তাল, কিথাম, নাচন তাল, রামগড় তাল, শেইখা ঝিল
উত্তরাখণ্ড	স্কেলেটন লেক (রূপকুণ্ড লেক), ভিমতাল, দোদিতাল, নৈনিতাল, নাউউচিয়াতাল, সাত তাল
পশ্চিমবঙ্গ	দেবর, ইস্ট ক্যালকাটা ওয়েটল্যান্ডস, জোর পোখরি, মিরিক, রবীন্দ্র সরোবর, রসিকবিল, সাঁতরাগাছি, সেঞ্চাল
লাদাখ	প্যাংগং সো, সো মেরিরি
অরুণাচল প্রদেশ	সাংগেস্টার, মেহাও, সিলা, পেঙ্গা টেং সো, গ্নো
ঝাড়খণ্ড	ধিমনা, হাজারিবাগ ঝিল, বুরুদি, কাঁকি, হুডকো, টপকাঞ্চি, ধুরুয়া, জয়ন্তী সরোবর, চান্দিল, চাঁদমারি, টেলকো
গোয়া	আরামবোল, মায়েম, ক্যারামবোলিম, বোন্দাবা, সারজোড়া, আম্বুলোর, কারটোরিম, বাতিম, মালা, ভদ্দেম, সুলাবাত, সাখলেশ্বর
চণ্ডীগড়	সুকনা
পুদুচেরি	ওসুদু
নাগাল্যান্ড	শিলোই
ত্রিপুরা	রুদ্রসাগর, অমরসাগর, কল্যাণ সাগর, ফটিকসাগর, ধানিসাগর

Glossophobia - Fear of speaking in public

প্রাচীন ভারতের দেশীয় ও বৈদেশিক সাহিত্য সমূহ

গ্রন্থের প্রকৃতি	গ্রন্থের নাম	গ্রন্থ রচয়িতা/তথ্যাবলী
	দেশীয় গ্রন্থসমূহ	
ধর্মীয় গ্রন্থ	(১) বেদ– ঋগবেদ, সামবেদ, যজুঃবেদ এবং অথর্ব বেদ	বেদ হল ভারতের প্রাচীনতম ধর্মগ্রন্থ।
	(২) ব্রাহ্মণ– ঐতরেয় ব্রাহ্মণ, কৌষীতকী ব্রাহ্মণ, গোপথ ব্রাহ্মণ, শতপথ ব্রাহ্মণ, জৈমিনীয়ব্রাহ্মণ, কৈতিরীয় ব্রাহ্মণ, তাণ্ড্যমহা ব্রাহ্মণ, ছান্দোগ্য ব্রাহ্মণ, কঠ ব্রাহ্মণ, ষড়বিংশ ব্রাহ্মণ	ব্রাহ্মণগুলিতে মূলত বৈদিক মন্ত্রাদির টিকা ও যাগযজ্ঞের বিধি প্রকরণ সন্নিবিষ্ট আছে।
	(৩) আরণ্যক– ঐতরেয় আরণ্যক, কৌষীতকী আরণ্যক, আরণ্যক সংহিতা, আরণ্যক গান, জৈমিনীয়, উপনিষদ ব্রাহ্মণ, ছান্দোগ্য আরণ্যক, কঠ তৈত্তিরীয়, শতপথ, বৃহদারণ্যক	আরণ্যকগুলি হল ব্রাহ্মণগুলির পরিশিষ্ট।
	(৪) উপনিষদ– কঠ, কেন, ঈষপরিষদ, বৃহদারণ্যক, ছান্দোগ্য, তৈত্তিরীয়, শ্বেতাশ্বতর, মাণ্ডুক্য, ঐতরেয়, কৌষীতকী, মণ্ডক, প্রশ্ন, মৈত্রায়নীয় এবং মহানারায়ণ উপনিষদ	উপনিষদ হল আধ্যাত্মবিদ্যা, যার অপর নাম হল ব্রহ্মবিদ্যা।
	(৫) পুরাণ– ব্রহ্ম, ভগবৎ, পদ্ম, বিষ্ণু, অগ্নি, ব্রহ্মাণ্ড, গরুড়, ব্রহ্মবৈবর্ত, শৈব, লিঙ্গ, নারদীয়, স্কন্ধ, মৎস্য, কূর্ম, মার্কণ্ডেয়, বায়ু, বরাহ এবং বামন পুরাণ	১৮টি পুরাণ হল প্রাচীন কাহিনি ও ধর্মীয় অনুশাসনের সংক্ষিপ্ত রূপ।
	(৬) মহাকাব্য— রামায়ণ এবং মহাভারত	রামায়ণের মূল বিষয়বস্তু হল আর্য-অনার্য সংঘাত এবং মহাভারত হল আর্যদের প্রধান দুই গোষ্ঠীর মধ্যে তুমুল লড়াই।
	(৭) স্মৃতি শাস্ত্র— মনুস্মৃতি, নারদস্মৃতি, যাজ্ঞবল্ক্য স্মৃতি, বৃহস্পতি স্মৃতি, কাত্যায়ন স্মৃতি, বিষ্ণু স্মৃতি	তদানীন্তন সমাজে দেওয়ানি আইন লিপিবদ্ধ করণের জন্য এই স্মৃতিশাস্ত্র রচিত।
	(৮) বৌদ্ধ সাহিত্য— ত্রিপিটক, দ্বীপবংশ, মহাবংশ, বুদ্ধচরিত, ললিত বিস্তার	গৌতম বুদ্ধের জীবন ও প্রবর্তিত ধর্ম বিষয়ের আলোচনা রয়েছে এই গ্রন্থে।
	(৯) জৈন সাহিত্য— পরিশিষ্ট পার্বণ, আচারঅঙ্গ সূত্র, কল্পসূত্র, ভগবতী সূত্র, জৈন সিদ্ধান্ত	মহাবীরের জীবনী ও প্রবর্তিত ধর্ম বিষয়ে আলোচনা করা আছে।

গ্রন্থের প্রকৃতি	গ্রন্থের নাম	গ্রন্থ রচয়িতা/তথ্যাবলী	গ্রন্থের নাম	গ্রন্থ রচয়িতা/তথ্যাবলী
ধর্ম নিরপেক্ষ	অর্থশাস্ত্র	কৌটিল্য	অষ্টাধ্যায়ী	পানিনি
	মহাভাষ্য	পতঞ্জলী	বৃহৎকথা	—
	মৃচ্ছকটিকম	শুদ্রক	স্বপ্নবাসবদত্তা	ভাস
	মুদ্রারাক্ষস	বিশাখদত্ত	বৃহৎ সংহিতা	বরাহমিহির
	সূর্য সিদ্ধান্ত	আর্যভট্ট	পঞ্চ সিদ্ধান্তিকা	বরাহমিহির
	সিদ্ধান্ত শিরোমনি	ভাস্করাচার্য	শব্দ প্রদীপ, বৃক্ষায়ুর্বেদ	সুরেশ্বর
	গার্গী সংহিতা	কৌটিল্য	মাধব নিদান	মাধবকার
	দায়ভাগ	জীমূতবাহন	চরক সংহিতা	চরক
	চিকিৎসা সংগ্রহ	চক্র পানিদত্ত	ব্রহ্মসিদ্ধান্ত	ব্রহ্মগুপ্ত
	সুশ্রুত সংহিতা	সুশ্রুত	মিতক্ষরা	বিজ্ঞানেশ্বর
	মাধ্যমিক সূত্র	নাগার্জুন	—	—
জীবনচরিত-মূলক গ্রন্থ	হর্ষচরিত	বাণভট্ট	বিক্রমাঙ্কদেব চরিত	বিলহন
	বুদ্ধচরিত	অশ্বঘোষ	কুমারপাল চরিত	জয় সিংহ
	রামচরিত	সন্ধ্যাকর নন্দী	রামচরিত মানস	তুলসী দাস

Gamophobia - Fear of marriage

Fossil National Park (1983) Madhya Pradesh

গ্রন্থের প্রকৃতি	গ্রন্থের নাম	গ্রন্থ রচয়িতা/তথ্যবলী	গ্রন্থের নাম	গ্রন্থ রচয়িতা/তথ্যবলী
	বল্লাল চরিত	আনন্দ ভট্ট	পৃথ্বীরাজ চরিত	চাঁদবরদৈ
	চন্দ্রচূড়া চরিত	উমাপতি বর	কৃষ্ণ চরিতম	সমুদ্রগুপ্ত
	দশকুমার চরিত	দণ্ডী	পার্শ্বনাথ চরিত	ভবদেব সুরী
	নবসাহসাঙ্ক চরিত	পদ্মগুপ্ত	উত্তর রামচরিত	ভবভূতি
আঞ্চলিক ইতিহাসমূলক গ্রন্থ	রাজতরঙ্গিনী রাসমালা, কীর্তি কৌমুদী	কলহন (কাশ্মীরের ইতিহাস) সোমেশ্বর (গুজরাটের ইতিহাস)	প্রবন্ধ চিন্তামনি	মেরুতুঙ্গ (গুজরাটের ইতিহাস)
	কথা সরিতসাগর	সোমদেব ভট্ট (দক্ষিণ-পূর্ব এশিয়া ও ভারতের বাণিজ্য সম্পর্ক)	প্রবন্ধ কোষ	রাজশেখর (গুজরাটের ইতিহাস)
		বৈদেশিক সাহিত্য		
বিবরণ/বর্ণনা মূলক গ্রন্থ	ইন্ডিকা	মেগাস্থিনিস	ন্যাচারাল হিস্ট্রি	প্লিনি
	সি-ইউ কি	হিউয়েন সাং	সাধারণ ইতিহাস	পলিবায়েস
	A Survey of the World	হেকাটিয়াস	পেরিপ্লাস অফ দ্য এরিথ্রিয়ান সী	অজ্ঞাতনামা গ্রিক নাবিক
	হিস্টোরিয়া	হেরোডোটাস	দুলভা, ট্যাঙ্গুর	লামা তারানাথ
	ভূগোল	স্ট্র্যাবো	জিওগ্রাফিক হুফেগোসিস	টলেমি
	এপিটোম	জাস্টিন	—	—

এমএসপি সংক্রান্ত তথ্যাবলি

- MSP অর্থাৎ Minimum Support Price।
- কৃষকদের উৎপাদিত ফসলের ন্যূনতম সহায়ক মূল্য পাওয়ার জন্য কৃষকদের স্বার্থে এই MSP নির্ধারিত হয়েছে।
- কেন্দ্রীয় কৃষি মন্ত্রকের অধীনস্থ Commission for Agricultural Costs & Prices (CACP) এই মূল্য নির্ধারন করে থাকে।
- MSP নির্ধারিত শস্যের তালিকা—
  - (a) খাদ্য শস্য (৭)– ধান, গম, বার্লি, জোয়ার, বাজরা, ভুট্টা, রাগি
  - (b) ডালশস্য (৫)– ছোলা, অড়হর, মুগডাল, মসুর, মাসকলাই
  - (c) তৈলবীজ (৭)– চিনাবাদাম, সরিষা/রাইসরিষা, টোরিয়া, সয়াবিন, সূর্যমুখী, তিল, নাইজার বীজ
  - (d) কাঁচা কার্পাস
  - (e) কাঁচা পাট
  - (f) নারকেল শুকনো শাঁস (Copra)
  - (g) ছাড়ানো নারকেল (De-husked Coconut)
  - (h) আখ
  - (i) ভার্জিনিয়া ফ্লু নিরাময়কারী তামাক (Verginia flu cured tobacco)।
- CACP কোন শস্যের MSP নির্ধারনের ক্ষেত্রে যে যে বিষয়ের ওপর গুরুত্ব আরোপ করা হয়েছে সেগুলি হল—
  - (1) উৎপাদন খরচ,
  - (2) ইনপুট প্রাইসের পরিবর্তন,
  - (3) ইনপুট- আউটপুট প্রাইসের সমতা,
  - (4) বাজারমূল্যের প্রবণতা,
  - (5) চাহিদা ও সরবরাহ,
  - (6) আন্তঃশস্য মূল্য সমতা,
  - (7) শিল্প ব্যয় পরিকাঠামোর ওপর প্রভাব,
  - (8) জীবনযাপন ব্যয়ের ওপর প্রভাব,
  - (9) সাধারণ মূল্যস্তরের উপর প্রভাব,
  - (10) আন্তর্জাতিক মূল্য পরিস্থিতি,
  - (11) কৃষকদের গৃহীত মূল্য ও যথার্থ মূল্যের সমতা,
  - (12) ইস্যু মূল্য এবং ভর্তুকির জন্য জড়িত মূল্য।
- 2018-2019 সালের বাজেটে ঘোষণা করা হয়েছে যে প্রাক-নির্ধারিত নীতি হিসাবে ফসলের জন্য মোট উৎপাদন খরচের $1\frac{1}{2}$ অংশ ন্যূনতম সহায়ক মূল্য হিসাবে নির্ধারিত হওয়া উচিৎ।
- কেরল ভারতের প্রথম রাজ্য হিসাবে সবজির জন্য MSP নির্ধারণ করেছে। নীচে CACP কর্তৃক ঘোষণা করা কিছু শস্যের MSP এর মান দেওয়া হল—

২০১৮-১৯ থেকে ২০২১-২২ পর্যন্ত এমএসপি এর বিবিধ শস্যের পরিসংখ্যান

(Price Recommended by CACP and Fixed by Govt.)

পণ্য	2018-19		2019-20		2020-21		2021-22	
	Reco	Fixed	Reco	Fixed	Reco	Fixed	Reco	Fixed
খারিফ শস্য								
ধান - সাধারণ	1745	1750	1815	1815	1868	1868	1940	1940
ধান (গ্রেড-A)	1770	1770	1835	1835	1888	1888	1960	1960
জোয়ার (হাইব্রিড)	2430	2430	2550	2550	2620	2620	2738	2738
জোয়ার-মালাডান্ডি	2450	2450	2570	2570	2640	2640	2758	2758
বাজরা	1950	1950	2000	2000	2150	2150	2250	2250
ভুট্টা	1700	1700	1760	1760	1850	1850	1870	1870
রাগি	2895	2897	3150	3150	3295	3295	3377	3377
অড়হর	5675	5675	5800	5800	6000	6000	6300	6300
মুগডাল	6975	6975	7050	7050	7196	7196	7275	7275
উরাদ	5600	5600	5700	5700	6000	6000	6300	6300
চিনাবাদাম	4890	4890	5090	5090	5275	5275	5550	5550
সূযমুখী বীজ	5385	5388	5650	5650	5885	5885	6015	6015
সয়াবিন (কালো)	–	–	–	–	–	–	–	–
সয়াবিন (হলুদ)	3390	3399	3710	3710	3880	3880	3950	3950
তিল	6230	6249	6485	6485	6855	6855	7307	7307

Gynophobia - Fear of women

Sanjay Gandhi National Park (1983) Maharashtra

পণ্য	* 2018-19		2019-20		2020-21		2021-22	
	Reco	Fixed	Reco	Fixed	Reco	Fixed	Reco	Fixed
নাইজার সিড	5860	5877	5940	5940	6695	6695	6930	6930
মাঝারি প্রধান সুতি	5150	5150	5255	5255	5515	5515	5726	5726
লম্বা প্রধান সুতি	5450	5450	5550	5550	5825	5825	6025	6025
রবি শস্য								
গম	1840	1840	1925	1925	1975	1975		
বার্লি	1440	1440	1525	1525	1600	1600		
ছোলা	4620	4620	4875	4875	5100	5100		
মসুর	4475	4475	4800	4800	5100	5100		
রাই সরিষা	4200	4200	4425	4425	4650	4650		
সূর্যমুখী সরিষা	4945	4945	5215	5215	5327	5327		
বাণিজ্যিক শস্য								
পাট	3700	3700	3950	3950	4225	4225	4500	4500
আখ	275	275	275	275	285	285		
কোপরা (মিলিং)	9520	9521	9960	9960	10335	10335		
কোপড়া (বল)	9920	9920	10300	10300	10600	10600		

অর্থনৈতিক উদ্ভিদবিদ্যা

জীবনবিজ্ঞানের যে শাখায় মানব কল্যাণে উদ্ভিদ এবং উদ্ভিদজাত বস্তু ব্যবহৃত হয়, তাকে অর্থনৈতিক উদ্ভিদবিদ্যা বলা হয়।

শস্য: মানব শরীরে পুষ্টিগত খাদ্য উপাদান হিসাবে শস্য খুবই গুরুত্বপূর্ণ।

: কিছু গুরুত্বপূর্ণ শস্য :

গম

নাতিশীতোষ্ণ অঞ্চলে গম সবচেয়ে বেশি উৎপন্ন হয় এবং এটি বিশ্বের তৃতীয় সর্বোচ্চ উৎপাদনশীল শস্য। এর বিজ্ঞানসম্মত নাম *'Triticum aestivum'*।

❍ গমের বৈশিষ্ট্য :

১। ইহা ট্রিটিকাম প্রজাতির অন্তর্গত।
২। উৎপন্ন গম ২-৪ ফুট পর্যন্ত হয়।
৩। গম এমার, পোলিস, পোলার্ড, ক্লাব, ইনকর্ন প্রকৃতির হয়।

❍ গম উৎপাদন :

গম মূলত এশিয়া, মধ্য প্রাচ্য এবং উত্তর আফ্রিকায় গুরুত্বপূর্ণ খাদ্য হিসাবে বিবেচিত হয়। বিশ্বে গম উৎপাদনে চীন শীর্ষ স্থানে রয়েছে। কল্যাণ সোনা, সোনারা ৬৩, ৫৪ সরাবতী সোনারা, সোনালিকা, লার্মা, রাজা প্রভৃতি।

গমের কয়েকটি বৈচিত্র, তাদের বিজ্ঞানসম্মত নাম এবং ব্যবহার

বৈচিত্র	বিজ্ঞানসম্মত নাম	ব্যবহার
ইনকর্ন	Triticum monococcum	পশুর খাদ্য হিসাবে ব্যবহৃত হয়।
এমার	Triticum dicoccum	পশু খাদ্য এবং জলখাবারজাত খাদ্য হিসাবে ব্যবহৃত হয়।
স্পেল্ট	Triticum spelta	উত্তর আমেরিকায় পশু খাদ্য হিসাবে ব্যবহৃত হয়।
দুরুম	Triticum durum	ইহা গ্লুটেন সমৃদ্ধ হয় এবং পশু খাদ্য হিসাবে ব্যবহৃত হয়।
তিমোপেভি	Triticum timopheevi	ইহা রোগ প্রতিরোধ এবং ব্রিডিং প্রোগ্রামের জন্য ব্যবহৃত হয়।
সাধারণ গম	Triticum vulgare	ইহা রুটির আটা প্রস্তুতিতে ব্যবহৃত হয়।

❍ গমের অন্যান্য ব্যবহার :

১। স্টার্চ, গ্লুটেন মল্ট ডিসটিল্ট স্পিরিটের শিল্পোৎপাদনে গম ব্যবহৃত হয়।
২। গম শস্যের মধ্যে ৬০-৭০% স্টার্ট এবং ১০-১৭% প্রোটিন থাকে।
৩। গমের ভুসি প্রোটিন এবং ভিটামিন সমৃদ্ধ হয় এবং ইহা পশুখাদ্য হিসাবে ব্যবহৃত হয়।

ধান

বিশ্বের সমস্ত মানুষের কাছে ধান প্রধান খাদ্য হিসাবে বিবেচিত হয়। ইহার বিজ্ঞানসম্মত নাম হল *'Oryzae sativa'*।

❍ ধানের বৈশিষ্ট্য :

১। ধান একধরনের ঘাস জাতীয় উদ্ভিদ, যার উচ্চতা ২-৪ ফুট হয়।
২। ইহা ৯০% কার্বোহাইড্রেট এবং ৮-১০% প্রোটিন সমৃদ্ধ হয়।
৩। শক্তির তাৎক্ষণিক উৎস হিসাবে বিবেচিত হয় এবং অন্যান্য শস্যের তুলনায় দ্রুত কার্যকরী হয়।

❍ ধান উৎপাদন :

চীন ধান উৎপাদনে প্রথম স্থানে রয়েছে। এছাড়া ভারত, পাকিস্তান, জাপান, জাভা, ভিয়েতনাম ধান উৎপাদন করে থাকে।

❍ ধানের ব্যবহার :

১। বিশ্বের অধিকাংশ মানুষ প্রধান খাদ্য হিসাবে ব্যবহার করে থাকে। এটি প্রোটিন সমৃদ্ধ হয়।
২। ধানের তুষ এবং পলিশ পশুখাদ্য হিসাবে ব্যবহৃত হয়।
৩। ধানের খড় পশুখাদ্য এবং কাগজ উৎপাদনে ব্যবহৃত হয়।
৪। ভাতের মাড় হিসাবে ধান ইউরোপে বহুল পরিমাণে ব্যবহৃত হয়।
৫। ধান থেকে প্রাপ্ত আটা মিস্টান্ন, আইসক্রিম, পুডিং এবং পেস্ট্রিস প্রস্তুতিতে ব্যবহৃত হয়।
৬। ভাতের মাড় ধোপাখানা, বস্ত্র সামগ্রী শিল্পে, ডেক্সট্রিন, গ্লুকোজ এবং আঠালো পদার্থ প্রস্তুতিতে ব্যবহৃত হয়।
৭। ধান রক্তে চিনির পরিমাণ এবং রক্তচাপ নিয়ন্ত্রণ করে।
৮। ধান বিভিন্ন ভিটামিন এবং খনিজ পদার্থের গুরুত্বপূর্ণ উৎস। ধানে নিয়ামিন, ভিটামিন D, ক্যালশিয়াম, ফাইবার, লোহা, থিয়ামিন এবং রাইবোফ্লোবিন থাকে।
৯। বিভিন্ন অ্যালকোহলজাত তরল প্রস্তুতিতে ধান ব্যবহৃত হয়।
১০। ব্রাউন রাইস শরীরে ক্যানসার প্রতিরোধক ক্ষমতা গড়ে তুলতে সহায়তা করে।

ভুট্টা

শস্যজাতীয় খাদ্যের মধ্যে ভুট্টা অন্যতম। ইহার বিজ্ঞানসম্মত নাম Zea mays.

❍ ভুট্টার বৈশিষ্ট্য :

১। ভুট্টা একটি ঘাস জাতীয় উদ্ভিদ এবং এটির উচ্চতা ৩-১৫ ফুট হয়।
২। যুগ্ম কান্ড কঠিন হয় এবং ভুট্টা দানায় শর্করার পরিমাণ অনেক বেশি থাকে।
৩। ভুট্টা ঘাসের পাতাগুলি বৃহৎ এবং সংকীর্ণ হয়।
৪। ভুট্টা গাছে বিস্তৃত তন্তুযুক্ত মূল ব্যবস্থাপনা লক্ষ করা যায়।
৫। ভুট্টা দানায় ৬% তুষ, ৮-১৪% প্রোটিন বা অ্যালুরোন স্তর, ৭০% অন্তত্বক এবং ১১% অঙ্কুর লক্ষ করা যায়।

Haphephobia - Fear of touch

○ ভুট্টার ব্যবহার:

১। ভুট্টাদানা শস্যজাতীয় খাদ্য হিসাবে গ্রহণ করা হয়।
২। ডেন্ট ভুট্টাদানা পশুখাদ্য হিসাবে ব্যবহৃত হয়।
৩। মোম জাতীয় ভুট্টাদানায় ভালো পরিমাণ কার্বোহাইড্রেট পাওয়া যায়।
৪। অ্যালকোহলজাত পানীয় প্রস্তুতিতে এবং কাগজ উৎপাদনে ভুট্টাদানার তুষ ব্যবহৃত হয়।
৫। হজমজনিত সমস্যা দুরীকরণে ভুট্টাদানা খুবই গুরুত্বপূর্ণ কারণ এই শস্যে ভালো পরিমাণ কার্বোহাইড্রেট, ফ্যাট এবং প্রোটিন থাকে।
৬। ভুট্টাদানার ভিতরের তুষ সিগারেট, পেপার, জ্বালানীজাত দ্রব্য, চারকোল উৎপাদনে ব্যবহৃত হয়।
৭। ইহা সিন্থেটিক রাবার, নাইলন প্রস্তুতিতে ব্যবহৃত হয়।

ওটস

ওটস হল একধরনের স্বাস্থ্যকর শস্য যা মূলত নাতিশীতোষ্ণ অঞ্চলে পাওয়া যায়। ইহার বিজ্ঞানসম্মত নাম *'Avena sative'*। ওটসে প্রচুর পরিমাণে লিপিড থাকে এবং ইহা গ্লোবিউলন ও শিম্বজাতীয় প্রোটিন সমৃদ্ধ হয়।

○ ওটসের ব্যবহার:

১। ওটস পুডিং জাতীয় খাদ্য হিসাবে বহুল পরিমাণে ব্যবহৃত হয়।
২। বেকারি শিল্পে ওটস ব্যবহৃত হয়।
৩। ওটস খাদ্য হিসাবে গ্রহণকালে শরীরে কোলেস্টেরলের পরিমাণ হ্রাস পায়।

সবজি

অন্যান্য জীবকুলকে উদ্ভিদ মূল, কাণ্ড, পাতা এবং ফল হিসাবে যে খাদ্য বিতরণ করে থাকে, তাকে সবজি বলা হয়। সবজি জাতীয় খাদ্য আমরা কাঁচা এবং রান্না করা দুই উপায়েই গ্রহণ করতে পারি। সবজি জাতীয় খাদ্যে ৭০-৯৫% জল থাকে এবং ইহা আমাদের কার্বোহাইড্রেট প্রদান করে থাকে। সবজি মূলত তিন ধরনের হয় যথা– শাকজাতীয়, ফলজাতীয় এবং মৃত্তিকাজাতীয়।

শাকজাতীয় সবজি: বাঁধাকপি, পালং শাক, লেটুস, কপি পাতা, ব্রকলি, ফুলকপি প্রভৃতি।

ফলজাতীয় সবজি: বেগুন, এঁচোর, কুমড়ো, টমেটো, শসা প্রভৃতি।

মৃত্তিকাজাতীয়: আলু, বিট, গাজর, মুলো, রসুন, পিঁয়াজ, ওল, শাঁকআলু প্রভৃতি।

: ড্রাগ উৎপাদনকারী কয়েকটি উদ্ভিদ :

যে সমস্ত উদ্ভিদ রোগের চিকিৎসার জন্য ব্যবহৃত হয় তাকে ড্রাগ উৎপাদনকারী উদ্ভিদ বলা হয়। চিকিৎসা বিজ্ঞানের যে শাখায় ড্রাগ উৎপাদনকারী উদ্ভিদ উৎপাদনকারী উদ্ভিদ নিয়ে আলোচনা হয় তা ফার্মাকগনেসি নামে পরিচিত। বিশ্বের বেশিরভাগ বন্য উদ্ভিদ বিশেষত ক্রান্তীয় অঞ্চলের উদ্ভিদগুলি ড্রাগ উৎপাদনের জন্য ব্যবহৃত হয়।

○ উদ্ভিদ থেকে প্রাপ্ত কয়েকটি ড্রাগ:

১। **অ্যাকোনাইট:** এটি Aconitum napellus নামক উদ্ভিদের টিউবার জাতীয় মূল থেকে পাওয়া যায়। মূলত নাতিশীতোষ্ণ অঞ্চলে এই উদ্ভিদ পাওয়া যায় যা ড্রাগ উৎপাদনকারী এবং শোভাময় উভয় উদ্ভিদ হিসাবেই ব্যবহৃত হয়। এটি একটি ক্ষারকীয় ড্রাগ যা স্নায়ুতন্ত্র জনিত রোগ এবং আর্থ্রারাইটিস জাতীয় রোগে ব্যবহৃত হয়। তাছাড়া জ্বর এবং ব্যাথা প্রশমন করতেও ব্যবহৃত হয়।
২। **কোলচিকাম:** মিডো জাফরান বা Calchicum autumnale নামক উদ্ভিদের শুষ্ক করমস থেকে এই ড্রাগ পাওয়া যায়। আর্থারাইটিস এবং বাতজাতীয় সমস্যায় এই ড্রাগ ব্যবহৃত হয়।
৩। **জেনসিয়ান:** বহুবর্ষজীবী উদ্ভিদের তিক্তমূল থেকে এই ড্রাগ পাওয়া যায় যা কমলা-হলুদ রঙের ফুলযুক্ত হয়। ইহা স্বল্প পরিমাণের গ্লুকোসাইড বহন করে যা আয়রন সল্টের সঙ্গে ব্যবহৃত হয় টনিক প্রস্তুত করার জন্য।
৪। **জিনসেং:** এই ড্রাগ মূলত চীনে পাওয়া যায়। ইহা উত্তেজক এবং পেট ব্যাথার ওষুধ হিসাবে ব্যবহৃত হয়।
৫। **জলাপ:** Exogonium purya নামক উদ্ভিদ থেকে এই ড্রাগ পাওয়া যায় যা রেচক ওষুধ হিসাবে ব্যবহৃত হয়।
৬। **কুইনাইন:** ইহা সিঙ্কোনা গাছের ছাল থেকে পাওয়া যায়। এটি একধরনের ক্ষারকীয় পদার্থ যা জ্বর কমাতে এবং ম্যালেরিয়ার ওষুধ হিসাবে ব্যবহৃত হয়।
৭। **রেসারপিন:** ইহা সর্পগন্ধা বা Raulfia Serpentina উদ্ভিদের মূল এবং ছাল থেকে পাওয়া যায় যা উচ্চরক্তচাপ হ্রাস করতে ব্যবহৃত হয়।
৮। **অফিয়াম:** ইহা পোস্ত গাছের শুষ্ক তরুক্ষীর থেকে পাওয়া যায়। ইহাতে ১২% মরফিন থাকে যা বৈধ ওষুধ বানাতে ব্যবহৃত হয়।

ড্রাগ কেবলমাত্র চিকিৎসাজনিত কাজে ব্যবহৃত হয় না, কিন্তু কিছু কিছু ড্রাগ আছে যা অবৈধ কাজে মূলত মাদক এবং স্বস্তিদায়ক হিসাবে ব্যবহৃত হয়।

: কয়েকটি মাদক ড্রাগ :

১। **গাঁজা:** ক্যানাবিন নামক উদ্ভিদের পাতা, ফুল প্রভৃতি থেকে এই ড্রাগ পাওয়া যায় যা মানুষের মস্তিষ্কের ওপর প্রভাব ফেলে।
২। **হ্যালুসিনোজন:** Atropa belladona এবং ধুতরা উদ্ভিদ থেকে এই ড্রাগ পাওয়া যায়। মস্তিষ্কের সেরিব্রামের ওপর এই ড্রাগ প্রভাব ফেলে তাই ইহা সিডেলিক ড্রাগ নামে পরিচিত।
৩। **তামাক:** তামাক ধূমপানের জন্য ব্যবহৃত হয়। ইহাতে নিকোটিন থাকে। ইহা অ্যাড্রিনালিন গ্রন্থিকে উদ্দীপ্ত করে তোলে, অ্যাডিনালিনের পরিমাণ বাড়ায়। এছাড়া রক্তচাপ এবং হৃদস্পন্দন বৃদ্ধি করে। অতিরিক্ত ধূমপান স্বাস্থ্য এবং পরিবেশের জন্য ক্ষতিকারক। অতিরিক্ত ধূমপান করলে ফুসফুসের ক্ষতি হয় এবং ক্যানসার আক্রান্ত হয় ফুসফুস।
৪। **কোকেন:** ইহা মূলত দক্ষিণ আমেরিকায় পাওয়া যায় Erythronylon Cocoa নামক উদ্ভিদ থেকে। ইহা

